সচিত্র বড় ছায়েতনামা

জকিনামা, ফালনামা, রাশিনামা, তালেনামা,

মুন্সী আবদুল ওহাব সাহেব-প্রণীত
মুন্সী রিয়াজুদ্দীন খান সাহেব

প্রকাশক
মোহাম্মদ নুরুল ইসলাম
"ওসমানিয়া বুক ডিপো"
বাবুবাজার, ঢাকা।

মুল্য—১৷৷৹ আনা

সচিত্র বড় ছায়েতনামা

তছবির ওয়ালা

---

* হাম্‌দ নায়াত *

রহিম রহমান আল্লা, পাকজাত বারিতালা, হাম্‌দ ছেফত লায়েক তাঁহার ॥ আছমান জমিন আদি, জঙ্গল পাহাড় নদী, আফতাব মাহতাব তারা আর * আদম ও এন[illegible]ন পরী, ফেরেস্তা ও হুর নুরী, পয়দা করে আপনা কুদরতে ॥ বেহদ তারিফ তাঁর, লেখে হেন সাধ্য কার, হাম্‌দ ছেফত কে পারে লিখিতে * আপনার নিজ নুরে, সৃজিলেন হবিবেরে, নাম পাক মোহাম্মদ রছুল ॥ খোদার হবিব যিনি, সফিওল উম্মত তিনি, নেক পাক আল্লার মকবুল * যাহার ওছিলা পরে, পার হবে মহাশরে, লক্ষ লক্ষ পাপী গোনাগার ॥ খাছ যে আছহাব তাঁর, ছিল চারি নেককার, লিখি শোন নাম তা সবার * আবুবক্কর ওম্মর, ওছমান তার পর, হজরত আলি তার পরে ॥ এই চারি খাছ ইয়ার, ছিল নবী মোস্তফার, থাকিতেন নবীর হুজুরে * ফাতেমা জোহরা বিবি, কি লিখিব তাঁর খুবি, বেটী তিনি ছিল মোস্তফার ॥ যাঁহার দামন ধরে, পার হবে গোনাগ.রে, বেহেস্তের তিনি যে মোক্তার * বেটা তাঁর ছিল দোন, হাসেন হোসেন জান, শহিদের বাদশা খাছ তারা ॥ মোস্তফার উপরেতে, ভেজি আমি আদবেতে, দরুদ আর ছালাম যে মেরা * গওছ কুতুব চার, আবদাল আওলিয়া আর, তা সবারে দরুদ ছালাম ॥ হীন আবদুল ওহাব বলে, নবীজির পদতলে, দোওয়া দিবে যত খাছ আম *

* আওরতের হামেল হইলে লাড়কা দশ মাস মায়ের পেটে কি কি হালে থাকে তাহার বয়ান *

পয়ার * যেরূপে মায়ের পেটে লাড়কা জন্ম লয়॥ খোলাছা বয়ান তার শোনাই সবায় * ঋতুবতি হয় নারী যে দিন হইতে॥ চারিদিন লাল রঙ্গে থাকে সেকমেতে * পঞ্চম দিবসে তার গোছল করিলে॥ কোমল থাকয় জান সাত দিবস কালে * সে সময় স্ত্রী পুরুষ করিলে মিলন॥ শুদ্ধ না হইবে ঋতু শোন দিয়া মন * পঞ্চম দিবসে গর্ভ হইলে সঞ্চার॥ প্রাণের সঙ্গেতে বীর্য্য খিরের আকার * নাভিতে প্রকাশ তখন হয় প্রাণধন॥ রজ বীর্য্য সহিত যে মিলয় পবন * বায়ু অগ্নি এক সঙ্গে মিল হয়ে রয়॥ কুম্ভকারগণ যেন কলসি গড়ায় * ফেনার মতন বীর্য্য ছয় দিনে হয়॥ সাত দিনে সাত মাকাম পয়দা হয় তায় * পঞ্চদশ দিনে হয় সঞ্চার খুনের॥ আটার দিনেতে বিন্দু বরণ রক্তের * এক মাস গত হৈলে মায়ের উদর॥ তার মাঝে জন্ম লয় এক মনোহর * হাড়ে চামে হৃদয় পিঞ্জর খাড়া হয়॥ আমাদের হাল সেই জানিবে সবায় * দুই মাস গত হৈলে মাথা জন্ম হয়॥ লিখিয়াছে কেতাবেতে জানিবে নিশ্চয় * তিন মাসে শরীরেতে পশম জন্মায়॥ মাথায় জন্মায় কেশ শুনহে সবায় * তিন মাস গত পরে চার মাস হইলে॥ কর্ণ আখি উদর পাঞ্জর হয় সেই কালে * পঞ্চম মাসেতে ফুল ফুটে হয় মুখ॥ প্রদীপের মত হয় আখির চমক * পতির সঙ্গে না মিলিবে পঞ্চমাস হৈলে॥ মিলিলে কুষ্ঠের ঘায় মরিবে সে ছেলে * ছয় মাসে ছয় পদ সব অঙ্গ হয়॥ মানুষের আকৃতি হইয়া পেটে মরে রয় * জ্ঞানবান হয় শিশু সপ্তম মাসেতে॥ গমনাগমন করে ঋতুর সহায়েতে * বীর্য্যের জ্বলন শিশু সহিতে না পারে॥ জন্মিয়া আসিতে চায় ভবের মাঝারে * অষ্টম মাসে বাহির হইতে নীচে মুখ চায়॥ এ পাশে ও পাশে হৈলে স্থির চিত্ত নয় * নয় মাসে শিশুর মাথা জোনীর দ্বারে রয়॥ নয় মাসে বা দশ মাসে ভবে জন্ম লয় * প্রভুর মহিমা বল কে পারে বুঝিতে॥ এক ভাঙ্গে আর গড়ে আপনা হেকমতে *

* পয়দাসের দোষে বেটা বেটী বদকার হয় তাহার বয়ান *

পয়ার * এক মার পেটে আর এক বাপ হৈতে॥ কেহ ভাল কেহ বুরা কি ভেদ ইহাতে * কেহ পয়গম্বর ওলি কেহ চোর হয়॥ কেহ লোচ্চা বদকার কি ভেদ ইহায় * বেটী হইলে সতী কন্যা হয় কোনজন॥ কেহবা ছেনাল হয় কিসের কারণ * এক মার পেটে জন্ম হইল সবায়॥ কেহ ভালা কেহ বুরা ভেদ কি ইহায় * তাহার মাজেরা এই শোন সর্ব্বজন॥ নজ্জুমেরা লিখিয়াছে কেতাবে যেমন * পহেলা প্রহর রাতে বাদের আমল॥ সেই ওক্তে জন্ম নিলে হইবে চণ্ডাল * কেহ চোর বদকার কেহবা ছেনাল॥ গুণ্ডা বজ্জাত হয় বদির খেয়াল * দু-প্রহর রাতেতে আমল আতসের॥ সে সময় জন্ম নিলে হইবে মনকের * সে সময় জন্ম নিলে বেটা কিম্বা বেটী॥ ঝুটা দাগাবাজ হবে না হইবে খাটী * তৃতীয় প্রহরে যেবা জনম লইবে॥ একিন জানিবে সেই নেকবক্ত হবে * এবাদত বন্দেগী সেই করিবে আল্লার॥ বদকাম হইতে দেল ফিরে যাবে তার * চতুর্থ প্রহরে জান নুরের সে ওক্ত॥ সে প্রহরে জন্মিলে লাড়কা হবে নেকবক্ত * ওলির খাছলত লাড়কা দুনিয়াতে হবে॥ মা বাপের খেদমত সেহ হামেসা করিবে * হীন আবদুল ওহাব বলে সবাকার পায়॥ আর এক ফায়দার কথা শুনাই সবায় * হায়াতের বেশী কম হয় কি কারণে॥ তাহার বয়ান লিখি শোন সর্ব্বজনে *

* পয়দাসের ছববে লাড়কা লাড়কির হায়াত কম বেশী হইবার বয়ান *

পয়ার * হায়াতের বিবরণ শোন সর্ব্বজনে॥ জন্মিয়া যে কম আয়ু পায় যে কারণে * প্রথম প্রহর রাতে যে জন মিলিবে॥ তাহাতে জন্মিলে শিশু কম আয়ু পাইবে * দ্বিতীয় প্রহরে দোহে মিলন করিলে॥ চল্লিশ বৎসর বয়েস পাবে সেই ছেলে * তৃতীয় প্রহরে যে জন মিলন করিবে॥ আশী বৎসরের আয়ু ছেলে তার পাবে * মিলন করিবে যেবা চতুর্থ প্রহরে॥ শও সালের হায়াত পাবে তার

শিশুবরে * চন্দ্র যবে প্রথমে উঠে আছমানেতে॥ সেই রাতে মিলে যেবা রমণীর সাথে * বিশাশও বৎসর আয়ু শিশু তার পাবে॥ লিখিয়াছে এই মত নজ্জুম কেতাবে * চন্দ্রের দ্বিতীয়ায় জন্ম হইবে যাহার॥ এক শও ষোল সাল হায়াত তাহার * চন্দ্রের তৃতীয়ায় যেবা জন্ম লেয়॥ একশও দশ সাল হায়াত সে পায় * চন্দ্রের চতুর্থে জন্ম হইবে যাহার॥ একশও ছয় সাল হায়াত তাহার * পঞ্চমিতে যেই শিশু জনম লইবে॥ একশও দুই সাল হায়াত পাইবে * ছটওা তারিখে জন্ম হইবে যাহার॥ বাঁচিবে সে শও সাল দুনিয়া মাঝার * সপ্তমিতে জন্ম নিলে নব্বই বৎসর॥ অষ্টমিতে জন্ম নিলে অষ্টাশী বৎসর * নবমিতে বিরাশী সাল দশমি আটাত্তর॥ একাদশে চুয়াত্তর কেতাবে খবর * বারতে আটষট্যি আর তেরতে ছেষট্যি॥ চৌদ্দতে ষাট সাল লেখে পরিপাটি * পনরতে জন্ম নিলে মায়ের উদরে॥ বাঁচিবে পঞ্চাশ সাল দুনিয়ার পরে * ষোলতে সাতচল্লিশ সতরতে বেয়াল্লিশ॥ আঠারতে উনচল্লিশ উনিশে পঁয়তাল্লিশ * বিশেতে একত্রিশ সাল হায়াত পাইবে॥ একুশে সাতাইশ সাল লিখিল কেতাবে * বাইশে চব্বিশ সাল শোন দিয়া মন॥ তেইশায় বিশ সাল অদৃষ্টে লিখন * চব্বিশায় ষোল সাল হায়াত পাইবে॥ পঁচিশায় বার সাল বাঁচিয়া থাকিবে * ছাব্বিশেতে আট সাল সাতাশেতে চার॥ আটাশেতে দুই সাল হায়াত লাড়কার * উনত্রিশে এক সাল হায়াত পাইবে॥ ত্রিশওা তারিখে জান গর্ভে নাশ হবে * কোন দিনে পয়দা হইলে কি তাছির হয়॥ তাহার বয়ান লিখি শুনহে সবায় *

* লাড়কা কোন দিনে পয়দা হইলে কি তাছির হয় তাহার বয়ান *

পয়ার * বেটা যদি পয়দা হয় রবিবার রাতে॥ বড় নেকবক্ত লাড়কা হবে দুনিয়াতে * বড় নেককার লাড়কা হবে তওয়াঙ্গার॥ নজ্জুমি কেতাবে লেখে এমনি খবর * কিন্তু এক রাত দিন বিমারে রহিবে॥ হায়াত থাকিলে বাকি বাঁচিয়া রহিবে * সোমবারের রাতে লাড়কা তাওয়াল্লদ হৈলে॥ আলেম ও দানা হবে জানিবে সকলে *

সোমবার দিনে লাড়কা পয়দা হয় যার ॥ দুই দিনের মধ্যে কিছু ডর আছে তার * মঙ্গলবারের রাতে হৈলে হবে নেককার ॥ মঙ্গল বার দিনে হৈলে হইবে বদকার * বিমারিতে দশ দিনে কেটে যদি যায় ॥ ফাড়া তার দুর হবে জানিবে নিশ্চয় * বুধবারের রাতে কিম্বা দিনে পয়দা হয় ॥ দারাজ হায়াত নেক হবে দুনিয়ায় * লক্ষি বারের রাতে কিম্বা দিনে পয়দা হৈলে ॥ বড় নেক তওয়াঙ্গর হইবে সে ছেলে * শুক্রবারের রাতে কিম্বা দিনে পয়দা হয় ॥ হাফেজ ও নেককার হবে দুনিয়ায় * শনিবারের রাতে লাড়কা পয়দা যার হয় ॥ বদকার দাগাবাজ হবে দুনিয়ায় * শনিবারের দিনে লাড়কা তাওয়াল্লাদ হৈলে ॥ দারাজ হায়াত পাবে কেতাবেতে বলে * এলেমে হেকমতে লাড়কা চালাক হইবে ॥ বার দিন মধ্যে ফাড়া লিখিল কেতাবে * বার দিন কেটে গেলে ডর নাহি আর ॥ বারদিন মধ্যে এক ফাড়া আছে তার * ইহাতে তাছির উলটা হয় যে কারণে ॥ তাহার মাজেরা এই শোন সর্ব্বজনে * ছেতারার ছায়েত তাহা উল্টা হয়ে যায় ॥ নেকে বদ, বদে নেক তাছির দেখায় * যে ওক্তে মায়ের পেটে জনম যে লয় ॥ ছেতারার ছায়েতে সবে নেক বদ হয় * নেক ছেতারার ওক্তে জনম লইলে ॥ নেককার হয় লাড়কা জানিবে সকলে * মনহুস ছেতারার ওক্তে জনম লইলে ॥ জালেম ও বদকার হয় সেই ছেলে * নজ্জুমি কেতাবে লেখে এই সমাচার ॥ কহে হীন আবদুল ওহাব কেতাব ওতার *

* বেটা বেটী মা বাপের ছুরতে কিরূপে পয়দা হয় তাহার বিবরণ *

পয়ার * মা বাপের ছুরতে লাড়কা যে কারণে হয় ॥ খোলাসা বয়ান তার শোনাই সবায় * মায়ের মণি পহেলায় বাচ্চাদানে গেলে ॥ মায়ের মত রূপ রঙ্গ হইবে সে ছেলে * ইহাতে বাপের মণি আগে যদি যায় ॥ বাপের রূপ বেটা বেটী হইবে নিশ্চয় * বেটা আর বেটি হয় কোন ছববেতে ॥ তাহার বয়ান কিছু লিখি এখানেতে * চাঁদ সূর্য্য দুই তাহা আছমানে জাহের ॥ কার আমলে বেটা বেটি শোন

সে জেকের * সূর্য্যের আমলে যদি গর্ভবতী হয়॥ বেটা ছেলে হবে তার কেতাবেতে কয় * চান্দের ছায়েতে যদি গর্ভ থাকে তার॥ বেটি লাড়কি পয়দা হবে পেটেতে তাহার * আর এক মাজেরা লিখি শোন সমাচার॥ দু-নাকে নিশ্বাস চলে বান্দা সবাকার * যে নিশ্বাস চলে জান ডাহিনের নাকে॥ সূর্য্য তাহার নাম কেতাবেতে লেখে * বাম নাকে যে নিশ্বাস হরদম চলে॥ চন্দ্র তাহার নাম জানিবে সকলে * ডাহিনের নাকে নিশ্বাস যেই অক্তে চলে॥ সে ওক্তে মিলনে নারী গর্ভবতী হইলে * বেটা লাড়কা পয়দা হবে তাহার পেটেতে॥ বামের নিশ্বাস ফের চলে যেই ওক্তে * সে ওক্তে মিলনে যদি গর্ভবতী হয়॥ মেয়েছেলে পয়দা হবে কেতাবেতে কয় * জরু ও খছমে দিন শোমার করিবে॥ খোদার ফজলে নেক ফরজন্দ পাইবে * দুই দম এক বরাবর যদি রয়॥ সে ওক্তে মিলনে যদি পেটে লাড়কা রয় * জমক হইবে লাড়কা ঘরেতে তাহার॥ এই বাতে সকলেতে রহিবে হুসিয়ার * ডাহিন নাকেতে দম যে ওক্তে চলিবে॥ যে কাম করিবে শুরু ফতে হৈয়া যাবে * বামের নাকেতে যখন চলিবে নিশ্বাস॥ যে কাম করিবে তাহা হইবে নৈরাশ * যে কাম করিবে তাহে ভালাই না পাবে॥ হীন আবদুল ওহাব বলে দেখিয়া কেতাবে *

পয়ার * খোলাছা কালাম কিছু লিখি এখানেতে॥ গায়েব জানিতে নাই বলে সকলেতে * গায়েবের হাল জানে পাক পরওয়ার॥ বয়ান করিয়া লিখি খোলাছা তাহার * চৌদা এলেম পয়দা করে পরওয়ার॥ নজ্জুমি এলেম এক মধ্যেতে তাহার * চরখিয়াতে গায়েবের ভেদ যায় জানা॥ বান্দার ফায়দার জন্য ভেজিল রব্বানা * চরখিয়াত এলেম বারি যদি না ভেজিত॥ সওদাগরী কারবার কিছু না চলিত * জাহাজ পানির পরে নারিত চলিতে॥ জাহাজ পড়িত মারা হাওয়া তুফানেতে * নজ্জুমিতে গায়েবের ভেদ জানা যায়॥ এহছানি মানিয়া কর শোকর আদায় * ফখর না কর কেহ এলেম শিখিয়া॥ বেইমান হয়ে যাবে শোন মন দিয়া * ভাল মন্দ যত কিছু হয় দুনিয়াতে॥ ছেতারার গরদেশ হয় লেখে কেতাবেতে * নেক ছেতারার আমল যেই ওক্তে হবে॥ যে কাম

করিবে তায় ফায়দা পাইবে * বদ ছেতারার আমল হয় যেই ওক্তে॥ যে কাম করিবে তায় না পাইবে ফতে * নেক ছেতারার আমল যেই ওক্তে হয়॥ খোলাসা করিয়া আমি লিখে দিনু তায় * বদ ছেতারার আমল যেই ওক্তে হবে॥ খবরদার কোন কাম শুরু না করিবে * জকির ছায়েত এক লিখিল কেতাবে॥ তার আমলে সব কাম মোবারক হবে * মোহাম্মদ মোস্তফা নবী পাক পরওয়ার॥ জকিনামা তওফা ভেজে কারণে বান্দার * একারণে জকিনামা ভেজিল কাদির॥ যাহাতে ফায়দা পায় উম্মত নবীর * বার রাশির ভেদাভেদ লিখিনু তামাম॥ বার বোরজ বলে যাকে জান খাছ আম* কোন কোন রাশি হয় কোন হরফেতে॥ খোলাছা করিয়া তাহা লিখিনু ইহাতে * কোন কোন রাশির হয় খাছিয়েত কেমন॥ কেমন মেজাজ তার কেমন চলন * আর কত দিন বেঁচে রবে দুনিয়াতে॥ আর কয় ফাড়া আছে তার উম্মরেতে * খোলাসা করিয়া সব লিখিনু কেতাবে॥ পড়িলে সে সব হাল জানিতে পারিবে * টিকটিকির আওয়াজ আর বাঙ্গ মোরগের॥ কাক চরিত্রের হাল করিনু জাহের * দুলা ও দুলহিনে কেয়ছা হইবে মিলন॥ একে একে লিখে দিনু কেতাবে যেমন * আর আর কত কথা লিখিনু কেতাবে॥ পড়িলে সে সব হাল জানিতে পারিবে * যে যে বারেতে উঠে চান্দ মহরমের॥ কিবা খাছিয়েত তার করিনু জাহের * আর নয়া চান্দ দেখে যাহা দেখা চাই॥ খোলাছা লিখিয়া দিনু পড়ে দেখ ভাই *

* পহেলা নুতন চান্দ উঠিলে ঐ চান্দ দেখিয়া যে যে কাম করা ছওয়াব হয় ও কোন চান্দে ঘর বান্ধিলে সাজগারি হইবে ও কোন চান্দে সাদী মোবারক হয় তাহার বয়ান *

পয়ার * শুনহে দানেশমন্দ খেয়াল করিয়া॥ চান্দের আহওয়াল লিখি শোন মন দিয়া * যে দিন পহেলা উঠে চান্দ মহরমের॥ চান্দ দেখে সোণা দেখা কাম ছওয়াবের * মহরমের চান্দে ঘর করিলে তৈয়ারী॥ সেই ঘর ভারি খুব হবে সাজগারি * সে ঘরে আফত

বালা নাজেল না হবে॥ খুসি খোসালিতে সুখে গোজরান করিবে * এ চন্দ্রে করিলে সাদী মোবারক হবে॥ এ চন্দ্রে দু-রোজা রাখা ছওাব জানিবে * কতলের দিন আর দিন আখেরের॥ নওই দশই রোজা বহুতি বেহ্তের * দোছরা ছফরের চন্দ্র উঠে যেই দিন॥ চন্দ্র দেখে আয়না দেখে লইবে মমিন*এ চান্দে বান্ধিলে ঘর ফায়দা না পাইবে॥ বুরা ছায়েতের দোষে জ্বলিয়া যাইবে * মোবারক না হবে সাদী এ চান্দে করিলে॥ মিঞা বিবি মিলন নাহি হবে কোন কালে * শেষ চাঁদে বুধবার গোছল করিবে॥ ছুরায়ে কাওছার পড়ে পানিতে ফুকিবে * সেই পড়া পানি পিলে গোনা মাফ হয়॥ একিন জানিবে ইহা কেতাবেতে কয় * রবিওল আউওল চান্দ উঠে যেই দিন॥ চাঁদ দেখে আবেরাঙা দেখিবে মোমিন * এ চান্দে বান্ধিলে ঘর সাজগারী হয়॥ সাদী যে করিবে সুখে থাকিবে সদায় * বারই তারিখে রোজা যাহারা রাখিবে॥ মোস্তফা ওফাত পাইল লিখিল কেতাবে * রবিওচ্ছানি চান্দ যে দিন উঠিবে॥ পহেলা দেখিয়া চান্দ বক্রি দেখিবে * এ চান্দে বান্ধিলে ঘর খুবি না পাইবে॥ সাদী হৈলে বিবি তার ঘর না করিবে * রাখিবে সকলে রোজা সতরই তারিখে॥ পয়দা হৈলেন রসুলল্লা কেতাবেতে লেখে * জমাদিওল আওল চান্দ উঠিবে যে দিন॥ চান্দ দেখে রূপা থোড়া দেখিবে মোমিন * সে চান্দে বান্ধিলে ঘর সাজগারী হবে॥ এ চান্দে করিলে সাদী ওফাই না পাবে * বরকত না হইবেক ঘরেতে তাহার॥ হামেসা দুক্ষেতে সেহ রহিবে লাচার * জমাদিওচ্ছানি চান্দ যে দিন উঠিবে॥ চান্দ দেখে আপনার বোজরগে দেখিবে * খেদমত করিবে সদা পীর মুরশিদের॥ এ চান্দে বান্ধিলে ঘর না হবে বেহ্তের * এ চান্দেতে সাদী কাম কেতাবেতে মানা॥ বিবি তার বেওয়া হবে শোন সর্ব্বজনা * রজবের চান্দ ভাই উঠিবে যে দিন॥ চাঁদ দেখে কালামোল্লা দেখিবে মোমিন * এ চাঁদে বান্ধিলে ঘর মোবারক হবে॥ দিনে দিনে ঘর তার আছবাব বাড়িবে * এ চাঁদে করিলে সাদী হয় মোবারক॥ সতরই তারিখে রোজা রাখিবে বেসক * ঐ দিন মোহাম্মদ রছুল আল্লার॥ উতরে ছৈয়েদী জামা জানিবে খবর * চাঁদের সাতাইশ তারিখ বিচেতে॥ এক রোজা রাখা

চাই শোন সকলেতে * কেননা সে রাতে আপে মোহাম্মাদ রছুল॥ মেয়ারাজে গিয়াছিলেন আল্লার মকবুল * সাবানের চাঁদ যবে হইবে উদয়॥ ফলের গাছের পাতা দেখিবে সবায় * এ চাঁদে বান্ধিলে ঘর হবে মোবারক॥ সাদী কামে খুবি নাহি পাইবে বেসক * এ চাঁদের পোনরই তারিখ হইলে॥ নফল নানাজ পড়া চাহি যে সকলে * পহেলা উঠিবে যবে চাঁদ রমজানের॥ চাঁদ দেখে সেই ঘড়ি দেখিবে সমসের * এ চাঁদে বান্ধিলে ঘর না হইবে খুবি॥ বিবাহ করিলে সেই পাবে নেক বিবি * নেকবক্ত লাড়কা ঘরে পয়দা হবে তার॥ রোজার আহওয়াল কিছু শোন দিনদার * রমজানের ত্রিশ রোজা ফরজ জানিবে॥ নফলের ছয় রোজা পরেতে রাখিবে * সওয়ালের চাঁদ যবে উঠিবে আছমানে॥ সবুজ কাপড় এক দেখিবে নয়নে * এ চাঁদে বান্ধিলে ঘর সাজগারি হবে॥ সাদি যে করিবে সুখে আরামে রহিবে * জেলকদের চাঁদ যবে হইবে উদয়॥ চাঁদ দেখে দেখা চাই তেফেল লাড়কায় * এ চাঁদে বান্ধিলে ঘর পড়িবে দুক্ষেতে॥ সাদী করিলে খুবি না পাইবে তাতে * পাঁচিশেতে রাখা চাই রোজা নফলের॥ যে দিনে বুনিয়াদ হৈল কাবা শরিফের * জেলহজ্জের চাঁদ ভাই উঠিবে যে দিন॥ চাঁদ দেখে বেটী লাড়কি দেখিবে মোমিন * এ চাঁদে বান্ধিবে ঘর হবে বড় খুবি॥ সাদী যে করিবে সেই পাবে নেক বিবি * এ চাঁদের আটাসে রোজা নফল রাখিবে॥ দুই রোজা রাখিলে নেকী বহুত পাইবে * যে বারে পহেলা রোজা চাঁদ মহরমের॥ তার খাছিয়েত লিখি খোলাসা জেকের *

* রবিবারে মহরমের চাঁদ উঠিলে তাহার খাছিয়েতের বয়ান *

পয়ার * রবিবারে উঠে যদি চাঁদ মহরমের॥ কহি শুন একে একে তাহার জেকের * পানি বরষিবে খুব হর এক দেশেতে॥ পশ্চিম ও দক্ষিণে হাওয়া বহিবে জোরেতে * বিজলি কড়কিবে

আর শীল বরষিবে॥ হাঙ্গর কুম্ভির আদি বহুত জন্মিবে * কত রঙ্গ নয়া চিজ সে সালে উড়িবে। চাঁদ আর সুরুজেতে গ্রহণ লাগিবে * ধান খুব পয়দা হবে আল্লার ফজলে॥ দাল মটর খুব পয়দা হবে সেই সালে * মেওয়া জাত পয়দা খুব হবে সে বৎসরে॥ সিরিনী হইবে খুব মিছরি বরাবরে * গরু দুম্বা ভয়েস আর ভেরি বক্‌রি যত॥ হরেক দেশেতে পয়দা হবে কত শত * যত চিজে বরকত সে বৎসরে হবে॥ বেপারী ও সওদাগরে লাভ খুব পাবে * লাড়কা হৈলে দুধ কম পাবে সে বৎসরে॥ সে সালে মড়ক বড় হবে ঘরে ঘরে * অনাটন দেশে দেশে হবে সে বৎসরে॥ রোজগার বিহনে লোক রবে বেকারারে * খরচ জেয়াদা হবে থোড়াই রোজগার॥ আবদুল ওহাব বলে ভরসা আল্লার *

* সোমবারে মহরমের চাঁদ উঠিলে তাহার
খাছিয়েতের বয়ান *

পয়ার * সোমবারে উঠে যদি চান্দ মহরমের॥ অসময়ে পানি হবে কেতাবে জেকের * সে সনে চান্দেতে বড় গ্রহণ লাগিবে॥ খাইবার চিজে লোক মজা না পাইবে * কোন কোন দেশে এয়ছা বরষিবে পানি॥ ক্ষেতি খোলা ভেষে যাবে হবে বড় পানি * আনাজ পশ্চিম দিকে গেরানি বিকিবে॥ আর আর দেশে খুব সস্তা যে হইবে * মধ্যেম ফসল পয়দা হবে সেই সালে॥ কোন কোন দেশে থোড়া জানিবে সকলে * গম ও জব মাঙ্গা বিকিবে ধান চাল॥ মটর কলাই সস্তা হবে সব দাল * মেওয়া জাত কম হবে জান সে বৎসর॥ মেওয়া জাত মিঠা হবে মধু হবে জোর * বেশুমার তিল তিসি পয়দা হবে ভাই॥ বাদসায় বাদসায় জঙ্গ হইবে বড়ই * রায়েত সকলে বড় দুক্ষ উঠাবে॥ গেরানির কারণেতে লাচার হইবে * পরেন্দা জানোয়ার পয়দা হবে বেশুমার॥ বাপ ও বেটার ভারি হইবে তকরার * পাহাড় জঙ্গলে পানি জেয়াদা বর্ষিবে॥ ছোট ছোট ছেলেদের মড়ক হইবে * দরিয়ার পানি এয়ছা উঠিবে বাড়িয়া॥ বানের জোরে কত দেশ দিবে ভাসাইয়া *

তরকারি জেয়াদা নাহি হবে সে বরছে॥ চারি পায়ার দুধ কম হবে দেশে দেশে * নারী জোরওয়ার হবে মরদ কমজোর * নেকী কম গোনা বেশী হবে সে বচ্ছর * সে সালে আমদানি খুব হইবে লোকের॥ খরচ হইবে কম কেতাবে জেকের *

* মঙ্গলবারে মহরমের চাঁদ উঠিলে তাহার খাছিয়েতের বয়ান *

পয়ার * মঙ্গলবারে উঠে যদি চান্দ মহরমের॥ খাছিয়েত লিখি তার করিয়া জাহের * বে-দরদ হনে লোক মায়া না করিবে॥ বেটা বেটীর তরে কেহ ফিরে না চাহিবে * বাদশায় বাদশায় বড় লড়াই হইবে॥ বান এসে ক্ষেত খোলা ডুবাইয়া দিবে * ধান গম গেরানি বিকিবে সে বচ্ছর॥ দশা না করিবে বাদশা রায়েত উপর * গরু বক্রি মারা কত যাবে সে সালেতে॥ সিরিনি বহুত কম হবে মেওয়া জাতে * গ্রহণ লাগিবে চান্দে হবে ভুমিকম্প॥ মরদ কমজোর হবে নারীদের দম্প * বাড়িবে সাপের বিষ জান সে বৎসর॥ আপোসে ঝগড়া হবে কেতাবে খবর * ধুপ জোরওয়ার হবে তুফান বহিবে॥ আছমান গর্জ্জিবে আর ওলা বরষিবে * মেওয়াজাত না হইবে পশ্চিমে উত্তরে॥ তেল ঘিউ মাঙ্গা বিকিবে সে বৎসরে * সুতা কাপড় সে বৎসরে মাঙ্গা বিকিবে॥ রেশম পশ্চিম দেশে সস্তা খুব হবে * তরকারি জেয়াদা খুব হবে সে বৎসর॥ আমদানি হইবে কম খরচ বিস্তর * নেকী বেশী গোনা কম সে সালে হইবে॥ আবদুল ওহাব বলে দেখিয়া কেতাবে *

* বুধবারে মহরমের চাঁদ উঠিলে তাহার খাছিয়েতের বয়ান *

পয়ার * মহরমের চাঁদ যদি উঠে বুধবারে॥ দেশে দেশে পানি খুব হবে সে বৎসরে * চাষ বাস আবাদানি দেশে দেশে হবে॥ ধান চাল গম আটা সস্তা বিকাইবে * মেহেরবান হবে বাদশা রায়েতের পরে॥ বহুত আরামে সবে রবে ঘরে ঘরে * সে সালেতে জান

এয়ছা পানি বরষাইবে॥ পরেন্দা জানোয়ার তাতে বহুত মরিবে * উত্তরে গেরানি হবে শোন হকিকত॥ মেওয়াজাত থোড়া হবে সিরীনি বহুত * চান্দ আর সুর্য্যেতে গ্রহণ লাগিবে॥ আনাজ বিকিবে সস্তা আমে পোকা হবে * তিল তিসি বেশুমার হবে সে বৎসরে॥ ছফরে পাইবে লাভ যত সওদাগরে * মড়ক হইবে বড় হর এক দেশেতে॥ লাড়কা বালা মারা কত যাবে বিমারিতে * পিত্তির জোরেতে লোক হইবে বিমার॥ ছদকা দিলে ভাল হবে জহমত আজার * চোর ডাকু সে বৎসরে বহুত হইবে॥ দাগা দিয়া কত লোকের মাল লুটে লিবে * শেষেতে পড়িবে ধরা হাকিমের হাতে। কয়েদ খাটিবে হাকিমের এনছাফেতে * যেমন আমদানি তেয়ছা খরচ হইবে॥ নেকী বদি বৎসরের বরাবর হবে * শোন ভাই দীনদার যতেক মোমিন॥ নেকী কর দিবা নিশি বয়ে যায় দিন *

* বৃহস্পতিবারে মহরমের চাঁদ উঠিলে তাহার খাছিয়েতের বয়ান *

পয়ার * মহরমের চান্দ যদি উঠে লক্ষিবারে॥ পানির তুফান বড় হবে সে বৎসরে * দরক্তের মেওয়া কত জমিনে গিরিবে॥ বাঁকি যাহা থাকে গাছে মিঠা খুব হবে * সরিষা ও তিল তিসি রুই কাপাসের॥ বহুত জন্মিবে গাছে কেতাবে জেকের * সওদাগর বেপারীর হবে খুব লাভ॥ পানি বরষিয়া জমি হইবে ছয়লাব * সে বৎসরে লাড়কা মক্তবে যেবা দিবে॥ কিছুদিন পড়ে লাড়কা ফাজেল হইবে * সে বৎসরে লোক সব থাকিবে সুখেতে॥ মোছাফের খুসি হালে রবে আরামেতে * কোন দেশ পানি হবে বহিবে তুফান॥ বান এসে থোড়া ফসল করিবে লোকসান * বাপ বেটা এগানায় হইবে নেফাক॥ ফছাদ সে ঝুট মুট হইবে বেবাক * মশা মাছি জোক ডাস পয়দা ঢের হবে॥ সে বৎসর কড়া জাড় বহুত গিরিবে * এনছান জইফ আর গরু কত শত॥ মারা যাবে সেই সালে শোন হকিকত * হাঙ্গর কুম্ভীর ঢের জন্মিবে দরিয়াতে॥ মধু ঢের সে বচ্ছরে হবে জঙ্গলেতে * চার

পায়া জানোয়ারের দুধ কম হবে ॥ গরম মসলা ঢের জমিনে জন্মিবে * ঘিউ তেল দাল আটা বিকিবে সস্তায় ॥ সুখেতে থাকিবে লোক হরেক কথায় * মড়ক হইবে এয়ছা সাল আখেরিতে ॥ বেশোমার লোক মারা যাইবে তাহাতে * নেকী বদি বরাবর হবে সে বচ্ছরে ॥ নজ্জুমী কেতাবে লেখা আছে এ প্রকারে *

* শুক্রবারে মহরমের চাঁদ উঠিলে তাহার খাছিয়েতের বয়ান *

পয়ার * শুক্রবারে উঠে যদি চান্দ মহরমের ॥ ঝগড়া ফছাদ ঘরে হইবে লোকের * হাছদ লোকের এয়ছা বাড়িয়া যাইবে ॥ জোর করে কেহ কার চিজ কেড়ে লিবে * ফরজন্দ আদব নাহি করিবে বাপের ॥ ঘরে ঘরে ইজ্জত বাড়িবে বেদিনের * দিনদার বেদীনের খাতের করিবে ॥ মালের লালচে কত তাবেদার হবে * সময় মতন নাহি পানি বরষিবে ॥ চাষ বাস না হইবে আকাল পড়িবে * দরিয়ায় সে সালে এয়ছা বান উথলিয়া ॥ বানের জোরে কত ক্ষেত দিবে ডুবাইয়া * ঝড়ি ও তুফান বড় হবে সে বছর ॥ বেপারী না পাবে লাভ আর সওদাগর * গেহু জও পয়দা খুব হবে সে বছরে ॥ দুধ খুব দিবে যত চার পায়া জানোয়ারে * দুধ ঘিউ সে বছর বেশোমার হবে ॥ মাছ ও তরকারী বড় মাঙ্গা বিকিবে * মটর ও তিসি হবে গুড় আর চিনি ॥ সে সালে জেয়াদা খুব হইবে আমদানি * চোর ডাকু মুল্লুকেতে চারিদিকে হবে ॥ মাল লুটে লিয়া লোকে নানা দুঃখ দিবে * মশা মাছি সাপ বিছা বাঘ আদি আর ॥ জঙ্গল পাহাড় পয়দা হবে বেশোমার * সে সালের জাড় খুব জিয়াদা পড়িবে ॥ তুলা কম পয়দা হবে মাঙ্গা বিকিবে * বাদশায় বাদশায় ঝগড়া হবে সে বছরে ॥ বেওয়া নারী বহুত হইবে ঘরে ঘরে * যে কেহ যে চিজ খাবে হজম না হবে ॥ সেকমের আতস যাহা কম হয়ে যাবে * সে সালে বহুত লোক বিমারে মরিবে ॥ চার পায়া জানোয়ার কত জানে মারা যাবে * কাম শক্তি মানুষের বাড়িবে জেয়াদা ॥ সে সনে জেনাতে মস্ত রবে সবে সদা * আমদানি হইবে যেয়ছা খরচ তেমনি ॥ নেকি বদি বরাবর কেতাবের বাণী *

* শনিবারে মহরমের চাঁদ উঠিলে তাহার খাছিয়েতের বয়ান *

পয়ার * শনিবারে উঠে যদি চান্দ মহরমের॥ ঘরে ঘরে হবে লোক আন্দেসা ফেকের * চাল গেহু কম পয়দা হবে সে বছরে॥ বাদশায় বাদশায় জঙ্গ হইবে আখেরে * রায়েতের পরে বাদশা জুলুম করিবে॥ পেরেশান হালে সব ঘরে ঘরে রবে * বাপ বেটায় ভায়ে ভায়ে দুস্মনি হইবে॥ কেহ কার পরে নাহি রহম করিবে * দেশে দেশে কত লোক হবে তকব্বর॥ হামছায়া দুস্মনি করিবে বহুতর * শাক ও তরকারি আদি অনেক হইবে॥ গেহু জও সে সালেতে কম পয়দা হবে * পেরেশান হবে লোকে আনাজের তরে॥ থোড়া লাভ পাইবে বেপারী সওদাগরে * দাম চড়া হইবে সরিষা মটরের॥ দুধ কম হইবে চার পায়া জানোয়ারের * সে সালেতে মেওয়াজাত কম পয়দা হবে॥ মেওয়াতে সিরিনী খুব জেয়াদা হইবে * সে সালেতে দক্ষিণেতে ছফরেতে গেলে॥ লাভ কম পাবে তাহার জানিবে সকলে * জড়ি আর ভুমিকম্প সে বছরে হবে॥ দুইবার মাহতাবেতে গ্রহণ লাগিবে * বিজলি গিরিবে আর বরষিবে পানি॥ শিলা ও তুফানে লোক হবে পেরেশানি * খরচ হইবে বেশী কম হবে আয়॥ গোনা বেশী নেকী কম হবে সে সময় * চান্দের বয়াদ এইতক হৈল সায়॥ জকি নামার হাহ এবে শুনহে সবায় *

জকিনামা ও ফালনামা

পয়ার * তোহফা এক জকিনামা আছে ছায়েতের॥ নবীজি হইতে তাহা হইল জাহের * এক দিন রছুলোল্লা নামাজ বাদেতে॥ বসিয়া ছিলেন মদিনার মসজেদেতে * খোদার হুকুমে আপে হজরত জিব্রিল॥ নবিজীর কাছে আসি হইলেন দাখিল * জিব্রিল কহিলেন নবিজীর হুজুরে॥ ছালাম ভেজিল আল্লা তোমার

উপরে * জকি নামা তোহফা এই দিলেন তোমায়॥ মেহের করিয়া তোমার উম্মত সবায় * তুমিও তোমার উম্মত যত দুনিয়াতে॥ ফায়দা পাইবে সবে জকির ছায়েতে * বুঝিয়া ছায়েতে নেক যে কাম করিবে॥ খোদার ফজলে তার ফায়েদা পাইবে * সব কামে ফতেমন্দি হইবে তাহার॥ ছায়েতের ফায়েদা পাইবে বেশোমার * রাত দিন চারি চারি প্রহর জানিবে॥ নেক ছায়েত বুঝে কাম সকলে করিবে * আউওল ছায়েত জকি বায়েন দুয়েমে॥ ছিওমে বাদের অক্তে এহরাক চাহারমে * আবদুল ওহাব বলে সবার জোনাবে॥ জকি ছায়েতের হাল শোন ভাই সবে *

* জকি ছায়েতের বয়ান *

পয়ার * জকি ছায়েতের অক্তে যে কাম করিবে॥ খোদার ফজলে তাহা ফায়দা পাইবে * জকির আমলে যেবা যায় ছফরেতে॥ বেশোমার মুনাফা পাইবে তেজারতে * জকির আমলে যেবা বিদেশেতে যাবে॥ ছহি ছালামতে ঘরে ফিরিয়া আসিবে * তাওয়াল্লাদ হৈলে লাড়কা জকির ছায়েতে॥ বড় বক্তেয়ার সেই হবে দুনিয়াতে * জকির ছায়েতে যেবা লড়াইতে যায়॥ ফতেমন্দি হবে তার কেতাবেতে কয় * জকির ছায়েতে ক্ষেতে বিছন বুনিলে॥ আনাজ বহুত পাবে খোদার ফজলে * পত্তন করিলে ঘর জকির ছায়েতে॥ হামেসা সুখেতে রবে খুসি খোসালিতে * জকির আমলে বান্দা করিবে যে কাম॥ আল্লার ফজলে সব হইবে আঞ্জাম *

* বায়েন ছায়েতের বয়ান *

বায়েন ছায়েতে বান্দা যে কাম করিবে॥ ভালাই বুরাই তাতে কিছু না হইবে * লাভ ও লোকসান নাই বায়েন ছায়েতে॥ বাদ ছায়েতের হাল শোন এখানেতে *

——০ঃ০——

* বাদ ছায়েতের বয়ান *

বাদ ছায়েতের অক্তে করিবে যে কাম॥ লাভ না পাইবে তায় লোকসানি তামাম * বাদের অক্তেতে লাড়কা তওয়াল্লাদ হৈলে॥ কম নছিব হবে সেই জানিবে সকলে * বাদের আমলে ঘর করিলে পত্তন॥ জ্বলিয়া যাইবে সেই শোন সর্ব্বজন * সাদি কাম যে করিবে বাদের অক্তেতে॥ বিবি তার ঘর না করিবে কোন মতে *

* এহ্‌রাক ছায়েতের বয়ান *

এহ্‌রাকের ওক্ত বড় মনহুস জানিবে॥ যে কাম করিবে তায় লোকসানি উঠাবে * এহ্‌রাকের ওক্তে লাড়কা ঘরে হবে যার॥ বদবক্ত হবে সেই শোন সমাচার * বদখোয় হবে লাড়কা বদকার নেহাত॥ ছায়েত বুরার দোষে পাবে কম হায়াত * এহ্‌রাকের ওক্তে যেবা ছফরে যাইবে॥ লাভ না পাইবে তায় লোকসানি উঠাবে * এহ্‌রাকের ওক্তে সাদি করিবে যে জন॥ ঘর না করিবে বিবি শোন দিয়া মন * এহ্‌রাকের ওক্তে ক্ষেতে বিছন বুনিলে॥ আনাজ পাইবে কম জানিবে সকলে * পত্তন করিলে ঘর এহ্‌রাকের ওক্তে॥ জ্বলে যাবে সেই ঘর লেখে কেতাবেতে * এহ্‌রাকের ওক্তে বান্দা করিবে যে কাম॥ ফায়দা নাহি পাবে তাতে লোকসানি

জকিনামা শুরু

* জুমার রাত *

বাদ আধা প্রহর, বাদে জকি এক প্রহর, বাদে বায়েন আধা, প্রহর, বাদে এহ্‌রাক এক প্রহর, বাদে বায়েন আধা প্রহর বাদে বাদ আধা প্রহর।

* জুমার দিন *

বায়েন আধা প্রহর, এহ্‌রাক এক প্রহর, বাদ আধা প্রহর, এহ্‌রাকের আধা প্রহর, জকি এক প্রহর, বাদ আধা প্রহর।

বায়েন আধা প্রহর, এহরাক আধা প্রহর, বাদ আধা প্রহর, জকি এক প্রহর, বাদ আধা প্রহর, এহরাক এক প্রহর *

* শনিবারের দিন *

বায়েন আধা প্রহর, বাদ আধা প্রহর, এহরাক এক প্রহর, বায়েন আধা প্রহর, জকি এক প্রহর, বায়েন আধা প্রহর *

* রবিবারের রাত *

এহরাক আধা প্রহর, বায়েন আধা প্রহর, বাদ আধা প্রহর, বায়েন আধা প্রহর, বাদ জকি এক প্রহর, এক প্রহর *

* রবিবারের দিন *

জকি এক প্রহর,: বায়েন আধা প্রহর, এহরাক এক প্রহর, বাদ আধা প্রহর, বায়েন আধা প্রহর, জকি আধা প্রহর *

* সোমবারের রাত *

বাদ. আধা প্রহর, জকি এক প্রহর, বায়েন আধা প্রহর, এহরাক এক প্রহর, বায়েন আধা প্রহর, বাদ আধা প্রহর *

* সোমবারের দিন *

এহরাক আধা প্রহর, বায়েন আধা প্রহর, জকি এক প্রহর, এহরাক এক প্রহর, বায়েন আধা প্রহর, বাদ আধা প্রহর *

* মঙ্গলবারের রাত *

জকি এক প্রহর,·বায়েন আধা প্রহর, জকি আধা প্রহর, এহরাক এক প্রহর, বায়েন আধা প্রহর, বাদ আধা প্রহর *

* মঙ্গলবারের দিন *

বাদ আধা প্রহর, জকি এক প্রহর, বাদ আধা প্রহর, এহরাক এক প্রহর, বাদ আধা প্রহর, বায়েন আধা প্রহর *

* বুধবারের রাত *

বাদ আধা প্রহর, এহরাক আধা প্রহর, জকি এক প্রহর, এহরাক এক প্রহর, বায়েন আধা প্রহর, এহরাক আধা প্রহর *

* বুধবারের দিন *

জকি এক প্রহর, বাদ আধা প্রহর, জকি এক প্রহর, বায়েন আধা প্রহর, বাদ আধা প্রহর, জকি এক প্রহর *

ছায়েত নামা,

* লক্ষীবারের রাত *

এহরাক এক প্রহর, বাদ আধা প্রহর, বায়েন আধা প্রহর, জকি এক প্রহর, বাদ আধা প্রহর, বায়েন আধা প্রহর *

* লক্ষীবারের দিন *

বায়েন আধা প্রহর, এহরাক এক প্রহর, বায়েন আধা প্রহর, বাদ আধা প্রহর, জকি এক প্রহর বাদ এক প্রহর *

* কোন দিনে কোন দিকে যাইতে নিষেধ ও কোন দিকে মোবারক তাহার বয়ান *

যাইতে এরাদা যদি থাকে কোন খানে ॥ দিগাদিগ বুঝিবারে চাহি দানাগণে * রবিবারে জুম্মা রোজে পশ্চিমে না যাবে ॥ জোমেরাতে বুধবারে দক্ষিণে না যাবে * উত্তর দিকেতে নাহি যাও মঙ্গলবারে ॥ পুর্ব্বেতে মনহুস হয় সোম শনিবারে *

* সাত ছেতারার নেক ও বদ ছায়েতের বয়ান *

হপ্তা রোজ মধ্যে সাত ছেতারা বরতর ॥ হামেসা গর্দ্দেশ করে আসমান উপর * হর রোজ চার চার ঘড়ি রাত দিনে ॥ ছায়েত বদল হয় দুনিয়া জাহানে * চার ঘড়ি যে ছেতারা করেন আমল ॥ সে অক্তে করিলে কাম মেলে যেয়ছা ফল*নীচেতে লিখিনু তাহা দেখহ পড়িয়া ॥ কাম কাজ করা চাহি ছায়েত বুঝিয়া * নেক ছায়েতের খুবি আলবত্তা পাইবে ॥ আবদুল ওহাব বলে মুঝে দোওয়া দিবে *

* শনিবারের রাত *

আউওল কামর অর্থাত্ চাঁদ ও সোমবার ৪ ঘড়ি ॥ জোহল অর্থাৎ শনি ৪ ঘড়ি, মস্তুরি অর্থাত্ বৃহস্পতি ৪ ঘড়ি, মিররিখ অর্থাত্ মঙ্গল ৪ ঘড়ি, সমছ অর্থাত্ সুর্য্য-রবি ৪ ঘড়ি, জোহরা অর্থাত্ শুক্রবার ৪ ঘড়ি, অতারদ অর্থাত্ বুধ ৪ ঘড়ি, জোহল অর্থাত্ চাঁদ সোমবার ৪ ঘড়ি, আমল করেন *

* শনিবারের দিন *

জোহল অর্থাত্ শনি ৪ ঘড়ি, মোস্তরি অর্থাত্ বৃহস্পতি ৪ ঘড়ি, মিররিখ অর্থাত্ মঙ্গল ৪ ঘড়ি, সমছ অর্থাত্ রবি ৪ ঘড়ি, জোহরা

অর্থাত্ শুক্র ৪ ঘড়ি,অতারদ অর্থাত্ বুধ ৪ ঘড়ি,কামর অর্থাত্ সোম ৪ ঘড়ি, জোহল অর্থাত্ শনি ৪ ঘড়ি, আমল করেন *

* রবিবারের রাত *

মিররিখ অর্থাত্ মঙ্গল ৪ ঘড়ি, সমছ অর্থাত্ সুর্য্য ৪ ঘড়ি, জোহরা অর্থাত্ শুক্র ৪ ঘড়ি, অতারদ অর্থাত্ বুধ ৪ ঘড়ি, কামর অর্থাত্ সোম ৪ ঘড়ি, জোহল অর্থাত্ শনি ৪ ঘড়ি, মোস্তরি অর্থাত্ বৃহস্পতি ৪ ঘড়ি, মিররিখ অর্থাত্ মঙ্গল ৪ ঘড়ি, আমল করেন *

* রবিবারের দিন *

সমখ অর্থাত্ রবি ৪ ঘড়ি, জোহরা অর্থাত্ শুক্র ৪ ঘড়ি,আতারদ অর্থাত্ বুধ ৪ ঘড়ি, কামর অর্থাত্ মঙ্গল ৪ ঘড়ি, সমছ অর্থাত্ রবি ৪ ঘড়ি, আমল করেন *

* সোমবারের রাত *

অতারদ অর্থাত্ বুধ ৪ ঘড়ি, কামর অর্থাত্ সোম ৪ ঘড়ি, জোহল অর্থাত্ শনি ৪ ঘড়ি, মোস্তরি অর্থাত্ রবি ৪ ঘড়ি, মিররিখ অর্থাত্ মঙ্গল ৪ ঘড়ি, সমছ অর্থাত্ রবি ৪ ঘড়ি, জোহরা অর্থাত্ শুক্র ৪ ঘড়ি, আমল করেন *

* সোমবারের দিন *

কামর অর্থাত্ সোম ৪ ঘড়ি, জোহল অর্থাত্ শনি ৪ ঘড়ি, মোস্তরি অর্থাত্ বৃহস্পতি ৪ ঘড়ি, সমছ অর্থাত্ সুর্য্য-রবি ৪ ঘড়ি, অতারদ অর্থাত্ বুধ ৪ ঘড়ি, মিররিখ অর্থাত্ মঙ্গল ৪ ঘড়ি, কামর অর্থাত্ সোম ৪ ঘড়ি, আমল করেন *

* মঙ্গলবারের রাত *

মোস্তরি অর্থাত্ বৃহস্পতি ৪ ঘড়ি, মিররিখ অর্থাত্ মঙ্গল ৪ ঘড়ি, সমছ অর্থাত্ রবি ৪ ঘড়ি, জোহল অর্থাত্ শুক্র ৪ ঘড়ি, অতারদ অর্থাত্ বুধ ৪ ঘড়ি, কামর অর্থাত্ সোম ৪ ঘড়ি, মোস্তরি অর্থাত্ বৃহস্পতি ৪ ঘড়ি, আমল করেন *

* মঙ্গলবারের দিন *

মিররিখ অথবা মঙ্গল ৪ ঘড়ি, সমছ অথবা রবি ৪ ঘড়ি, জোহরা অথবা শুক্র ৪ ঘড়ি, অতারদ অথবা বুধ ৪ ঘড়ি, কামর অথবা সোম ৪ ঘড়ি, জোহল অথবা শনি ৪ ঘড়ি, মোস্তরি অথবা বৃহস্পতি ৪ ঘড়ি, মিররিখ অথবা মঙ্গল ৪ ঘড়ি, আমল করেন *

* বুধবারের রাত *

জোহরা অথবা শুক্র ৪ ঘড়ি, অতারদ অথবা বুধ ৪ ঘড়ি, মোস্তরি অথবা বৃহস্পতি ৪ ঘড়ি, মিররিখ অথবা মঙ্গল ৪ ঘড়ি, সমছ অথবা রবি ৪ ঘড়ি, জোহল অথবা শুক্র ৪ ঘড়ি, আমল করেন *

* বুধবারের দিন *

অতারদ অথবা বুধ ৪ ঘড়ি, কামর অথবা সোম ৪ ঘড়ি, জোহল অথবা শনি ৪ ঘড়ি, মোস্তরি অথবা বৃহস্পতি ৪ ঘড়ি, জোহরা অথবা শুক্র ৪ ঘড়ি, আমল করেন *

* লক্ষীবারের রাত *

জোহল অথবা শনি ৪ ঘড়ি, মোস্তারি অথবা বৃহস্পতি ৪ ঘড়ি, মিররিখ অথবা মঙ্গল ৪ ঘড়ি, সমছ অথবা রবি ৪ ঘড়ি, জোহরা অথবা শনি ৪ ঘড়ি, মোস্তারি অথবা বৃহস্পতি ৪ ঘড়ি, মিররিখ অথবা শুক্র ৪ ঘড়ি, অতারদ অথবা বুধ ৪ ঘড়ি, কামর অথবা সোম ৪ ঘড়ি, আমল করেন *

* লক্ষাবারের দিন *

মোস্তারি অথবা বৃহস্পতি ৪ ঘড়ি, মিররিখ অথবা মঙ্গল চার ঘড়ি, সমছ অথবা রবি চার ঘড়ি, জোহরা অথবা শুক্র চার ঘড়ি, অতারদ অথবা বুধ চার ঘড়ি, কামর অথবা সমছ চার ঘড়ি, জোহল অথবা শনি চার ঘড়ি, মোস্তারি অথবা বৃহস্পতি চার ঘড়ি, আমল করেন *

* শুক্রবারের রাত *

সমছ অথবা রবি চার ঘড়ি, জোহরা অথবা শুক্র চার ঘড়ি, অতারদ অথবা বুধ চার ঘড়ি, কামর অথবা সোম চার ঘড়ি,

অতারদ অর্থাৎ বুধ চার ঘড়ি, কামর অর্থাৎ সোম চার ঘড়ি, মোস্তারি অর্থাৎ বৃহস্পতি চার ঘড়ি, মিররিখ অর্থাৎ মঙ্গল চার ঘড়ি, আমল করেন *

* শুক্রবারের দিন *

জোহর অর্থাৎ সোম চার ঘড়ি, অতারদ অর্থাৎ শুক্র চার ঘড়ি, কামর অর্থাৎ সোম চার ঘড়ি, জোহরা অর্থাৎ শুক্র চার ঘড়ি, মোস্তারি অর্থাৎ বৃহস্পতি চার ঘড়ি, মিররিখ অর্থাৎ মঙ্গল চার ঘড়ি, সমল অর্থাৎ রবি চার ঘড়ি, জোহরা অর্থাৎ শুক্র চার ঘড়ি, আমল করেন *

——০——

* ঘড়ির খোলাসা বয়ান *

ঘড়ির খোলাসা হাল শোন সবে ভাই ॥ নজ্জুমি কেতাব মধ্যে লিখেছে এয়ছাই * চব্বিশ ঘণ্টায় রাত দিন লেখে বাঙ্গালাতে ॥ চৌষট্টি ঘণ্টায় রাত দিন লেখে ইসলামেতে * ·ইসলাম চার ঘড়ি বিচেতে তাহার ॥ ছেতারা আমল করে শোন সমাচার * এক তারা চার ঘণ্টা করেন আমল ॥ রাত দিন বরাবর চলেন সকল * চারি ঘড়ি হিসাবেতে বাঁচিয়া সে রয় ॥ তাহার খোলাসা এই শুনহে সবায় * ছেতারা বদলে কভু দিনে আটবার ॥ কখন বদলে রাতে তেমনি প্রকার * কভু কভু সাতবার দিনে বদল হয় ॥ কখন বদলে রাতে শোনহে সবায় * ছেতারার খাছিয়েত শুন সবে ভাই ॥ খোলাসা বয়ান করে সবাকে শোনাই *

পয়ার * নেক বদ যত দেখ দুনিয়া মাঝার ॥ সকলি করিল পয়দা পরওয়ার দেগার * নেকি কামে কভু নাহি বুরাই হইবে ॥ বুঝিয়া ছায়েত নেক নেকি কামে যাবে * নছিবেতে ভালা বুরা লেখা আছে যাহা ॥ কভু না হইবে রদ এলাহির চাহা * খোদার উপরে সদা ভরসা রাখিবে ॥ নেক বদ দেখে কাম বুঝিয়া করিবে * মকছেদ হাছেল হবে বাড়িবে ইজ্জত ॥ তাহার উপরে হবে খোদার রহমত * আবদুল ওহাব বলে সবার কদমে ॥ যে কেহ পড়িবে দোওয়া দিবে এ অধমে *

* সমছ ছেতারা অর্থাৎ সুর্য্যের ছায়েতের বয়ান *

সমছ ছেতারার ছুরত এই

* সমছ *

সমছ ছেতারার আমল যেই ওক্তে হয়॥ বড় মোবারক ছায়েত জানিবে তাহায় * সমছের আমলে যেবা যে কাম করিবে॥ আল্লার ফজলে তাহা হাছেল হইবে * সমছের আমলে যেবা ছফরেতে যায়॥ পশ্চিম দেশেতে লাভ হইবে তাহায় * দোছরা তরফে গেলে কম লাভ পাবে॥ আক্তখানি এ ছায়েতে মোবারক হবে * দুলহিনে দেখিতে কিবা বাদশার দিদার॥ সমছের আমলে খুবি হইবে তাহার সমছের আমলে যেবা তাবিজ লিখিবে॥ সেতাবি মকছেদ তার হাছেল হইবে * সমছ ছেতারার আমলেতে যেই জন॥ ঘর ও বাগিচার করিবে পত্তন * সে ঘর তাহাকে খুব সাজগারি হবে॥ হামেসা সে ঘরে সুখে গোজরান করিবে * নুতন কাপড় পেন্দে কিম্বা ছাটে তায়॥ সুর্য্যের আমলে ভাল হইবে নিশ্চয় * বিবির কাছেতে শোয়া সমছের ছায়েতে॥ বড় মোবারক হয় লেখে কেতাবেতে * সমছের ছায়েতে যে জেহাদে যাইবে॥ জঙ্গেতে সেতাবি তার ফতেমন্দি হবে * সমছের আমলে যার লাড়কা পয়দা হয়॥ দারাজ হায়াত তার কেতাবেতে কয় * বড় নেককার লাড়কা

হবে এলেমদার॥ বড় খোস মেজাজ হবে দুনিয়া মাঝার * সমছের ছায়েতে কেহ হইলে বিমার॥ সেত বি হইবে ভাল তাহার আজার * আবদুল ওহাব বলে ভেবে করতার॥ চান্দের ছায়েত কিছু লিখি এইবার *

* কামর ছেতারা অথবা চান্দের ছায়েতের বয়ান ও কামর ছেতারার ছুরত এই *

পয়ার * এ চান্দের ছায়েতে পুর্ব্ব উত্তরে যে যাবে॥ তেজারতি কামে গেলে লাভ খুব পাবে * এ চান্দের ছায়েতে সাদী করিবে যে জন॥ বিবির সঙ্গেতে সুখে হইবে মিলন * বাদশা আর হাকিমের দিদার করিতে॥ বড় মোবারক হবে এ চান্দের ছায়েতে * এ চান্দের ছায়েতে ঘর করিলে পত্তন॥ হামেসা সে ঘরে রবে খোসালিত মন * বিবির কাছেতে গেলে এ চান্দের ছায়েতে॥ লাড়কা হৈলে নেকবক্ত হবে দুনিয়াতে * চান্দের ছায়েতে লাড়কা তাওয়াল্লাদ হৈলে॥ দারাজ হায়াত পায় জানিবে সকলে * আর সেই লাড়কা বড়া জওয়ামর্দ্দ হবে॥ মা বাপের তাবেদারি হামেসা করিবে * লেবাছ পিন্দিলে নয়া এ চান্দের আমলে॥ সাজগারি হবে তাহা কেতাবেতে বলে * এ ছায়েতে গোলাম বান্দি পালাইয়া গেলে॥ ঢুড়িয়া পাইবে তারে জানিবে সকলে * এ ছায়েতে মহব্বতের লিখিলে তাবিজ॥ হাছেল হইবে কাম শুনহে আজিজ *

* মিররিখ ছেতারার ছায়েতের বয়ান ও মিররিখ ছেতারার ছুরত এই *

পয়ার * মিররিখ ছেতারা আমল করেন যখন॥ কোন কাম ঠিক নাহি হইবে তখন * মিরয়িখ ছায়েতে যেবা ছফরে যাইবে॥ আফতে গিরিবে আর দুঃখ উঠাইবে * পয়দা হইলে লাড়কা মিররিখ ছায়েতে॥ জালেম হইবে সেহ দুনিয়া মধ্যেতে * মিররিখ ছায়েতে কেহ হইলে বিমার॥ সেতাবি বিমার ভাল না হইবে তার * এ ছায়েতে গোলাম ও বান্দি পালাইলে॥ ঢুড়িয়া তাহাতে নাহি পাবে কোন কালে * মিররিখ ছায়েতে যেবা তাবিজ লিখিবে॥ হরগেজ সে তাবিজ তার কামে না আসিবে *

* অত্তারদ ছেতারার ছায়েতের বয়ান ও অত্তারদ *
ছেতারার ছুরত এই *

পয়ার * অত্তারদ ছেতারার আমল যবে হয়॥ কোন কাম করা তখন মোনাছেব নয় * চাষ বাস কাম করা যাইয়া খেতেতে॥ ঘরের পত্তন করা যাওয়া ছফরেতে * করিলে এসব কাম উঠাবে নোকসানি॥ না করিবে সাদি কাম আর আক্তখানি * অত্তারদের আমলেতে দাওয়া যে বানায়॥ সে দাওয়া মাজরবা হবে জানিবে নিশ্চয় * অত্তারদের আলামতে দাওয়া যে খাইবে॥ সে তাবি বিমারি হৈতে আরাম না পাবে * অত্তারদ ছায়েতে যে লাড়কা পয়দা হবে॥ গরীবি হালেতে নানা দেশে বেড়াইবে * গোলাম বান্দি এ ছায়েতে পলাইয়া গেলে॥ ঢুড়িয়া না পাবে তারে তালাস করিলে * এ ছায়েতে যেই জন তাবিজ লিখিবে॥ বহুত দেরিতে তাহা হাছেল হইবে *

ছায়েত নামা.

* মোস্তরি ছেতারার ছায়েতের বয়ান ও মস্তরি ছেতারার ছুরত এই *

পয়ার * মোস্তরি ছেতারার যখন আমল করিবে॥ বহুত ছায়েত নেক একিন করিবে * মোস্তরি ছায়েতে ভাই করিবে যে কাম আল্লার ফজলে তাহা হইবে আঞ্জাম * এ ছায়েতে যেই জন ছফরে যাইবে॥ বহুত পাইবে নাফা একিন জানিবে * ঘরেতে আসিবে ফিরে ছহি ছালামতে॥ রাহে ঘাটে দুঃখ না পাইবে কোন মতে * এ ছায়েতে বেটা বেটী যার ঘরে হয়॥ বড় নেকবক্ত হবে জানিবে সবায় * এ ছায়েতে লাড়কাকে যে এলেল শিখাবে॥ থোড়া দিনে সেই লাড়কা এলেমদার হবে * পরের দিদার কিবা বাদসার দীদার॥ মোবারক হবে জান শোন সমাচার॥ ঘর বাড়ী বানাইলে মোস্তরি ছায়েতে॥ সাজ্ঞগির হবে সদা থাকিবে সুখেতে * বাগিচা বানায় কিবা ফাগি কারবারে॥ করিলে বহুত নাফা হইবে আখেরে * বিবির কাছেতে যাওয়া মোস্তরি ছায়েতে॥ বড় মোবারক নেক লাড়কা

হবে তাতে * নুতন কাপড় পেন্দে মোস্তরি ছায়েতে॥ মোবারক হবে তাহা লেখে কেতাবেতে * এ ছায়েতে লাড়কা হৈলে হইবে হাছিন॥ মা বাপের খেদমতে রবে রাত্র দিন * এলেমদার হবে বড় হবে ওস্তওয়ার॥ হায়াত দারাজ খুব হইবে লাড়কার * বাঁদি গোলাম এ ছায়েতে গেলে পালাইয়া * আসিনে নিশ্চয়ই ফিরে ঘুরিয়া ফিরিয়া * তাবিজ লেখে যেবা মোস্তরি ছায়েতে॥ সেতাবি সে কাম তার হয়ে যাবে ফতে * আবদুল ওহাব ববে ভাবিয়া গাফ্ফার॥ এইবার শোন হাল জোহরা ছেতারার *

* জোহরা ছেতারার ছায়েতের বয়ান ও জোহরা ছেতারার ছুরত এই *

পয়ার * যখন আমল হয় জোহরা ছেতারার॥ সব কাম নেক হবে শোন সমাচার * যে জন ছফরে যাবে জোহরা ছায়েতে পাইবে চৌগুণ নাফা রবে আরামেতে * আক্তবন্দ করা আর তেজারত এলেম॥ তহসিল আদি সব হইবে আঞ্জাম * বাগিচা তৈয়ার করা ঘরের পত্তন॥ সব কাম ভাল হবে শোন দিয়া মন * বিবির নজদিগি করা জোহরা ছায়েতে॥ লাড়কা পেটে রইলে নেক হবে

দুনিয়াতে * নুতন কাপড় তারাসিলে জোহরা ছায়েতে॥ কিম্বা যে পিন্দিবে মোবারক হবে তাতে * এ ছায়েতে কারবারে ভাগি যেবা হয়॥ বহুত পাইবে নাফা জানিবে নিশ্চয়ঃ* তাওয়াল্লাদ হৈলে লাড়কা জোহরা ছায়েতে॥ ছুরত জামাল হবে হাছিন দেখিতে * দারাজ হায়াত হবে সেইত লাড়কার॥ সেই লাড়কা মা বাপের হবে তাবেদার * গোলাম বাঁদি এ ছায়েতে গেলে পালাইয়া॥ হরগেজ তাহাকে নাহি মিলিবে ঢুড়িয়া * কত ঠাই বেড়াইবে ঘুমিয়া ঘুমিয়া॥ আখেরে আসিবে ঘরে লাচার হইয়া * তাবিজ লিখিবে যেবা জোহরার ছায়েতে॥ ফতে হৈয়া যাবে তাহা আছানির সাথে * আবদুল ওহাব বলে শোন ভাই সবে॥ নেক ছায়েতের ফল অবশ্য পাইবে *

* জোহল ছেতারার ছায়েতর বয়ান ওজহল ছেতারার ছুরত এই

পয়ার * জোহল ছেতারার হয় আমল যখন॥ কোন কাম শুরু করা না চাহি তখন * এই ছায়েতেতে লাড়কা ঘরে হয় যার॥ কালা রঙ্গ হবে তার শোন সমাচার॥ গরিবী হালেতে সদা গোজরান

করিবে॥ দারাজ হায়াত তার দুনিয়াতে হবে * রোজগার করিবে সেহ বহুত মেহনতে॥ তঙ্গদস্তি কভু না ছুটিবে কোন মতে * বড় দাঙ্গাবাজ আর গোশ্বাদার হবে॥ মা বাপের খেদমত করিতে নাহি চাবে * নেক কাম করিবারে দেল না চাহিবে॥ গোনার কামেতে সেই মায়েল রহিবে * জোহলের আমলেতে বানাইলে ঘর॥ আগুনে জ্বলিয়া যাবে কেতাবে খবর * জোহলের আমলে যেই ছফরে যাইবে॥ লাভ না পাইবে আর রাহে দুঃখ পাবে * জোহলের ওক্তে সাদী যেজন করিবে॥ সেই বিবি তার ঘর নাহিক করিবে * তাবিজ লিখিবে যেবা জোহল ছায়েতে॥ সে তাবিজ কায়েম না আসিবে কোন মতে * এ ছায়েতে গোলাম বান্দি গেলে পালাইয়া॥ হরগেজ তাহাকে নাহি পাইবে ঢোড়িয়া * কোন কাম না করিবে জোহল ছায়েতে॥ করিলে নোকসানি হবে লেখে কেতাবেতে *

* বার চাঁদের আকরব নামা *

পয়ার * চাঁদের আকরব নামা 'শোন দীনদার॥ ফরমালেন রছুলুল্লা হবিব খোদার * এক সালে বার চাঁদে বার বোরজেতে॥ একে একে যায় বার মাস হৈয়া তাতে * আছমান ফলকে ঘোমে লেখে এ প্রকার॥ বোরজ গোর্দ্দেশ করে তাহার উপর * চাঁদ জান রয় বোরজের ভিতরেতে॥ যে বোরজ যায় সেই চাঁদ হয় তাতে * একে একে লিখি এবে বার চাঁদের নাম॥ ধেয়ান করিয়া শোন যত খাছ আম * মহরম, ছফর, রবিওল আউওল॥ রবিওচ্ছানি আর জমাদিওল আউওল * জমাদিওচ্ছানি আর রজব শাবান॥ রমজান ছওয়ালের চাঁদ জান মোসলমান * জেলকদের চাঁদ আর জেলহজ্জের আখেরে॥ এই বার চাঁদ জান আসমানেতে ঘোরে * মাহে মহরমের চৌদ্ধ তারিখ হয় যবে॥ আকরব হইবে শুরু একিন জানিবে * আড়াই দিন আকরব থাকে যে তাহায়॥ এই চাঁদের এগারই তারিখ যবে হয়॥ আকরব হইবে শুরু কেতাবেতে কয় * পহেলা তারিখ যবে ছফরের হয়॥ আকরবের এবতেদা জানিবে বেসক॥ তাহার আমল জান আড়াই দিন তক * আঠাশে তারিখে ফের আকরব হইবে॥ আড়াই দিন তক তার আমল থাকিবে * রবিওল

আউওলের দশ তারিখেতে॥ বিশ তারিখেতে আর লেখে কেতাবেতে * আকরব হইবে শুরু শোন সমাচার॥ থাকিবে আড়াই দিন আমল তাহার * রবিওচ্ছানি হৈলে পহেলা ও দশই॥ আকরব হইবে শুরু জানিবে সবাই * জমাদিওল আউওলের এগারই তারিখে॥ আকরব হইবে শুরু কেতাবেতে লেখে * পহেলা চৌদ্দই হৈলে জমাদিওচ্ছানির॥ আকরব হইবে শুরু কেতাবে জিকির * রজবের পহেলা আর চৌদ্দই হইলে॥ আকরব হইবে শুরু জানিবে সকলে * শাবানের চৌঠা আর ষোলই রোজেতে॥ রমজনের তেছরা ও বারই তারিখেতে*আকরব হইবে শুরু জানিবে সকলে॥ থাকিবে আড়াই দিন তাহার আমল * ছওয়ালের আটই ও বিশ তারিখ হৈলে॥ আকরব লাগিবে চাঁদে জানিবে সকলে * জেলকদের তেছরা ও চৌদ্দই তারিখে॥ আকরব হইবে শুরু কেতাবেতে লেখে * জেলহজ্জের দোছরা ও ছয় তারিখেতে॥ আকরব লাগিবে লেখে জান সকলেতে * থাকিবে আড়াই দিন আমল তাহার॥ ফরমাইলেন রছুলুল্লা হবিব খোদার * আকরব যেই তক থাকে চাঁদে ভাই॥ কোন কাম শুরু করা হরগেজ নাহি চাই * তেজরাতে যাওয়া আর চাষ বাস করা॥ মোবারক না হবে কিছু শোন ভাই ছারা * আকরবের ওক্তে ঘর করিলে পত্তন॥ জ্বলিয়া যাইবে তাহা শোন দিয়া মন * আকরবের তারিখে কেহ সাদী না করিবে॥ সাদী যে করিবে নাহি সাজগারি হবে * আরবিতে আকরব যাহার তবে বলে বাঙ্গালায় বিছারাশি বলেন সকলে * নজ্জুমি কেতাবে লেখে এই সমাচার॥ রচে হীন আবদুল ওহাব কেতাব ওতার *

* দাঁড় কাক ডাকিলে তাহার দিগাদিগের খাছিয়েতের বয়ান *

পয়ার * মোহাম্মদ মোস্তাফা যিনি খাতেমা রছুল॥ ফরমাইলেন এইরূপ খোদার মকবুল * আল্লার হুকুম হৈল কাকের উপর॥ তোমার আওয়াজে দেহ বান্দাকে খবর * নেক বদ ভাল মতে ছায়েত বুঝিয়া॥ দুনিয়ার কাম করে হুসিয়ার হইয়া*এই রওয়ায়েতে শোবা আনিবে যে জন॥ নেকছানি উঠাবে সেহ কেতাবে লিখন *

খেয়াল রাখিবে কাক ডাকে যে প্রহর॥ কাকের তরফে চাহি রাখিতে নজর * যে তরফে ডাকে কাক বসিয়া তোমার॥ দিক আর ওক্ত বুঝে করিবে বিচার * শুনহে দানেশ মন্দ করিয়া খেয়াল॥ এক্ষণেতে লিখি চারি প্রহরের হাল *

* পহেলা প্রহরে কাক ডাকিলে তাহার খাছিয়েত *

সকালে ছয়টা হইতে নয়টা বাজিলে॥ পহেলা প্রহর হয় জানিবে সকলে * পহেলা প্রহরে কাক ডাকিলে পূর্ব্বেতে॥ মকছেদ হাছেল তার হবে সেতাবিতে * দক্ষিণে ডাকিলে পরে খুসির খবর॥ পশ্চিমে ডাকিলে রুজি বাড়িবে বিস্তর * উত্তরে ডাকিলে তার দুস্মন বাড়িবে॥ অগ্নিকোণে ডাকে যদি লাড়কা ঘরে হবে * নৈরিতে ডাকিলে লাভ পাবে বহুতর॥ বায়ু কোণে ডাকে পাবে খুসির খবর * ঈশাণে ডাকিলে ঘরে মেহমান আসিবে॥ এই মত লিখিয়াছে নজ্জুমি কেতাবে *

* দোছরা প্রহরে কাক ডাকিলে তাহার খাছিয়েতের বয়ান *

নয়টার পরে বেলা দু-প্রহর তক॥ দোছরা প্রহর হয় জানিবে বেসক * পূর্ব্বেতে ডাকিলে কাক বেলা দু-প্রহরে॥ খুসির খবর তার আসিবেক ঘরে * দক্ষিণে ডাকিলে তার দুক্ষ দুরে যাবে॥ আওরত আসিবে কিম্বা লাড়কা ঘরে হবে * পশ্চিম তরফে যদি দাঁড় কাক ডাকে॥ বোজরগের মোলাকাত মিলিবে তাহাকে * কাক যদি বসে ডাকে উত্তর সিমানায়॥ বহুত দুস্মন তার হবে দুনিয়ায় * বায়ুকোণে ডাকে কাক আগুন লাগিবে॥ ঈশানে ডাকিলে আনাজ সস্তায় বিকিবে * সব কাম ফতে হবে ডাকিলে অগ্নিতে॥ মনোবাঞ্ছা পূর্ণ হবে ডাকিলে নৈরিতে *

* তেছরা প্রহরে কাক ডাকিলে তাহার খাছিয়েতের বয়ান *

দু-প্রহর বাদে জান তিনটা বাজিলে॥ তেছরা প্রহরা হয় জানিবে সকলে * তেছরা প্রহরে কাক ডাকিলে পূর্ব্বেতে॥ দুস্মন তোমার

গেল্লা করিবে পিছেতে * দক্ষিণে ডাকিলে কাক ফছাদ বাড়িবে॥ পশ্চিমে ডাকিলে মাল গায়েবের পাবে * উত্তরে ডাকিলে কাক শুন সমাচার॥ ফরজন্দ হইবে পয়দা ঘরেতে তাহার * কাক যদি বসে ডাকে ঈশান কোণেতে॥ চুরি হৈয়া যাবে কিছু তাহার ঘরেতে * কাক যদি বসে ডাকে অগ্নি কোণেতে॥ ঝগড়া ফছাদ হবে অন্য লোকের সাথে * নৈরিতে ডাকিলে দুস্মন বাড়িবেক তার॥ বায়ুকোণে ডাকে পাবে খুসির খবর *

* চৌথা প্রহরে কাক ডাকিলে তাহার খাছিয়েতের বয়ান *

বেলা তিনটার পরে ছয়টা বাজিলে॥ চৌথা প্রহর হয় জানিবে সকলে * চৌথা প্রহরে কাক ডাকে যদি পুবে॥ বেগানার সাথে লড়াই ফছাদ হইবে * দক্ষিণে ডাকিলে হবে ফরজন্দ তাহার॥ পশ্চিমে ডাকিলে পাবে খবর মউতের * কাক যদি ডাকে বসে উত্তর দিকেতে॥ খুসির খবর তার আসিবে ঘরেতে * অগ্নিকোণে ডাকে কাক শোন সমাচার॥ হাকিমের দরবারে গোল হইবে তাহার * কাক যদি বসে ডাকে নৈরিত কোণেতে॥ ছওগাত পৌছিবে কিছু তাহার ঘরেতে * ভালাই হইবে কাক ডাকিলে ঈশানে॥ মাল চুরি হবে যদি ডাকে বায়ু কোণে * রাহেতে চলিতে যদি কাক ডেকে যায়॥ ভালা বুরা কিছু নাহি হইবে তাহায় * চারিদিকে ডাকে কাক সোরসার করে॥ তাহার খবর জানে আপে পরওয়ারে * আল্লা আলম বেচ্ছোয়াব ভরসা তাহার॥ অধীন ওহাব বলে কেতাব ওতার *

* সাঝের ওক্তে মোরগ ডাকিলে তাহার ভালা বুরা খাছিয়েতের বয়ান *

পয়ার * আফতাব ডুবিয়া গেলে সাঝের সময়॥ মোরগ টানিয়া গলা বাঙ্গ যদি দেয় * এনছানের ভালা বুরা জানা যাবে তায়॥ সাতবারের খাছিয়েত শোনাই সবায় * শনিবারে ডাক দিলে দৌলত বাড়িবে॥ সোণা রূপা ঘরে তার বহুত হইবে * মোরগ যদি বাঙ্গ দেয় রোজ রবিবারে॥ ছফর থাকিয়া কেহ আসিবে

সে ঘরে * সোমবারে বাঙ্গ দেয় যেই মোকামেতে॥ বিমার জহমত তার হবে সে ঘরেতে * মঙ্গল বারেতে মোরগ বাঙ্গ যদি দেয়॥ দৌলত তাহার ঘরে বখশিবে খোদায় * লোকের নজদিগে তার বাড়িবে ইজ্জত॥ সকলে মানিবে তারে শোন হকিকত * বুধবারে বাঙ্গ দিলে আওলাদ বাড়িবে॥ বিবি যদি থাকে ঘরে লাড়কা পয়দা হবে * লক্ষিবারে সাঁঝে যদি মোরগ বাঙ্গ দেয়॥ সে ঘর বিরান হবে জানিবে নিশ্চয় * মোরগ যদি বাঙ্গ দেয় জুম্মার রোজেতে॥ সে ঘর জ্বলিয়া যাবে লেখে কেতাবেতে * জকিনামা কেতাবেতে লিখিল এয়ছাই॥ বুরা যদি বুঝ এই দোওয়া পড় ভাই *

* দোওয়া আরবি *

"ছোব্‌হানাল্লাহে আল্‌হাম্‌দো লিল্লাহে লা-ইলাহা ইল্লাল্লাহো আল্লাহো আকবর"।

এই দোওয়া ছোবে সামে পড়িবে একিনে॥ ছদকা খয়রাত দিবে ফকির মিছকিনে * ছদকা খয়রাত ভাই রাহেলিল্লা দিবে॥ আপদ বালাই সব দুর হয়ে যাবে * দিবা নিশি কর ভাই জেকের আল্লার॥ আকবতে তরে যাবে ফজলে আল্লার *

* কোন খানে যাইবার ওক্তে কিম্বা কোন কাম শুরু করিবার সময় কোন্ তরফ হইতে ছিক পড়ে কিম্বা টিকটিকি আওয়াজ দেয় তাহার বাধার বয়ান *

ত্রিপদী * শোন ভাই দীনদার, হও সবে হুসিয়ার, ছফরেতে যাইবার ওক্তে॥ অজু করে তার পরে, দোগানা আদায় করে, বিছমিল্লা বলিয়া ঘর হৈতে * নেকালিয়া যাও চলে, আল্লা নবী ভেবে দেলে, ছফরেতে যাইবে খোসালে॥ শোন যত নেকনাম, মোস্তাহাব এই কাম, খাতরা না হইবে কোন কালে * শোন ভাই, দীনদার, ছফরেতে যাইবার, যেই অক্তে এরাদা হইবে॥ দোগানা করে আদায়, ছফরেতে চলে যায়, বিদেশেতে ফায়দা পাইবে * রাহে পাও বাড়াইতে, ছিক যদি পড়ে তাতে, সোবা নাহি করিবে ছায়েত নামা,

মনেতে॥ বুঝিয়া দেখিবে ঠিক, কোন দিকে পড়ে ছিক, ভালা বুরা বুঝিয়া শেষেতে * সাত কামে বাধা নাই, খোলাছা কহিয়া যাই, শোন কিছু আহওয়াল তাহার॥ বন্দেগী খয়রাত করে, আর যে পোষাক পরে, খানা পিনা বাধা নাহি আর * আর বিছানায় শুতে, কিম্বা পায়খানায় যেতে, হপ্তমেতে জান সাদী কাম॥ এই সাত কাম জান, একিন করিয়া মান, বাধা নাহি বুঝিবে এছলাম * হীন আবদুল ওহাব বলে, সবার কদম তলে, শোন ভাই যতেক মোমিন॥ একিন জানিবে ভাই, নেককামে বাধা নাই, ভাব সদা এলাহি আলমিন *

* ছিক পড়িবার দিঘাদিঘির খাছিয়েতের বয়ান *

পয়ার * পুর্ব্ব তরফেতে যদি ছিক পড়ে ভাই॥ যে কাম করিবে শুরু পাইবে ভালাই * পশ্চিমে পড়িলে ছিক শুন ভাই সবে॥ যে কাম করিবে তাতে ভালাই না পাবে * দক্ষিণে পড়িলে ছিক হয় বড় হানি॥ যে কাম করিবে তাহে উঠাবে নোকছানি * উত্তর দিকেতে ছিক পড়িবে যাহার॥ মকছেদ হাছেল হবে সেতাবি তাহার * ঈশান কোণেতে ছিক পড়িবে তাহার॥ খোসনামির কামে হবে বদনামি তাহার * ছিক যদি পড়ে কারও অগ্নি কোণেতে॥ কোন কাম হাছেল না হইবে তাহাতে * নৈরিত কোণেতে যদি ছিক পড়ে ভাই॥ কোন কাম হরগেজ নাহি হইবে ভালাই * বায়ু কোণে ছিক পড়ে শোন ভাই সবে॥ হারাইলে কোন চিজ সেতাবি পাইবে *

* হায়ওয়ানের হাঁচির খাছিয়েতের বয়ান *

পয়ার * জানওয়ার হাঁচিলে জান বাধা তাতে হয়॥ দেল দিয়া শোন যাহা কেতাবেতে কয় * গরু যদি হাঁচে তাতে পাইবে ওফাত॥ একিন জানিবে ইহা কেতাবের বাত * বান্দর হাঁচে যদি কারও ছামনেতে॥ নোকছানি ইহাতে না হইবে কোন মতে * জইফ ও লাড়কা লোক ছিকে যে কামেতে॥ না হইবে বাধা জান হরগেজ সে তাতে * নাকে কাটি দিয়া হাঁচে কিম্বা সর্দ্দি হইলে॥ বাধা কভু ইহাতে না হবে কোন কালে * কোন খানে কোন কামে

যাইবার কালে ॥ ছিক কিম্বা কোন বাধা তাহাতে পড়িলে * আল্লার জেকের কর ছবর করিয়া ॥ আল্লার ফজলে বালা যাইবে কাটিয়া * বসে থাক খোড়া ঘড়ি খানা পানি খেয়ে ॥ বিছমিল্লা বলিয়া ফের যাবে নেকালিয়ে * কোন কর্ম্ম শুরু করে ছফরেতে যায় ॥ হাদছ হইলে বাধা হইবে তাহায় * কোন খানে যেতে হলে এরাদা করিবে ॥ ঝাড়া ও পেশাব করে ফারাগত হবে * তার পরে অজু করে হবে রাহাদার ॥ কোন বাধা না হইবে ফজলে খোদার * হীন আবদুল ওহাব বলে ভেবে পরওয়ার ॥ বাধা নাহি থাকে নাম লইলে আল্লার *

* টিকটিকি টিক টিক করিয়া আওয়াজ দিলে তাহার বাধার বয়ান *

টিকটিকি পুর্ব্বদিকে যাহার ডাকিবে ॥ খুসির খবর কিছু তাহাকে মিলিবে * দক্ষিণে ডাকিলে ঘর আগুনে পুড়িবে ॥ কিম্বা সে গমির কিছু খবর পাইবে * ভালাই হইবে জান পশ্চিমে ডাকিলে ॥ বহুত পাইবে নাফা ছফরেতে গেলে * টিকটিকি ডাকে যদি উত্তর দিগেতে ॥ দুস্মন হইবে দোস্ত লেখে কেতাবেতে * অগ্নি কোণেতে জান টিকটিকি ডাকিলে ॥ ভালাই না পাবে সেই ছফরেতে গেলে * ঝগড়া ফছাদ হবে ডাকিলে নৈরিতে ॥ ভালাই না পাবে তায় লেখে কেতাবেতে * বায়ু কোণেতে জেটি ডাকিবে যাহার ॥ যে কামেতে যাবে ফতেবন্দি হবে তার * ঈশান কোণেতে যদি জেটি ডাকে ভাই ॥ যে কামেতে যাবে নাহি পাইবে ভালাই * অঙ্গেতে গিরিলে জেটি কিবা ফল ফলে ॥ তাহার বয়ান লিখি শুনহ সকলে *

* টিকটিকি অজুদে গিরিলে তাহার ভাল মন্দের বয়ান *

পয়ার * টিকটিকি যাহার ভাই মাথায় গিরিবে ॥ বাদশাই দরজায় তাকে এলাহি পৌছাবে * কপালে গিরিলে বড় হবে মালদার ॥ চক্ষেতে গিরিলে পাবে দোস্তের দীদার * কানেতে গিরিলে পাবে খুসির খবর ॥ নাকেতে গিরিলে পাবে খোশবুই

বহুতর * মুখেতে গিরিলে জেটি মিঠা চিজ খাবে॥ গলায় গিরিলে পরে দৌলত মন্দ হবে * ছাতিতে গিরিলে মাল পাবে বেশোমার॥ পাছলিতে গিরিলে পাবে ছুফরি দিদার * কোমরে গিরিলে ভাল লেবাছ পিন্দিবে॥ চুতরে গিরিলে তাকে ছওয়ারি মিলিবে * নোকছান হইবে মাল গিরিলে জাঙ্গেতে॥ হাতে পায়ে গেলে কিছু লাভ নাহি তাতে * ভালাই বুরাই তাতে কিছু নাহি হবে। হীন আবদুল ওহাব বলে দেখিয়া কেতাবে *

* যোগিনী চক্রের বয়ান *

পয়ার * যোগিনীর হাল কিছু শোন সর্ব্বজনে॥ চারিদিকে ঘোরে যোগিনী রাত আর দিনে * পুর্ব্ব ও দক্ষিণদিকে আছে যেই কোণ॥ অগ্নি কোণ বলে তারে শোন সর্ব্বজন * পহেলা তারিখ মাসের হয় যেই দিনে॥ যোগিনীর আমল জান থাকে অগ্নি কোণে * এক দিন রাত থাকে আমল করিয়া॥ সেখান হইতে চলে ফজরে উঠিয়া * দুনিয়ার চারিদিকে ঘুমিয়া বেড়ায়॥ দোছরা তারিখে যায় নৈরিত কোণায় * পশ্চিম দক্ষিণ মধ্যে আছে যেই কোণ॥ নৈরিত তাহার নাম শোন সর্ব্বজন * এক রাত দিন ফের ঘুমিয়া সেথায়॥ তেছরা তারিখে ঘুরে দক্ষিণেতে যায় * দক্ষিণ হইতে ফের ঘুমিয়া ঘুমিয়া॥ চৌঠা তারিখে যায় পশ্চিমে চলিয়া * কোণা কুণি এই মত যোগিনীর চাল॥ সিধা কভু নাহি চলে এই তার হাল * খেয়াল করিয়া শোন ফায়দা যাতে হয়॥ যোগিনীর চাল দেখে চলিবে সবায় * কোন কামে যেতে কিম্বা যাইতে ছফরে॥ দেখিবে ধেয়ান করে যোগিনীর তরে * ডাহিনেতে পাও কিম্বা পাও সমুখেতে॥ কোন কামে হরগেজ নাহি যাবে সেই অক্তে॥ সে অক্তে ছফরে গেলে না পাবে ভালাই॥ নানামতে রাহা ঘাটে দুঃখ পাবে ভাই * বাম তরফেতে রাখা চাই যোগিনীকে॥ কিম্বা পিঠের দিকে রাখিবে তাহাকে * কোন তারিখে যোগিনী কোন দিকে রয়॥ লিখিনু তাহার নক্সা দেখহ সবায় *

—০—

* যোগিনী চক্রের নক্সা এই *

* সাত ছেতারার ফালনামার বয়ান *

পয়ার * ছেতারার ফালনামা শোন সবে ভাই ॥ খোলাসা বয়ান তার লিখিয়া শোনাই * সাদী কাম করে যদি যায় ছফরেতে ॥ কিম্বা মাল চুরি যায় কার ঘর হৈতে * বিমার পড়িয়া কেহ লাচারিতে রয় ॥ ভাল মন্দ এই ফালে বুঝিবে নিশ্চয় * যখন এরাদা হবে ফাল দেখিবার ॥ আল্ হাম্‌দোর বাদ এখলাছ পড়ে তিনবার * তার পরে আখি জান বন্ধ করে লিয়া * কলেমা তৈয়ব পড় একিন করিয়া * সাত ছেতারার যাহা আছে সাত ঘর ॥ আঙ্গুল ধরিবে এক ঘরের ভিতর * ভাল মন্দ ফলাফল জানিতে পারিবে ॥ ফাল নামার নক্সা এই দেখ ভাই সবে *

* সাত ছেতারার ফালনামার নক্‌সা এই *

* জোহল ছেতারার অর্থাৎ শনিবারের ফাল ও জোহল ছেতারার শনির নক্‌সা এই *

ক্ষোহলের ঘরে যার আঙ্গুল পড়িবে॥ তাহার তাবির ভাই মাকুল জানিবে * দেল তোমার বেকার আছে আন্দেসাতে॥ এরাদা তোমার আছে কোথাও যাইতে * দেখিয়াছি আছে এক দুস্মন তোমার॥ জান কি না জান তুমি খবর তাহার * আপনার মনে তুমি দোস্ত জান যারে॥ দুস্মনি করিতে তেরা সাথে সাথে ফেরে * ওয়াদা করিবে যাহা তোমার সঙ্গেতে॥ বেওফাই করিবে সেহ জান কোন মতে * থোড়া দিন বাদে তেরা হইবে ভালাই॥ গায়েবী দৌলত তুঝে দিবে পাক সাই * বিমার পড়িলে পাবে সেতাবি আরাম॥ থোড়া দিন পরে তুমি পাবে কিছু কাম * ঝগড়া লড়াই যদি থাকে কার সাথে॥ ছোলে হয়ে যাবে জান তাহার সঙ্গেতে * বেটা এক দিবে আল্লা তোমার ঘরেতে॥ নেকবক্ত হবে লাড়কা লেখে কেতাবেতে * তেল আর মাসকলাই রোজ শনিবারে॥ খয়রাত করিয়া দিবে দরবেশ ফকিরে * আফত বালাই সব কাটিয়া যাইবে॥ এলাহি আলমিনে সদা এয়াদ রাখিবে *

মোস্তরি ছেতারা অর্থাৎ জোমেরাতের ফাল ও
মোস্তরি ছেতারার নক্‌সা এই *

পয়ার * আঙ্গুল পড়িবে যার মস্তুরির ঘরে॥ খোলাসা আহওয়াল তার শুনাই সবারে * খুসি হালে দিন তেরা কাটিয়া যাইবে॥ আন্দেসা ফিকির গম কিছু না রহিবে * কার সাথে রহে যদি দুস্মনি বেগাড়॥ মিল হয়ে যাবে তার সঙ্গেতে তোমার * ফারাগতি হালে তেরা হইবে গোজরান॥ তেরা ঘরে বেটা এক দিবে ছোবহান * মাল তেরা চুরি গেলে পাবে আরবার॥ ধরা যাবে সেই চোর শোন সমাচর * কাঙ্গাল ফকিরে ডেকে রোজ লক্ষীবারে॥ ছোলা আর পয়সা দিবে বাটিয়া সবারে * খয়রাতে বরকতের বালা কাটিয়া যাইবে॥ খুসি খোসালেতে সদা গোজরান করিবে *

* মিররিখ ছেতারা অর্থাৎ মঙ্গলবারের ফাল ও মিররিখ ছেতারার নক্‌সা এই *

পয়ার * মিররিখের ঘরে যার আঙ্গুল পড়িবে॥ বহুত দুস্মন তার দুনিয়াতে হবে * যে কাম করিতে হবে এরাদা দেলেতে॥ হাছেল না হবে তাহা লেখে কেতাবেতে * আন্দেসা তোমার দেলে হইবে জেয়াদা॥ ভাবিলে তাহাতে কিছু না হবে ফায়েদা * থোড়া দিন মছিবতে রবে গেরেপ্তার॥ খুসি হাছেল হবে ফের পরেতে তাহার * বিমার আজার কিছু না রবে দেহেতে॥

ফেকের আন্দেসা গম না রবে দেলেতে * গোস্ত আর ভাল দিয়া মঙ্গলবার দিনে ॥ খয়রাত করিয়া দিবে ফকির মিসকিনে * কাটিবে আফত বালা ফজলে খোদার ॥ কহে হীন আবদুল ওহাব কেতাব ওতার *

* সমছ ছেতারার অর্থাৎ রবিবারের ফাল ও সমছ ছেতারার নক্সা এই *

পয়ার * সমছের ঘরে আঙ্গুল পড়িবে যাহার ॥ তার আলামত এই শোন সমাচার * যে কিছু এরাদা আছে তাহার দেলেতে ॥ হাছেল করিয়া তাহা দিবে পাকজাতে * আসক হইলে তুমি উপরে কাহার ॥ মাশুক হইবে রাজি উপরে তোমার * আগে তেরা যেই কাম গেছে বিগাড়িয়া ॥ সে কাম এখন যাবে হাছেল হইয়া * তঙ্গদস্তি দুরে যাবে ফারাগতি হবে ॥ বিমার আজার তেরা ওজুদে না রবে * দেল সাদ হবে তেরা ফজলে আল্লার ॥ লাড়কা এক তেরা ঘরে দিবে পরওয়ার * মোহতাজ ফকিরে ডেকে রোজ রবিবারে ॥ দুধ আর গম দিবে বাঁটিয়া সবাবে * তামাম আফত বালা হয়ে যাবে দুর ॥ ছোলেমানি তালেনামায় এয়ছাইই মজকুর *

* জোহরা ছেতারা অর্থাৎ জুম্মাবারের ফাল ও জোহরা ছেতারার নক্‌সা এই *

পয়ার * বড় নেক ফাল জান জোহরা ছেতারা ॥ বয়ান করিয়া কহি শোন ভাই ছারা * তেজারতে কেহ যদি গিয়াছে তোমার ॥ সেতাবি আসিবে ঘরে ডর নাহি তার * ঘোড়ায় চড়িতে যদি করিবে এরাদা ॥ মকছেদ তাহার পুরা করে দিবে খোদা * ফেকের আন্দেসা গম দেলে না রহিবে ॥ খুসির খবর কেহ তোমাকে পৌছাবে * নোকসান হয় যদি তোমায় মালেতে ॥ নাফা দিবে আল্লাতালা দোছরা দিনেতে * বিমারি ছববে. তুমি কষ্ট কিছু পাবে ॥ কেতাবি বিমার তেরা আরাম হইবে * নাফা কিছু হবে তেরা আওরত হইতে ॥ কিম্বা খাজেছারা হয় লেখে কেতাবেতে * বিদেশেতে যাও যদি করিতে ছফর ॥ তেজারতি কামে লাভ পাইবে বিস্তর * জুম্মার দিনেতে ঘিউ আর সোনা লিয়া ॥ খোদার রাহেতে নিবে খয়রাত করিয়া * ছদকা দিলে হর বালা দুর হয়ে যাবে ॥ রহে হীন আবদুল ওহাব যা ছিল কেতাবে *

* অতারদ ছেতারা অর্থাৎ বুধবারের ফাল ও অতারদ ছেতারার নক্‌সা এই *

পয়ার * অতারদের ঘরে আঙ্গুল পড়ে যদি ভাই॥ তাহার তাবির এই সবাকে শুনাই * যে কাম করিতে তুমি এরাদা করিবে॥ হরগেজ সে কাম নাহি হাছেল হইবে॥ বেকার আছ তুমি এস্কেতে যাহার॥ মাশুক মায়েল আছে উপরে তোমার * থোড়া দিন দুঃখ আছে তোমার উপরে॥ আছান হইয়া যাবে থোড়া দিন পরে * কোন আমিরের সাথে হবে মহব্বত॥ খাতের করিয়া তেরা বাড়াবে এজ্জত * রঙ্গিন কাপড় থোরা রোজ বুধবারে॥ খয়রাত করিয়া দিবে মোহতাজ ফকিরে * ছদকাতে আফত বালা হয়ে যাবে দুর॥ কহে হীন আবদুল ওহাব কেতাব মজকুর *

* সোমবারের ফাল ও কমর ছেতারার নক্‌সা এই *

পয়ার * আঙ্গুল পড়িবে যার কমরের ঘরে॥ আয়েশ আরামে আল্লা রাখিবে তাহারে * মোছাফির হালে যদি যায় তেজারতে॥ পাইবে বহুত নাফা লিখে কেতাবেতে * মালদার হবে তুমি কিছু দিন পরে॥ কিম্বা গায়েবের মাল মিলিবে তোমারে * দুস্মন তোমার সব হবে জেরবার॥ শেষেতে মিলিবে এসে সঙ্গেতে তোমার * খুস্কির ছফরে লাভ বহুত পাইবে॥ জাহাজেতে গেলে কিছু কম লাভ হবে * বেটা লাড়কা দিবে আল্লা ঘরেতে তোমার॥ সেই লাড়কা দুনিয়াতে হবে নেক্কার * ছদকা খয়রাত দিবে আল্লার রাহেতে॥ কাটীবে আফত বালা ছদকার বরকতে * কড়ি আর চাল লিয়া রোজ সোমবারে॥ খয়রাত করিয়া দিবে দরবেশ ফকিরে * ছেতারার ফালনামা হইল তামাম॥ তালেনামার হাল কিছু শোনহে এছলাম *

* ছোলেমানী তালেনামার বয়ান *

পয়ার * ছোমোনী তালেনামায় লেখা এই মতে॥ জারি হৈল তালেনামা ছোলেমানী হৈতে * মোহাম্মদ মোস্তাফা নবী খোদার মকবুল॥ ছোলেমানী তালেনামা দেখিয়া মাকুল * কিছু নাহি কহিলেন তালেনামা দেখে॥ মানা নাহি করিলেন দেখিতে কাহাকে * ফরমাইলেন রছুলুল্লা আপে এই মতে॥ না হবে জওয়াল এতে দীন এছলামেতে * নেক বদ অক্ত বুঝে যে কাম করিবে॥ আল্লার ফজলে তাহা মোবারক হবে * দেয়েরে পুছিয়া ছিলেন নবী ছোলেমান॥ মেরা আগে কহ তালেনামার বয়ান * চোরখিয়াত এলেমের জোরে দেওজাতে॥ গায়েবের হাল সব পারিত কহিতে * নবিজীর সামনে দেও দু-হাত জুঘিয়া॥ তালেনামার হাল কহে বয়ান করিয়া * বার বোরজ পয়দা করে এলাহি আলমিন॥ বার মাস হৈল তাতে জানিবে একিন * বার রাশি আদমের হইল তাহাতে॥ যতেক আদম জাত আছে দুনিয়াতে * যেমন যাহার রাশি তেমন ছুরাত॥ তেমনি মেজাজ আর চলন ও বাত * নেকী বদি দুনিয়াতে যাহা হয় যার॥ মিছাকের ছববেতে হয় সে সবার * দুখ সুখ যত হয় দুনিয়া মাঝার॥ ছেতারার গর্দ্দেশে হয় শোন সমাচার * হাম বোরজ যাকে ভাই বলে আরবিতে॥ তাহাকেই

মেষ রাশি বলে বাঙ্গালাতে * দোছরায় সুর বোরজ বলে যার তরে॥ বাঙ্গালায় বৃষ রাশি বলেন তাহারে * তেছরা জওজা বোরজ বলেন যাহায়॥ তাহাকে মিথুন রাশি বলে বাঙ্গালায় * চৌথায় ছরতান বোরজ বলেন যাহাকে॥ বাঙ্গালায় কর্কট রাশি বলেন তাহাকে * পঞ্চম আছদ বোরজ জানিবে মোমিন॥ বাঙ্গালায় সিংহ রাশি জানিবে একিন * শসমেতে সমছ বোরজ যারে কয়॥ কন্যা রাশি তার তরে বলে বাঙ্গালায় * হপ্তমে মিজান বোরজ যার তরে বলে॥ বাঙ্গালায় তুলা রাশি বলেন সকলে * আকবর বোরজ যাকে বলে অষ্টমেতে॥ বিছা রাশি তাহাকে যে বলে বাঙ্গালাতে * নবমেতে কুছ বোরজ যার তরে কয়॥ ধনু রাশি সবে তারে বলে বাঙ্গালায় * দশমেতে জুদি বোরজ বলেন যাহারে॥ মকর রাশি বাঙ্গালায় বলে তার তরে * এগারয়ে দোলো বোরজ কেতাবেতে কয়॥ বাঙ্গালাতে কুম্ভ রাশি বলেন তাহায় * বারওাতে হুত বোরজ জানিবে সকলে॥ বাঙ্গালাতে মিন রাশি তার তরে বলে * সাত ছেতারার নাম শোনাই সবায়॥ একে একে কহি আমি আরবি বাঙ্গালায় * সমছ ছেতারা যাকে আরবিতে বলে॥ বাঙ্গালাতে রবিগ্রহ জানিবে সকলে * আরবিতে কমর চেতারা বলে যাকে॥ বাঙ্গালাতে চন্দ্রগ্রহ বলে সবে তাকে * মিররিখ ছেতারা বলে যাকে আরবিতে॥ মঙ্গলগ্রহ তাকে বলে বাঙ্গালাতে * বাঙ্গালাতে বলে যাকে অতারদ ছেতারা॥ বুধগ্রহ বাঙ্গালায় শোন ভাই ছারা * আরবিতে মোস্তারি ছেতারা যারে বলে॥ বাঙ্গালায় বৃহস্পতি গ্রহ জানিবে সকলে * জোহল ছেতারা যারে বলে আরবিতে॥ শুক্র গ্রহ জান তারে বলে বাঙ্গালাতে * এ সাত ছেতারা জান বার বোরজেতে॥ হামেসা ঘুমিয়া ফেরে লেখে কেতাবেতে * আসমানি গর্দ্দেশ যেয়ছা করেন ছেতারা॥ দুনিয়ার কারখানা চলে সেই ধারা * বার কেছমের লোক যত খাছ আম॥ বার রাশি বিচে আছে আদম তামাম * কোন কোন হরফেতে কোন রাশি হয় * আবজদ হিসাবে পাবে তাহার নির্ণয় * বাঙ্গালায় ফায়দা মত লিখিবে যখন॥ আবজদ হিসাবে শোমার করিবে তখন * বাঙ্গালায় কায়েদা মত লিখিবে তাহায়॥ পয়ত্রিশ হরফ জান আছে বাঙ্গালায় * একে একে হরফের যত

আদত হইবে॥ নীচেতে লিখিয়া দিব দেখিয়া লইবে * মায়ের যে নাম হয় যে যে হরফেতে॥ লাড়কার নাম ফের লিখিবে তাহাতে * মা বেটার নামে যে হরফ হইবে॥ আবজদ হিসাবে তাহা শোমার করিবে * গোটা গোটা হরফ যেই লইবে ধরিয়া॥ আকার একার হশ্বি বাদ করে দিয়া * সোমার করিয়া যত মবলগে হবে॥ বার বার বাদ দিয়া তাহাতে যা রবে * যাহার যে রাশি তাহা পারিবে জানিতে॥ তালেনামা কেতাবেতে লেখে এই মতে * আবজদ ধরিতে ভুম হিসাব হইলে॥ খাছিয়েত না হবে ঠিক জানিবে সকলে * আবজদের হিসাব একে লিখি বাঙ্গালায়॥ কহে হীন আবদুল ওহাব ভাবিয়া খোদায় *

* রাশি গণনার আবজদের হিসাব *

ক ২১	খ ২২	গ ২৩	ঘ ২৪	ঙ ২৫
চ ৩১	ছ ৩২	জ ৩৩	ঝ ৩৪	ঞ ৩৫
ট ৪১	ঠ ৪২	ড ৪৩	ঢ ৪৪	ণ ৪৫
ত ৫১	থ ৫২	দ ৫৩	ধ ৫৪	ন ৫৫
প ৬১	ফ ৬২	ব ৬৩	ভ ৬৪	ম ৬৫
র ৭১	ল ৭২	স ৭৩	হ ৭৪	ক্ষ ৭৫
অ ৪৫	এ ৩৫	ই ৩৫	উ ২৫	ড় ৭১

মেষ রাশি হবে এক বাঁচিবে যাহার॥ দুই যদি বাঁচে বৃষ রাশি হবে তার * হিসাবে তিন অঙ্ক যাহার বাঁচিবে॥ মিথুন রাশি হবে

তার একিন জানিবে * চারে কর্কট পাঁচে সিংহ ছয়ে কন্যা রাশি॥ সাথে তুলা আটে বিছা ধনু নয়ে রাশি * এগার বাঁচিলে কুম্ভ একিন জানিবে॥ বার বার পুরা হইলে মিন রাশি হবে *

* জন্ম রাশির নামে আদ্য অক্ষর এই *

অঃ লঃ	মেষ রাশি, খাছলত আতসি, জাতে গরু॥
	৩।০ সওয়া তিন কাহন, মাহ বৈশাখ॥
ইঃ উঃ বঃ	বৃষ রাশি, খাছলত খাকি, জাতে হস্তি॥
	৫।০ সওয়া পাঁচ কাহন, মাহ জৈষ্ঠ্য॥
কঃ ছঃ	মিথুন রাশি, খাছলত আতসি, জাতে হস্তি॥
	৪॥০ সাড়ে চার কাহন, মাহ আষাঢ়॥
ডঃ হঃ	কর্কট রাশি, খাছলত আবি, জাতে বিড়াল॥
	১০ কাহান, মাহ শ্রাবণ॥
মঃ ঠঃ	সিংহ রাশি, খাছলত আতসি, জাতে কুকুর॥
	১২।০ সওয়া বার কাহন, মাহ ভাদ্র॥
টঃ ঙঃ পঃ থঃ	কন্যা রাশি, খাছলত বাদি, জাতে ইন্দুর॥
	১৪॥০ সাড়ে চৌদ্দ কাহন, মাহ আশ্বিন॥
রঃ তঃ	তুলা রাশি, খাছলত বাদ, জাতে সর্প॥
	১৬৷৷০ পৌনে সতের কাহন, মাহ কাত্তিক॥
নঃ জঃ	বিছা রাশি, খাছলত আবি, জাতে সর্প॥
	১৯ উনিশ কাহন, মাহ অগ্রহায়ণ॥
ফঃ চঃ ধঃ ভঃ	ধনু রাশি, খাছলত আতসি, জাতে সিংহ॥
	২১।০ সওয়া একশ কাহন, মাহ পৌষ॥
খঃ মঃ	মকর রাশি, খাছলত খাকি, জাতে ভেড়া॥
	২৩॥০ সাড়ে তেইশ কাহন, মাহ মাঘ॥
গঃ সঃ	কুম্ভ রাশি, খাছলত খাকি, জাতে ভেড়া॥
	২৫৷৷০ পৌনে ছাব্বিস কাহন, মাহ ফাল্গুণ॥
বঃ চঃ ঞঃ ক্ষঃ	মিন রাশি, খাছলত আবি, জাতে সর্প॥
	২৮ আটাস কাহন, মাহ চৈত্র॥

——০ঃ০ঃ০——

* বার রাশির তালেনামা *

* মেষ রাশি মর্দ্দের খাছিয়েতের বয়ান ও হাস্বব বুরুজের নকসা এই *

পয়ার * মেষ রাশির খাছিয়েত শুনাই সকল॥ হাম্বল বোরজ তার ছেতারা জোহল * মেজাজ আতসি তার কেতাবে লিখন॥ শিরি জবানেতে কথা বলে সর্ব্বক্ষণ * থোড়া বাতে গোস্বা হয় বুঝে চুপ রয়॥ পাক ছাপে রহে সদা ঘুম বেশী হয় * বড় হুসিয়ার হয় আক্কেলেতে দড়॥ অজুদ তাহার ক্ষীন জোরওয়ার বড় * পর উপকার করে না করে নোকছান॥ যার ভালা করে জানে দুস্মন সমান * নেক কামের আন্দেসায় হামেহাল রয়॥ করিতে গোনার কাম দেল নাহি চায় * ছাখাওতি কামে সদা থাকে খোসালিতে॥ তিল দাগ রহে মুখে আর পায়ে হাতে * এলেম হুনুরে খুব ওস্তয়ার হয়॥ নুতন নুতন কথা শুনায় সবায় * জাহানের লোক তারে করিবে পেয়ার॥ দুস্মন বহুত তার হবে জেরবার * দুস্মন তাহার কিছু নারিবে করিতে॥ দুস্মন হালাক হবে আপন বদিতে * থোড়া মালের সুখে সেই রহিবে সংসারে॥ এগানার মাল কিছু মিলিবে তাহারে * আপোষের সাথে তার নেফাক হইবে॥ ছওদাগরি কামে লাভ বহুত পাইবে * মুরব্বি ওস্তাদ পীর চলিবে মানিয়া॥ দোওয়া লিবে সবাকারে খেদমত করিয়া * পহেলা উম্মরে খুব সুখেতে রহিবে॥ মধ্যম বয়সে ফের দুক্ষেতে পড়িবে * সব দুঃখ কেটে যাবে ফজলে আল্লার॥ আখেরী উম্মরে সুখ হবে আরবার * এক কবিলায় তার গোজরান না হবে॥ বেটা বেটী হবে ঢের সব না বাঁচিবে*বেটা বেটী হৈতে কিছু না পাবে ভালাই॥ এক্

মোকানেতে হামেহাল রবে নাই * নেকির আন্দেসা দেলে হামেসা তাহার॥ নাপাক হইলে দেহ রবে বেকারার * নামাজের ওক্তে কভু নারী না রাখিবে॥ হামেহাল দুনিয়াতে পাকছাফে রবে * মেষ রাশি হয় যেই দুনিয়া বিচেতে॥ পানি লগ্নে জন্ম তার লেখে কেতাবেতে * ছয় সন গোজারিবে শনির দশাতে॥ বিমার পড়িয়া দুঃখ উঠাবে তাহাতে * চাঁদের পনের সাল পরেতে আসিবে॥ মাল মাত্তা লাড়কা বালা আরামে রহিবে॥ এইরূপে ত্রিশ সাল গোজারিয়া যাবে॥ মঙ্গল তাহার বাদে আসিয়া পৌছিবে * আট সাল গোজারিবে মঙ্গলের দশায়॥ হিসাবে উনচল্লিশ সাল পুরা হবে তায় * বিমার পড়িয়া বড় রবে আন্দেসাতে॥ আগুনেতে পুড়ে কিম্বা ডুবে সে পানিতে * সতের বৎসর ফের বুধের আসিবে॥ একুনে ছাপ্পান্ন সালের উম্মর হইবে * আওরত ও ধন কিছু মিলিবে তাহার॥ উনিশ সাল গুরুর ফের পাইবে আবার * গুরুর আমলে যাবে পঁচাত্তর সাল॥ বেড়াইবে দেশে দেশে হইয়া বদহাল * সুখের একুশ সাল হবে তার পরে॥ মালমাত্তা লাড়কা বালা হবে তার ঘরে * তিরানব্বই সাল এয়ছা গোজারিয়া যাবে॥ তাহার পরেতে রাহু পৌছিয়া আসিবে * পনের বৎসর ফের দুক্কেতে কাটিবে॥ একশও আট সাল গোজারিয়া যাবে * ছয় ফাড়া আছে জান তার জেন্দেগীতে॥ খোলাসা করিয়া তাহা লিখি এখানেতে * পহেলা সালেতে আর তেছরা সালেতে॥ আটচল্লিশ সাল আর পঞ্চাশ সালেতে * এ সকল ফাড়া যদি কাটিয়া উঠিবে॥ একশত আট সাল বাঁচিয়া থাকিবে * খোদার হুকুম মত যে চলে দুনিয়ায়॥ আর হর গোনা হৈতে বাজ যেবা রয় * পুরা হায়াত পায় সেই দুনিয়া মাঝার॥ হায়াত কাটা যায় জান ছববে গোনার * হর এক গোনার গামে পরহেজ থাকিবে॥ কহে হীন আবদুল ওহাব দেখিয়া কেতাবে *

* মেষ রাশি আওরতের খাছিয়েতের বয়ান *

মেষ রাশি নারীর হাল শোন বেরাদরে॥ চক্ষু কাল মাজা ক্ষীণ লম্বা চুল ছেরে * হাছিন আওরত হয় নাজনি আকার॥ পেশানি

ছায়েত নামা,

ছাফাই অতি দেখিতে বাহার * মিঠা মিঠা কথা কয় কোকিলের প্রায়॥ গোস্বা হৈলে সেই ঘড়ি ঠাণ্ডা হয়ে যায় * মুরব্বি ও বোজর্গের খেদমত করিবে॥ নেকির কামেতে দেল মায়েল রহিবে * বড় নেকবক্ত জান হবে সে আওরত॥ কিন্তু গালেব তারে রহিবে সহওত * প্রথম গোছলে ফাড়া দশ গুণ হয়॥ আছেব তাহার পিছে থাকিবে সদায় * আছেব তাহার কিছু করিতে না পারে॥ থাকিবে আছেব এক অজুদ মাঝারে * নানা দাগা করে সেই শুইলে খাবেতে॥ অঙ্গে বেথা হয় হায়েজ গোছলের অক্তে * ফুল নষ্ট কত আর কত দুঃখ দেয়॥ মনে সুখ নাহি সদা পেরেশান রয় * নাপাক থাকিলে অঙ্গ দেয় নানা দুক্ষ॥ সদা মন হুহু করে সদত অসুখ * বার বেটা বেটি হবে পেটেতে তাহার॥ সাত বেটা পাঁচ বেটী জান বেরাদর * তামাম আওলাদ তার কায়েম না রবে॥ কতেক রহিবে জেন্দা কেহ মারা যাবে * খছমের সাথে কভু খুসিতে থাকিবে॥ কভু খছমের সাথে বিবাদ করিবে * নাপাকিতে না রহিবে পাকছাফ রবে॥ খোদার হুকুম নাহি খেলাফ করিবে * পুর্ব্ব দুয়ারি ও পশ্চিম দুয়ারি ঘর॥ এই দুই ঘরে সুখ রবে বরাবর * ছয় ফাড়া আছে জান জেন্দেগীতে তার॥ আট ও আঠার আর আটত্রিশ বৎসর * পঞ্চাশ ও ষাট আর সত্তর সালেতে॥ এই ছয় ফাড়া আছে হায়াত বিচেতে * এই ছয় ফাড়া যদি তার কেটে যায়॥ আশী সাল তক বেঁচে রহিবে দুনিয়ায় * নহেত ফাড়ায় পড়ে পাইবে ওফাত॥ একিন জানিবে ইহা কেতাবের বাত *

* বৃষ রাশি মর্দ্দের খাছিয়েতের বয়ান ও বৃষ রাশি ছুর বুরুজের নক্সা এই *

বৃষ রাশির খাছিয়েত শুন সকলেতে॥ কোসাদা কপাল হয় হাছিন দেখিতে * চক্ষু মুখ বড় বড় ছহি মর্দ্দ হয়॥ থোড়া থোড়া

চুল হয় তাহার মাথায় * ছুর যে বোরজ তার মস্তুরি ছেতারা॥ মেজাজ তাহার খাকি শুন ভাই ছারা * হামেসা কহিবে কথা সিরি জবানেতে॥ ছখি মর্দ্দ হয় সেহ লেখে কেতাবেতে * এগানা বেগানা খুব মানিয়া চলিবে॥ পীর মোরশেদের বড়া খাতের করিবে * তেজারতে গেলে সেহ হবে মালদার॥ লাভ হবে পালে যদি চার পায়া জানওয়ার * ছফরের চাঁদ আর সোমবার দিনেতে॥ রোজ বুধবার আর জুম্মার দিনেতে * যে কাম করিবে তাতে মোবারক হবে॥ আর কোন দিন এয়ছা নাফা না পাইবে * খেলাইবে ভক্তি করে রাহি মোছাফেরে॥ কোন বাতে দুক্ষ নাহি হইবে তাহারে * বহুত দুস্মন তার হবে দুনিয়াতে॥ মামেলায় দাঁড়াবে হাকিমের ডাহিনেতে * মালি মকদ্দমা যত হইবে তাহার॥ দুস্মন তাহার সব হবে ছারখার * তিন বিবি হবে তার তামাম উম্মরে॥ পাঁচ বেটী সাত বেটা হবে তার ঘরে * লাড়কাইতে দুক্ষ জওয়ানিতে সুখ হবে॥ জইফি কালেতে ফের দুক্ষ উঠাইবে * একবার চোট খাবে জেন্দেগীতে তরে॥ বরাবর সে দাগ রবে অজুদ মাঝারে * পেটের বিমার হবে ধাতু টান হৈলে॥ কু-স্বপন দেখিবে সে শুয়ে রাত কালে * বৃষ রাশির জন্ম হৈল গুরুর দশায়॥ উনিশ সাল তক ভোগ রহিবে নিশ্চয় * গুরুর দশায় জন্ম আধা ফল পাবে॥ বিমার ও দুঃখে বড়া হয়রান হইবে * রাহুর সে বার সাল পাবে তা পরেতে॥ জাম মাল ভাল মতে রবে আরামেতে * এরূপে একত্রিশ সাল যাবে গোজারিয়া॥ একুশ সাল শুক্রের ফের পৌছিবে আসিয়া * শুক্রের দশায় ফের সঙ্কটে পড়িবে॥ রোগ শোকে নানামতে দুঃখ উঠাইবে * এইরূপে গোজারিবে উননিশ সাল॥ নানা দুঃখ পাবে রোগে হইবে বদহাল * শনির যে দশা সেই পাবে তা পরেতে॥ ধন জনে ভরপুর রহিবে খুসিতে * ছাপ_পান্ন বৎসর এইরূপে গোজারিবে॥ গুরুর আমলে খুব সুখেতে রহিবে * মাল মাত্তা ধন জন পাইবে বিস্তর॥ এইরূপে গোজারিবে উনিশ বৎসব * পচাত্তর সাল এয়ছা যাবে গোজারিয়া॥ রাহুর আমল ফের পৌছিবে আসিয়া * বার সাল তক বহু দুঃখ দিবে ফের॥ রোগে শোকে নানা দুঃখে হইবেক জের * সাতাশী বৎসর এয়ছা গোজারিলে পর॥

হায়াত আখেরী তার কেতাবে খবর * ছয় ফাড়া আছে জান হায়াতে তাহার ॥ একে একে লিখি শোন তার সমাচার * এই তিন সাল আর আটগুা সালেতে॥ চব্বিশ আর ত্রিশ আর আটচল্লিশ সালেতে * এই ছয় ফাড়া কেটে যায় যদি তার॥ বাঁচিবে সাতাশী সাল দুনিয়া মাঝার * নহেত ফাড়ায় পড়ে ওফাত পাইবে॥ আল্লার আলম বেচ্ছওয়াব লিখিল কেতাবে *

* বৃষ রাশি আওরতের খাছিয়েতের বয়ান *

বৃষ রাশি আওরতের শুনহে বয়ান॥ খুব ছুরত নারী তার সিরনী জবান * বড় বড় চক্ষু তার কথা কহে জোরে॥ ধাতু টান ছববেতে বেটা ব্যথা ধরে * তিল দাগ হয় তার কান্ধে ও পায়েতে॥ শোওয়ার ছববে ব্যথা হয় অজুদেতে * বেটা বেটী তার যত উদরেতে হয়॥ মোটা তাজা নাহি হয় ক্ষীণ হালে রয় * নজর রহে দেও পরীর তাহার উপরে॥ হামেসা বদ খাব দেখে নিন্দের খোমারে * আর এক আছেব সদা অঙ্গে ফেরে তাব॥ রোগে ফেলে ফল নষ্ট করে দুরাচার * লাজেম তাহাকে সদা পাকছাফ রয়॥ রোজা ও নামাজে কভু গাফেল না হয় * হায়েজের মুদ্দতে তওবা আস্তাগফার করে॥ বসতি করিবে উত্তর দক্ষিণের ঘরে * নিন্দ না যাইবে কভু নাপাকি হালেতে। না শোবে পতির কাছে ছোবে ছাদেকেতে * জেন্দেগীতে নয় ফাড়া আছে তার পরে॥ পহেলা সলেতে আর আঠার বৎসরে*তিরিশ চল্লিশ আর পঞ্চাশ সনেতে॥ আর এক ফাড়া আছে ষাইট সালেতে * এ সব ফাড়ায় যদি রহে সে বাঁচিয়া॥ বাঁচিবে সাতাশী সাল শুন মন দিয়া *

* মিথুন রাশির মর্দ্দের খাছিয়েতের বয়ান ও মিথুন রাশি জওজা বোরজের নক্সা এই *

পয়ার * মিথুন রাশির তালেনামা শুন ভাই সবে॥ ক্ষীণ অজুদ .

হয় তার জাহের কেতারে * আক্কেলমন্দ হবে খুব দুনিয়া মাঝার ॥ এলেমে হেলেমে বড় হবে হুসিয়ার * জওজা বোরজ তার মিররিখ ছেতারা ॥ মেজাজ তাহার বাদি শোন ভাই ছারা * মিঠা মিঠা বাত কহে থাকে সদা খোসে ॥ সকলের সাথে থাকে ছলা পরামশে * দুনিয়ার হেরেছে পড়ে জমাইবে মাল ॥ ছাখাওতি কামে তার না রবে খেয়াল * নেকির আন্দেসা তার মনে সদা হবে ॥ করিয়া গোনার কাম তওবা সে করিবে * বুকে পিঠে তিল দাগ হইবে তাহার ॥ মোবারক হবে তার রোজ মঙ্গলবার * কিম্বা তিল দাগ রবে তাহার পেটেতে ॥ বহুত পাইবে লাভ গেলে তেজারতে * একবার উচা হৈতে নীচেতে গিরিবে ॥ জানেতে বাঁচিবে কিন্তু বিমারি হইবে * জলদি হইবে গোশ্বা বুঝিয়া শেষেতে ॥ তখনি হইবে ঠাণ্ডা লেখে কেতাবেতে * কড়া কথা বলিবেক কামের অক্তেতে ॥ চুক না হইবে কভু তাহার কামেতে * জওয়ানি উম্মরে খুব করিবে রোজগার ॥ না পারিবে এক পাই রাখিতে তাহার * ফরজন্দের গম তার দেল সদা রবে ॥ ছফরের ছববে সদা বিমার হইবে * আছেব এক লাগা আছে তাহার পিছেতে ॥ হামেহাল দাগাদার চাহে দাগা দিতে * বহুত হইবে নিন্দ তাহার আখেতে ॥ বেহুস হইয়া শোবে ভোরের অক্তেতে * তিন জরু হইবে তার দুনিয়া মাঝার ॥ পাঁচ বেটা হবে আর বেটি হবে চার * সব না রহিবে বেঁচে দুনিয়ার পরে ॥ কিম্বা সে আওলাদ রেখে আপে যায় মরে * জন্ম হইল তার চন্দ্রের দশাতে ॥ পনর বৎসর তক রহিবে সুখেতে * তাহা বাদে আট সাল পাবে মঙ্গলের ॥ নানা দুঃখ উঠাইবে তাহার খাতের *এইরূপে তেইশ সাল গোজারিয়া যাবে ॥ বুধের সতর সাল তার পরে পাবে * মাল ও আওলাদ লিয়া রহিবে সুখেতে ॥ একুনে চল্লিশ সন হৈল হিসাবেতে * তা বাদেতে পড়িবেক শনির দশায় ॥ দশ সাল বড় দুক্ষ উঠাইবে তায় * হিসাবেতে পঞ্চাশ সাল হইবে যখন ॥ গুরুর উনিশ সন দিবে দরশন * খুসি খোসালিতে ফের আরামে রহিবে ॥ উনসত্তর সাল যবে হিসাবে হইবে * তার পরে পড়িবেক দারুণ ফাড়ায় ॥ হায়াতের জোর রইলে বেঁচে যাবে তায় * যদি সে বাঁচিয়া যায় সেইত ফাড়াতে ॥ আরবার পড়িবে সেই

রাহুর দশাতে * নানামতে দুক্ষে পড়ে হবে বেকারার॥ ধন জন মালমাত্তা হবে ছারখার * জেন্দেগীতে চারিবার গিরিবে ফাড়াতে॥ ষোল বৎসরেতে আর তিরিশ সালেতে * পঞ্চাশ বৎসতেতে আর উনসত্তর সনে॥ এই চারি ফারায় যদি বাচে সেই জনে॥ একাশী বৎসর বেঁচে রবে দুনিয়াতে॥ তালেনামা কেতাবেতে লেখে এই মতে *

——ঃ০ঃ——

* মিথুন রাশি আওরতের বয়ান *

তালেনামা শুন মিথুন রাশি রমণীর * একে একে লিখি সব করিয়া জাহির * নাজনি আওরত হয় দেখিতে হাছিন॥ মানিবে ওস্তাদ পীড়ে অঙ্গ তার ক্ষীণ * রহম দেল হয় সেহ দুনিয়ার পরে॥ খছমের খেদমত করিবে বরাবরে * আছেব এক হামেহাল অঙ্গে থাকে তার॥ নিন্দের সময় এলে দেহ হয় ভার * তিন চার রোগ তার অজুদেতে থাকে॥ তেকারণে কভু কভু জ্বর হয় তাকে * তাহার দাওয়াই এই শুন মন দিয়া॥ দাল চিনি হর বা লবঙ্গ লিবে মাঙ্গাইয়া * জৈষ্ঠমধু বিট নুন আমলকি আর॥ কুটীয়া এ সব দাওয়া গুলি বেঙ্কে তার * হর মাসে একবার দাওয়াই খাইবে॥ নাপাকির হালে তওবা হামেসা করিবে * পূর্ব্বদিকের ঘরে সদা রহিবে সুখেতে না হইবে দুঃখ তার কোন তরফেতে * না যাইবে নিন্দ ফজর নামাজের অক্তে॥ ভোরের অক্তে না মিলিবে খছমের সাথে * গোনার কামেতে যদি বাজ সদা রয়॥ একাশী বৎসর বেঁচে রবে দুনিয়ায় * চারি ফাড়া আছে জান তার জেন্দেগীতে॥ তেইশ চল্লিশ আর ষাট বৎসরেতে * একাশী সালেতে যবে পড়িবে ফাড়ায়॥ তাহাতে মরণ তার জানিবে নিশ্চয় * আবদুল ওহাব বলে হীন খাকছার॥ তওবা আস্তাগফার সদা পড় দীনদার * দমের ভরসা নাই শোন ভাই সবে॥ তওবার বরকতে গোনা মাফ হয়ে যাবে *

* কর্কট রাশির খাছিয়েতের বয়ান ও কর্কট রাশি ছরতান বোরজের নক্‌সা এই *

পয়ার * কর্কট রাশির হাল শোন এইবার ॥ ছরতান বোরজ জোহরা ছেতারা তাহার * আবি মেজাজ তার হয় সে ছাবের ॥ পেয়ার করেন সবে তাহার খাতের * ইমানদার হয় সেই দুনিয়ার পরে ॥ ধীরে ধীরে চলে সেই রাহের উপরে * গোস্বা এসে যখন তার মেজাজেতে চড়ে ॥ আঁখি হৈতে পানি তার ঝর ঝর পড়ে * মালদার হবে কভু তঙ্গদস্তে রবে ॥ মা বাপ ও এগানার খেদমত করিবে * এলেম হোনরে বড়া হবে হুসিয়ার ॥ যাইবে যাহার কাছে করিবে পিয়ার * আওরতের সাথে তার ভাব না রহিবে ॥ ঝগড়া ফছাদ তার সঙ্গে সদা হবে * বলগাম ছববে তার হইবে বিমার ॥ দরদ ছেরেতে রবে হামেহাল তার * তিন জরু হবে তার লেখে কেতাবেতে ॥ তিন বেটা তিন বেটি হইবে ঘরেতে * লাভ না পাইবে দক্ষিণের ছফরেতে ॥ বহুত মোনাফা পাবে গেলে উত্তরেতে * জনম হইল তার চাঁদের আমলেতে ॥ লাড়কাই উম্মরে খুব রহিবে সুখেতে * পনর বৎসর তক সুখেতে রহিবে ॥ তাহা বাদে মঙ্গলের আট সাল পাবে * নানামতে দুঃখে কেলেশ ঘটিবে তাহায় ॥ চোরে চুরি করে কিবা ঘর জ্বলে যায় * তেইশ সাল পুরা যদি হৈল এরূপেতে ॥ বুধের সতের সাল আসিবে পরেতে * জন ফরজন্দ মালমাত্তা হবে আরবার ॥ চল্লিশ সাল গোজারিবে এরূপে তাহার * তার পরে শনি এসে করিবে দখল ॥ ধন জন ছারখার হইবে সকল * ঘর বাড়ী ধন কড়ি বিরান হইবে ॥ ফকিরের বেশে

দেশে দেশে ফেরাইবে * দশ সাল নানা দুঃখ দিবে এই মতে॥ হিসাবে পঞ্চাশ সাল হৈল একুনেতে * শনির পরেতে গুরু আসিয়া পৌছিবে॥ উনিশ সাল তক সুখে গোজরান করিবে * উনসত্তর সাল তক রহিবে খুসিতে। রাহুর আমল হবে তাহার পরেতে * ধন জন ঘর বাড়ী হইবে বিরান॥ ভিখ মেঙ্গে আখেরেতে করিবে গোজরান * বার সন তক এয়ছা দুঃখেতে রহিবে॥ একাশী বৎসর যবে একুনেতে হবে * শুক্রের আমল হবে তাহার পরেতে॥ ধন জন হবে ফের সাবেকের মতে * ছরদারি পায় কিবা বাদশার উজির॥ চৌদা সাল তক রবে খোসাল খাতির * পচান্নবই সাল তার হইবে যখন॥ ওফাত পাইবে সেই কেতাবে লিখন * সাত ফাড়া আছে জনে তাহার হায়াতে॥ দুই তিন তের আর তিরিশ সালেতে * চল্লিশ বাষটটি আর সত্তর বৎসর॥ এই সাত ফাড়া আছে কেতাবে খবর * এই সাত ফাড়া যদি কেটে তার যায়॥ পচনব্বই সাল তক বাঁচিবে দুনিয়ায় *

* কর্কট রাশি আওরতের খাছিয়েতের বয়ান *

পয়ার * কর্কট রাশি আওরতের শোন বিবরণ॥ নজ্জুমি কেতাব মধ্যে লিখেছে যেমন * রূপবতী হয় সেহ হাছিন দেখিতে॥ হামেসা রহিবে রুজু খছমের খেদমতে * হামেহাল রবে খছমের তাবেদার॥ তিল দাগ রবে জান বুকেতে তাহার * বেটা বেটি যত তার দুনিয়াতে হবে॥ অর্দ্ধেক মরিবে আর অর্দ্ধেক বাঁচিবে * রবি ও মঙ্গল আর লক্ষীবারেতে॥ না মিলিবে আজনার খছমের সাথে * পশ্চিম-পুর্ব্বের ঘরে থাকিবে খুসিতে॥ কোশেষ করিয়া রবে পাক ছাফাইতে * সত্তর বছর জান হায়াত তাহার॥ বিমারি হইবে তাহার পেটের মাঝার * ওফাত পাইবে বিবি সেই বিমারিতে॥ সাত ফাড়া আছে জান তার জেন্দেগীতে * এক তিন সাত তের পঁয়ত্রিশ সালেতে॥ চল্লিশ বত্‌সর আর বাষটটি সালেতে * এ সাত ফাড়াতে যদি বেঁচে সেহ রয়॥ বাঁচিবে সত্তর সাল জানিবে নিশ্চয় *

* সিংহ রাশি মর্দ্দের খাছিয়েতের বয়ান ও সিংহ রাশি আছদ বোরজের নকসা এই *

পয়ার * সিংহ রাশি তালেনামা শুনহে সবায়॥ আছদ বোরজ তারে কেতাবেতে কয় * অতারদ ছেতারা হয় তাহার রাশিতে॥ আতসি মেজাজ তার হবে দুনিয়াতে * বহুত লোকের সেই ভালাই করিবে॥ এক মাকানেতে সেহ হামেসা রহিবে * আজার পাইবে সেহ হায়ওয়ান হ'তে॥ জানওয়ার হইতে খুব রবে হুসিয়ারিতে * বুকে আর পিঠে তিল দাগ হবে তার॥ হামেসা পা লবে সেহ চার পায়া জানওয়ার * লক্ষীবারে কোন কাম ওফা হবে নাই॥ আর আর বারে খুব পাইবে ভালাই * বেগানা ভালাই সেহ হামেসা করিবে॥ রোজগার করিবে খুব রাখিতে নারিবে * না পারিবে করিবারে মা বাপের খেদমত॥ সেতা'ব মা বাপ তার পাইবে ওফাত * সিংহ রাশি হয় যেই দুনিয়া মাঝার॥ সবাকে চাহিয়া সেহ হয় গোশ্বাদার * আওলাদ বহুত কিন্তু থোড়া কিছু রবে॥ যাহারা বাঁচিবে তারা বক্তেওয়ার হবে * না করিবে খাতের সেহ এগানা লোকের॥ বহুত দুস্মন তার হইয়া যাবে জের * তেজ হাতিয়ার হৈতে হুসিয়ার রহিবে॥ গাফেল পাইলে কেটে খুন জাবি হবে * মাল কিছু চুরি যাবে তার ঘর হৈতে॥ ঢুড়িলে হরগেজ না পাইবে কোন মতে * চান্দের দশাতে জন্ম তাহার জানিবে॥ লাড়কাই উম্মরে খুব সুখেতে র'হিবে * তার বাদে মঙ্গলের পাবে আট সন॥ নানা কষ্ট মোছিবত ঘটিবে তখন * এইরূপে তেইশ বচ্ছর গোজারিবে॥ বুধের সতের সন তা বাদেতে

ছায়েতনামা,

পাবে * নানামতে সুখ ভোগ রহিবে খুসিতে॥ হিসাবে চল্লিশ সাল হইল একুনেতে * শনির যে দশ সন পাবে তার পরে॥ চোর অগ্নির ভয় কিম্বা ধন জন হরে * কিম্বা ছফরেতে গিয়া নানা কষ্ট পাবে॥ এরূপে পঞ্চাশ সাল গোজারিয়া যাবে * গুরুর উনিশ সাল পাবে তার পর॥ বহুত সুখেতে রবে কেতাবে খবর * উনসত্তর সাল গোজারিবে এরূপেতে॥ বার সাল রাহুর আমল হবে তা পরেতে * ধন জন ঘর কিবা নিজে মারা যায়॥ একাশী বচ্ছর পুরা হইবে তাহায় * এইমত হায়াত তার লেখে কেতাবেতে॥ আট ফাড়া আছে জান তার জেন্দেগীতে * তিন তের বিশ তিরিশ চল্লিশ সালেতে॥ পঞ্চাশ ও ষাইট আর সত্তর সালেতে * এই আট ফাড়া হৈতে বেঁচে যদি রয়॥ বাঁচিবে একাশী সাল জানিবে নিশ্চয় * আবদুল ওহাব কহে নবীর কদমে॥ যে কেহ পড়িবে দোওয়া দিবে এ অধমে *

* সিংহ রাশি আওরতের খাছিয়েতের বয়ান *

পয়ার * সিংহ রাশি আওরতের হাল শুন এবে॥ যেই মত লিখিয়াছে নজ্জুমি কেতাবে * কামেতে চালাক হবে সুন্দর দেখিতে॥ খছমের তাবে রবে খুসি খোসালিতে * সাত বেটা নয় বেটী পেটে তার হবে॥ তিন পতি হবে তার জাহের কেতাবে * আছেব রহিবে এক তাহার উপরে॥ দেখাইবে বদ খাব নিন্দের খোমারে * কভু কভু ব্যথা হবে বুকে ও পেটেতে॥ মশগুল রহিবে সদা রোজা নামাজেতে * বেটা বেটী যত তার দুনিয়াতে হবে॥ অর্দ্ধেক মরিবে আর অর্দ্ধেক বাঁচিবে * সত্তর বচ্ছর হায়াত জান সে নারীর॥ যদি নাহি কাটা যায় গজবে বারির * তনুক মেজাজ বিবি গোস্বাওয়ার হবে॥ ঝগড়ায় তার সাথে কেহ না আটিবে * সাত ফাড়া আছে জান তাহার উপরে॥ তিন তের বিশ আর তিরিশ বচ্ছরে * চল্লিশ পঞ্চাশ সনে আর ষাট সালে॥ এই সাত ফাড়া তার জানিবে সকলে * এই সব ফাড়ায় যদি রহে সে বাঁচিয়া॥ বাঁচিবে সত্তর সাল শুন মন দিয়া *

* কন্যা রাশি মর্দ্দের খাছিয়েতের বয়ান ও কন্যা রাশি ছোম্বলা বোরজের নক্সা এই *

পয়ার * কন্যা রাশি মরদের হাল শোন ভাই॥ খোলাছা আহওয়াল তার সবাকে শোনাই * ছোম্বলা বোরজ তার সমছ ছেতারা॥ মেজাজ তাহার খাকি শুন ভাই ছারা * সমছ ছেতারা তাকে আরবিতে বলে॥ বাঙ্গালায় সূর্য্য বলে জানিবে সকলে * শুনিবে যে কথা সেহ লইবে শিখিয়া॥ আপনা দেলের কথা না কবে খুলিয়া * দুনিয়ার মধ্যে খুব মাল জমাইবে॥ হালাল হারামে নাহি খেয়াল রাখিবে * মিঠা কথা কহিবে সে নজ্দিকে সবার॥ কওমের মধ্যে সেই হইবে ছরদার * আপনার ঘর ছেড়ে কোথাও না রবে॥ তামাম অজুদে তার তিল দাগ হবে * তাহার অজুদ ক্ষীণ হবে দুনিয়াতে॥ দক্ষিণে সফরে গেলে কাম হবে ফতে * আর অন্য দিকে গেলে লাভ না পাইবে॥ জুমা আর বুধবারে ফায়দা মিলিবে * মালি মোকদ্দমা তার হৈলে কার সাথে॥ খাড়া হবে হাকিমের ডাহিন দিকেতে * মামলায় ফতেমন্দি হইবে তাহার॥ দুস্মন তাহার যত হবে ছারখার * তাহার এগানা যত আগে মরে যাবে॥ ফরজন্দান মধ্যে তার কেহ কেহ রবে * সাপ বিচ্ছু বাঘ ভালুক দেও পরী আর॥ দাঙে পেলে কষ্ট দিবে রহিবে হুসিয়ার * দুই বিবি হবে তার দুনিয়ার পরে॥ খেদমতে হাজির তারা রবে বরাবরে * চারি বেটা আট বেটি ঘরে তার হবে॥ প্রথম বয়সে খুব সুখেতে রহিবে * মধ্যম বয়সে দুঃখ ঘটিবে তাহায়॥ শেষকালে সুখে রবে জানিবে নিশ্চয় * বুধের সতের সন সুখেতে রহিবে॥ তারপরে শনির যে দশ সন পাবে * ধন জন নাশে কিবা বিদেশেতে

যায়॥ নানামতে কষ্ট জান ঘটিবে তাহায় * বাইশ সাল এইরূপে যাবে গোজারিয়া॥ দেশে দেশে বেড়াইবে কষ্ট উঠাইয়া * গুরুর পাইবে ফের উনিশ বচ্ছর॥ মাল মাত্তা ধন জন বাড়িবে বিস্তর * ছেচল্লিশ সাল এয়ছা গোজারিয়া যাবে॥ তাহা বাদে রাহুর যে গ্রাস যে করিবে * ভাতে ভাতে কষ্ট পাবে রাহুর দশাতে॥ খানে বিরান হয়ে সেই যাবে বিদেশেতে * চোরে চুরি করে কিবা ঘর জ্বলে যায়॥ কিবা সে বিমার পড়ে বেকারার রয় * বার সাল তক কষ্ট এইমত দিবে॥ একুনে পঞ্চাশ সাল হিসাবে হইবে * তারপরে শুক্র ফের আসিয়া পৌছিবে॥ একুশ বচ্ছর তক সুখেতে রহিবে * একুনে উনয়াশি সাল হৈল হিসাবেতে॥ এতেক হায়াত তার লেখে কেতাবেতে * সাত ফাড়া আছে জান তার উপরেতে॥ তিন তের পনর ও বিশ বচ্ছরেতে * চল্লিশ পঞ্চাশ আর সত্তর বচ্ছরে॥ এই সাত ফাড়া আছে তাহার উপরে * এই সাত ফাড়া হৈতে বেঁচে যদি রয়॥ উনয়াশি সাল তক রবে দুনিয়ায় *

* কন্যা রাশি আওরতের খাছিয়েতের বয়ান *

পয়ার * কন্যা রাশি আওরতের শুন এবে হাল॥ সিরিনী জবান হয় হাছিন জামাল * ইমানদার হয় সেই গুরু ভক্তি করে॥ তিন খছম হয় তার দুনিয়ার পরে * চার বেটা আট বেটি আল্লা দিবে তাকে॥ কিন্তু যে আছেব এক তার সাথে থাকে * বদ খাব হামেহাল দেখায় ঘুমেতে॥ বিমারি হালেতে বিবি থাকে দুনিয়াতে * হামেসা রহিবে রোজা জুমা জোমেরাতে॥ রহম করিবে বারি তার উপরেতে * যত দিন রবে হায়েজ নেফাছ হালেতে॥ তওবা আস্তাগফার সদা পড়ে জবানেতে * নামাজের অক্তে পতি সঙ্গে না মিলিবে॥ উত্তর ভিটের ঘরে সদা সুখে রবে * আট ফাড়া আছে জান তাহার উপরে॥ তিন তের পনর বিশ তিরিশ বচ্ছরে * চল্লিশ পঞ্চাশ আর সত্তর সনেতে॥ এই আট ফাড়া আছে তার উপরেতে * উনয়াশি সাল পুরা হইবে যখন॥ ওফাত পাইবে সেই কেতাবে লিখন *

* তুলা রাশি মর্দ্দের খাছিয়েতের বয়ান ও তুলা রাশি মিজান বোরজের নক্‌সা এই *

ত্রিপদী ছন্দ * তালেনামা শুন এই ফের, তুলা রাশি মরদের, আবজদ হিসাবে হয় যার ॥ মিজ্ঞান বোরজ তায়, কোমার ছেতারা হয়, বাদি যে মেজাজ হয় তার * বড় ছাখাওত হয়, ভুখার খবর লেয়, হয় তার সিরিনী জবান ॥ যার সেহ ভাল করে, বুরা সবে জানে তারে, কি লিখিব তাহার বয়ান * সেই মর্দ্দ নেক্‌কার, এক কড়া যদি কার, নোকছান করে দুনিয়াতে ॥ দশ টাকা যাবে তার, মিজ্ঞান বোরজ তার, এই মত লেখে কেতাবেতে * হামেসা সে আপনার, রোজগার খাইবে আর, তিল দাগ হইবে ছিনায় ॥ শনিবারে কোন কাম, না হইবে আনজাম, পশ্চিম ছফরে যদি যায় * লাভ খুব পাবে তাতে, রবে খুব আরামেতে. পালে যদি কোন জানোয়ার ॥ পাল খুব বেড়ে যাবে, চোগুণ মোনাফা পাবে, কার নাহি হবে এন্তেজার * রজবের চান্দ আর, হৈলে রোজ শুক্রবার, যে কাম করিবে ওফা হবে ॥ এক আওরত আর, দুস্মন হইবে তার, দাগা দিতে কোশেষ করিবে * এগানার সাথে তার, নেফাক হইবে আর, মিল নাহি রবে আপসেতে ॥ পাঁচ বেটা সাত বেটি, ঘরে তার হবে খাঁটি, অর্দ্ধেক বাঁচিবে তাহা হইতে * ফরজন্দ যে রবে তার, হবে খুব বক্তেওয়ার, কার তাবেদার না হইবে ॥ বায়ু বন্দ হৈলে পরে, বিমার হইবে তারে, পথে ঘাটে দহসত খাইবে * সাপ বিছা দেও আর, দুস্মন হইবে তার, হুসিয়ারিতে রবে খবরদার ॥ দুস্মন বহুত হবে, পিঠ পিছে বুরা কবে, বাজেলোক হবে তাবেদার * রবে পাক

ছাফাইতে, মসগুল থাকে এবাদতে, হামেহাল রহিবে দুনিয়ায়॥ জহেল লোকের সাথে, না বসিবে কোন মতে, পরহেজেতে রহিবে সদায় * বুধের দশাতে আর, জন্ম জান হৈলে তার, আশা ফল পাবে দুনিয়াতে॥ লাড়কা কালে ভাল রবে, পরে নানা কষ্ট পাবে, দশ সাল শনির দশাতে * রোগ শোক নানামতে, কিম্বা যায় বিদেশেতে, বেড়াইবে বুরা হাল হৈয়া॥ সাতাশ বচ্ছর পরে, গোজারিবে এ প্রকারে, গুরু ফের পৌছিবে আসিয়া * সতের উনিস সন, দিবে এসে দরশন, ধন জনে সুখেতে রহিবে॥ ছেচল্লিশ সন তাতে, গোজারিবে হিসাবেতে, রাহু এসে গ্রাস যে করিবে * বার শাল যাবে ফের, নানামতে হবে জের, ধন জন নাশ হবে তায়॥ কিম্বা জানে মারা যাবে, নহেত বিমার হবে, কিবা বিদোশতে যেতে হয় * আঠার বচ্ছর এতে, হৈল জান একুনেতে, শুক্র এসে করিবে আমল॥ একুশ বচ্ছর পরে, রবে খোসাল অন্তরে. ধন জন হইবে সকল * উনয়াশি সাল যবে, একুনে হিসাব হবে, রবি ফের দিবে দরশন॥ ছয় সাল তা পরেতে, কষ্ট পাবে নানামতে, বিমারিতে হবে জ্বালাতন * পঁচাশি বচ্ছর এতে, গোজারিবে এই মতে, চান্দের আমল ফের হবে॥ পনের বচ্ছর ফিরে, রবে খোসাল অন্তরে, রোগ শোক তফাত হইবে * এক শত সাল যাবে. হিসাবেতে পুরা হবে, ওফাত যে হইবে তাহার॥ আটবার জেন্দেগীতে, ফাড়ায় পড়িবে তাতে, লিখি শুন তার সমাচার * পহেলা বচ্ছরে আর, তিন সাল পরে তার, ত্রিশ আর আর সাইত্রিশ সালেতে॥ চল্লিশ পঞ্চাশ সালে, আটবার আশি সালে, এইমত লেখে কেতাবেতে * যদি অষ্ট ফাড়া হৈতে, বাঁচে যদি দুনিয়াতে, শও সাল রহিবে বাঁচিয়া॥ ভেবে পাক নিরাঞ্জনে, আবদুল ওহাব ভনে, তালেনামা কেতাব দেখিয়া *

---

* তুলা রাশি আওরতের খাছিয়েতের বয়ান *

পয়ার * তালেনামা শুন তুলা রাশি আওরতের॥ সু-ডউল নারী হয় চলনাহংসের * মুখে কড়া কথা কহে কঠিন অন্তর॥

ধীরে ধীরে চলে সেহ দেখিতে সুন্দর * যত কাজ সিদ্ধ তার হয় শনিবারে ॥ কর্ম্মেতে চালাক হয় ফেরে ঘরে ঘরে * সাত বেটা পাঁচ বেটী পেটে হবে তার ॥ খুসি খোসালিতে রবে দুনিয়া মাঝার * উত্তর দুয়ারি ঘরে সুখেতে রহিবে ॥ আর আর দিকে তার সুখ নাহি হবে * হামেসা রহিবে সেহ পাক ছাফ হালে ॥ রোজা ও নামাজে কভু না রবে গাফেলে * চার স্বামী হবে তার তালেনামার লিখন ॥ আট ফাড়া আছে তার শুন দিয়া মন * তিন তের বিশ আর তিরিশ সালেতে ॥ চল্লিশ পঞ্চাশ আর ষাইট সালেতে * সত্তর লইয়া এহি আট ফাড়া তার ॥ আশী সাল বেঁচে রবে দুনিয়া মাঝার *

* বিছা রাশি মর্দ্দের খাছিয়েতের বয়ান ও বিছা রাশি আকরব বোরজের নক্‌সা এই *

পয়ার * বিছা রাশির তালেনামা শুন ভাই ছারা ॥ আকরব বোরজ তার জোহল ছেতাবা * আবি মেজাজ তার জাহের কেতাবে ॥ শাবানের চান্দে তার ফতে মান্দ হবে * হপ্তা মধ্যে ছয় রোজ নেক হবে তার ॥ মনহুস হইবে তার রোজ রবিবারে * চারি পায়া জানওয়ার যদি পালে সেইজন ॥ বহুত বাড়িবে পাল শুন দিয়া মন * মালি মোকদ্দমায় যদি সেইজন যায় ॥ হাকিমের ডাহিন দিকে দাঁড়াবে সেথায় * মামেলায় ফতেমন্দি হইবে তাহার ॥ দারাজ হায়াত পায় বিছা রাশি যার * পাও আর জাঙ্গে যদি তিল দাগ হয় ॥ বড় মোবারক জান হইবে তাহায় * রোজগার করিবে বেশী দুনিয়া মাঝার ॥ তেয়ছাই খরচ জান হইবে তাহার * দুস্তি না রহিবে তার এগানার সাথে ॥ হাছদ করিবে সবে তার ভালাইতে

জইফ উম্মরে লাড়কা হইবে তাহার॥ বড় নছিব লাড়কা হবে বক্কেওয়ার * বিমার হইবে তার খুনের জোসেতে॥ এলাজ করিলে ছেহেতে পাবে সেতাবিতে * তাহার কবিলা বড় ওফাদার হবে॥ কিন্তু তার জন্যে কিছু আজার পাইবে * ছফরেতে গেলে লাভ পাবে উত্তরেতে॥ ভালাই না পাবে গেলে আর আর দিকেতে * হুসিয়ারে রহিবে দরিয়া তালাব হইতে॥ ডুবিবার ডর আছে তাহার রাশিতে * ডাকাতের ভয় গেলে দক্ষিণে ছফরে॥ লোটা যাবে চোট খাবে রাহের উপরে * জনম হইল তার শনির দশায়॥ বিপরিত রোগ শোক ঘটিবে তাহায় * দশ সাল যাবে এয়ছা শনির দশাতে॥ গুরুর উনিশ সাল পাইবে পরেতে * ধনে জনে সুখে ভোগে রবে খুসি হৈয়া॥ উনত্রিশ সাল এয়ছা যাবে গোজারিয়া * রাহুর আমল ফের বার সাল হবে॥ ধন জন ঘর আদি বরবাদ হইবে * রোগ শোক হয় কিম্বা বিদেশেতে যায়॥ একুনে একচল্লিশ সাল কেটে যাবে তায় * শুক্রের আমল হবে তাহার পরেতে॥ একুশ বচ্ছর তক রবে আনন্দিতে * আটষটটি বচ্ছর যবে গোজারিয়া যাবে॥ রবির আমল ফের ছয় সাল পাবে * আরবার পড়িবেক দুঃখ মুছিবতে॥ আটষটটি বচ্ছর যবে হবে হিসাবেতে * পনের বচ্ছর হবে চান্দের আমল॥ ধনজন সুখ ভোগ হইবে সফল * তিরাশি বচ্ছর এয়ছা গোজারিয়া যাবে॥ মঙ্গল আসিয়া ফের আমল করিবে * আট সাল তক ফের পড়িবে কষ্টেতে॥ একান্নব্বই সাল তক রহিবে হায়াতে * পাঁচ ফাড়া আছে ভাই তার উপরেতে॥ দুই বচ্ছরেতে আর দশওা সালেতে * তিরিশ চল্লিশ আর পঞ্চাশ বচ্ছরে॥ এই পাঁচ ফাড়া আছে তাহার উপরে * তিন ফড়ার বিমার পড়ে মর মর হবে॥ হায়াত থাকিলে বাকি বাঁচিয়া উঠিবে * হায়াত না থাকে যদি মরিবে ফাড়ায়॥ যাহার নছিবে যেয়ছা লিখিল খোদায় *

* বিছা রাশি আওরতের খাছিয়তের বয়ান *

পয়ার * বিছা রাশি আওরতের হাল লিখি এবে॥ দেল লাগাইয়া তাহা শুন ভাই সবে * কড়োয়া জবান তার হয় দুনিয়ায়॥

কার মন রেখে কভু কথা নহি কয় * কু-স্বপন দেখে কভু নিন্দের মধ্যেতে॥ এ কারণে ব্যাথা তার হয় অজুদেতে * খছমের তরে সদা বড় কথা কয়॥ চান্দের মতন মুখ লম্বা নাক তায় * তিল দাগ আছে তার মুখে আর বুকে॥ আর কোকিলের মত কথা তার মুখে * ভয় নাহি করে সেই কাহার তরেতে॥ রাত দিন সুখে চাহে খাইতে পিন্দিতে * কোন গাছতলে যদি শনিবারে যায়॥ আছেরের তাছিরে বিমার হবে তায় * দুই পতি হবে তার লেখা কেতাবেতে॥ সাতাশী বৎসর বেঁচে রবে দুনিয়াতে * পাঁচ ফাড়া আছে তার শুন কহি হাল॥ পহেলা বচ্ছরে আর হৈলে বার সাল * তিরিশ চল্লিশ আর পঞ্চাশ বচ্ছরে॥ এই পাঁচ ফাড়া আছে তাহার উপরে * এই সব ফাড়া যদি কেটে যায় তার॥ বাঁচিবে সাতাশী সাল দুনিয়া মাঝার *

—o—

* ধনু রাশি মর্দ্দের খাছিয়েতের বয়ান ও ধনু রাশি কুছ বোরজের নক্‌সা এই *

পয়ার * ধনু রাশি হাল এবে বয়ান যে করি॥ কুছ বোরজ যে তার ছেতারা মোস্তরি * আতসি মেজাজ তার লেখে কেতাবেতে॥ বহুত খাহেস তার খোসবুই শুঙ্গিতে * এগানা বেগানা আর দোস্ত বেরাদর॥ মিঠা মিঠা কথা কবে সাথে সবাকার * বড়া নেক মর্দ্দ সেহ হবে দুনিয়ায়॥ নেকবক্ত জরু এক মিলিবে তাহায় * মসগুল রহিবে এবাদত বন্দেগীতে॥ খুসি খোসালিতে সদা রবে দুনিয়াতে * হপ্তা মধ্যে সোমবারে জানিবে বুরাই॥ ছায়েত নামা,

পুর্ব্বে ছফরেতে গেলে হইবে ভালাই * মাহে মহরম চান্দে লাভ হবে তারে ॥ আর ভালা হবে তার বুধ লক্ষ্মীবারে * ধনু রাশি যেই জন দুনিয়াতে হবে ॥ দারাজ হায়াত তার জাহের কেতাবে * খরচ হইবে যাহা করিবে রোজগার ॥ কভু কসাকসি হবে খোরাকেতে তার * আপনা মিরাছ সেই রাখিতে নারিবে ॥ খেস বেরাদরে তারে পিয়ার করিবে ॥ লাড়কা বালা যত তার হবে দুনিয়াতে ॥ মালদার হবে তারা রহিবে সুখেতে * দুই তিন জরু তার দুনিয়াতে হবে ॥ কোন জরু রবে আব কেহ মারা যাবে * জানের দুস্মন এক তার পিছে রবে ॥ বাত পিত্তের জোরে তার বিমার হইবে * দরিয়া তালাব হৈতে রবে হুসিয়ার ॥ ডুবিবার ভয় আছে রাশিতে তাহার * একবার এয়ছা কাম হবে তাহা হৈতে॥ সরম পাইবে বড় লোকের কাছেতে * জনম হইল তার গুরুর দশাতে ॥ উনিশ বৎসর তক রহিবে সুখেতে * রাহুর আমল ফের বায় সাল পাবে ॥ ধন জন ঘর বাড়ী বিরান হইবে * একত্রিশ সাল যবে যাবে গোজারিয়া ॥ সুখের আমল ফের পৌছিবে আসিয়া * একুশ বৎসর তক আরামে রহিবে ॥ তার পরে ছয় সাল রবির পাইবে * নানা মছিবত কষ্ট ঘটিবে তাহাতে ॥ একুনে আটান্ন সাল হৈলে হিসাবেতে * চান্দের আমল হবে পনর বৎসর ॥ দুক্ষ কেটে সুখে রবে খোলাস অন্তর * এইরূপে তেহাত্তর সাল কেটে যাবে ॥ আট সাল মঙ্গলের ফের আমল হইবে * বিমার হইবে কিম্বা ধন জন হয় ॥ চোরে চুরি করে কিম্বা ঘর জ্বলে যায় * আপে মরে যায় কিম্বা বিদেশে গমন ॥ থাকিলে হায়াত বাকি না হবে মরণ * এইরূপে একাশী সাল গোজারিয়া যাবে ॥ বুধের সতের সাল তার পরে পাবে * আটানব্বই সাল কেটে যাবে এইরূপেতে ॥ এতেক হায়াত তার লেখে কেতাবেতে * আট ফাড়া আছে জান হায়াতে তাহার ॥ পহেলা ও ছয় সালে আট সালে আর * তিরিশ চল্লিশ আর পঞ্চাশ সালেতে ॥ আশী ও নব্বই সাল লেখে কেতাবেতে * হায়াত থাকিলে ফাড়া কাটিয়া উঠিবে ॥ নহে এই ফাড়া মধ্যে মরিয়া যাইবে * অবদুল ওহাব কহে ভেবে পরোয়ার ॥ কে বুঝিতে পারে ভাই মক্কর তাঁহার *

* ধনু রাশি আওরতের খাছিয়েতের বয়ান *

পয়ার * তালেনামা শুন ধনু রাশি আওরতের॥ খাছিয়েত লিখি তার করিয়া জাহের * দেখিতে হাছিন হয় শোন হকিকত * নিলা আখি লম্বা নাক নাজনি ছুরত * হপ্তা মধ্যে লক্ষিবারে আর সোমবার॥ মোবারক হবে তার শোন সমাচার * হামেসা বিমারি হালে রবে পেরেশান॥ তাহার তদবির এই জানিবে নিদান * গোছল করিয়া খুব পাক ছাফ হৈতে॥ চল্লিশ মওয়াক্কেলের তাবিজ রাখিবে কাছেতে * রোজ মঙ্গলবারে আর রোজ বুধবারে॥ খছমের সাথে না শুইবে একস্তরে * আপনা অজুদ পাক হামেসা রাখিবে॥ নামাজ রোজায় কভু গাফেল না হবে * পুর্ব্ব পশ্চিমের ঘরে বসতি করিলে॥ বহুত আরামে রবে হামেসা খোসালে * আট ফাড়া আছে জান তার উপরেতে॥ চৌঠা বৎসরে আর এগার সালেতে * বিশ ও তিরিশ আর চল্লিশ বচ্ছর॥ পঞ্চাশ সত্তর আর একাশি বৎসর * এ সকল ফাড়া যদি যাইবে কাটিয়া॥ তিরানব্বই সাল তক রহিবে বাঁচিয়া *

* মকর রাশি মর্দ্দের খাছিয়েতের বয়ান ও মকর রাশি জুদি বোরজের নক্সা এই *

পয়ার * মকর রাশির তালেনামা শুন ভাই ছারা॥ জুদি বোরজ তার মিরখির ছেতারা * খাকি মেজাজ তার জাহের কেতাবে॥ দুনিয়াতে বা এজ্জতে সুখেতে রহিবে * মঙ্গলবারে কোন কামে ওফা পাবে নাই॥ যে কাম করিবে তাতে হইবে বুরাই * এক বার উচা হৈতে গিরিবে জমিনে॥ কষ্ট উঠাইবে কিছু বেগানা কারণে * ঝুট কথা হৈতে তার বড়ই নফরত॥ হারাম

করিতে দেল না রবে রগবত * জেয়াদা করিবে নেকী আখেরি উম্মরে ॥ নেকী কামে রাজি সে থাকিবে বরাবরে * পরহেজ থাকিবে গাছ আগ পানি হৈতে ॥ দহসত বহুত আছে তাহার রাশিতে * জওয়ানি উম্মরে খুব হবে মালদার ॥ মাদী বাচ্চা হবে ঢের পালিলে জানোয়ার * শনিবার ভাল তার হপ্তার মধ্যেতে ॥ লাভ খুব হবে তার সওয়াল চান্দেতে * এগানা হইতে কভু ওফা না পাইবে ॥ একজন তার বড় দুস্মন হইবে * দুস্মন হইতে তার রহিবে হুসিয়ার ॥ খরচ করাবে কিছু সেই দাগাদার * তিল দাগ থাকে যদি জরু খছমের ॥ তাহাতে ওফাই বড় হইবে দেহের * দুই তিন নেকা সাদী হইবে তাহার ॥ জইফ উম্মরে হবে গরীব লাচার * তাহার ফরজন্দ বড় নেককার হবে ॥ পেটের বিমারে বড় কাহেল হইবে * দক্ষিণ ছফরে গেলে লাভ হবে তার ॥ দুস্মন তাহার কত হবে জেরবার * গুরুর দশায় জন্ম জানিবে তাহার ॥ ধনে জনে সুখে রবে শোন সমাচার * রাহুর আমল ফের বার সাল হবে ॥ রোগ শোকে নানামতে লাচার করিবে * চোরে চুরি করে কি আগুন লাগে ঘরে ॥ বিদেশেতে যায় কিম্বা আপে যায় মরে * সুখের একুশ সাল পাবে তার পরে ॥ ধন জন আবাদ হইবে ফের ঘরে * এইরূপে বায়ান্ন সাল যাবে গোজারিয়া ॥ রবির ছয় সাল ফের পৌছিবে আসিয়া * নানা কষ্টে ছয় সাল গোজারিয়া যাবে ॥ আটান্ন বৎসর এবে একুনে হইবে * পনর বৎসর হবে চান্দের আমল ॥ ধনে জনে খুসি মনে থাকিবে সকল * তেয়াত্তর সাল এয়ছা গোজারিয়া যাবে ॥ মঙ্গলের আট সাল আমল করিবে * ফের নানা কষ্টেতে পড়িবে সেই জন ॥ একুনে একাশী সাল হইবে যখন * সতের বৎসর ফের পাইবে বুধের ॥ আবাদ হইবে ঘর ধনে জনে ফের * আটানব্বই সাল হবে হিসাবে যখন ॥ শনির সে দশ সাল পাইবে তখন * মছিবতে পড়ে ফের হয়রান হইবে ॥ এক শত আট সাল গোজারিয়া যাবে * এতেক হায়াত তার লেখে কেতাবেতে ॥ নয় ফাড়া আছে জান তার উপরেতে * তিন ও এগার আর তের বৎসরেতে ॥ বিশ ও তিরিশ আর চল্লিশ সালেতে * পঞ্চাশ ও ষাট আর সত্তর বৎসর ॥ এই নয় ফাড়া আছে তাহার

উপর * এই নয় ফাড়া হৈতে বেঁচে যদি যায়॥ এক শত আট সাল রহিবে দুনিয়ায় *

* মকর রাশি আওরতের খাছিয়েতের বয়ান *

তালেনামা শুন মকর রাশি আওরতের॥ খোলাছা করিয়া লিখি তাহার জেকের * লাড়কাইতে সুখে রবে কষ্ট জওয়ানিতে॥ কষ্ট বড় পাবে সে আওলাদ জন্মিতে * আছেব রহিবে এক তাহার উপর॥ ক্ষীণ অজুদ তার হবে কেতাবে খবর * চারি স্বামী হবে তার শুন সমাচার॥ পাঁচ বেটা সাত বেটী পেটে হবে তার * পঁচানব্বই সাল তক বাঁচিয়া রহিবে॥ আট ফাড়া আছে তার শুন ভাই সবে * তিন তের বিশ তিরিশ চল্লিশ সনেতে॥ পঞ্চাশ ও ষাট আর সত্তর সালেতে * এই আট ফাড়া হৈতে বেঁচে যদি যায়॥ তিরানব্বই সাল তক বাঁচিবে দুনিয়ায় *

* কুম্ভ রাশি মর্দ্দের খাছিয়েতের বয়ান ও কুম্ভ রাশি দোলো বোরজের নক্সা এই *

পয়ার * কুম্ভ রাশি তালেনামা শুন ভাই ছারা॥ দোলো বোরজ তার ছেতারা জোহরা * বাদির কারণে হবে তনুক মেজাজ॥ বড় নেকবক্ত মর্দ্দ বড় পাকবাজ * বহুতি রওয়াব তার হবে জওয়ানিতে॥ না হবে সেতাব তার জইফ কালেতে * হামেসা রহিবে সেই ফারাগতি হালে॥ তঙ্গদস্তি না রহিবে বুঝিয়া চলিলে * বহুত দুস্মন তার হবে জেরবার॥ না পড়িবে কোনমতে ফান্দেতে কাহার * মেহনত করিবে খুব জওয়ানি উম্মরে॥ এজ্জত বাড়িবে তার দুনিয়ার পরে * মেহমানের খাতের করিতে চাবে নাই॥

আপনার ভালাইতে বুঝিবে ভালাই * ভারি রাতে একেলা কোথাও না যাইবে॥ আপনার ঘর ছাড়া কোথাও না শোবে * হপ্তা মাঝে বুধবার মনহুস তাহার॥ জেলকদের চান্দে কাম ফতে হবে তার * পিঠে ও চুতরে যদি তিল দাগ রয়॥ বড় মোবারক জান হইবে তাহায় * দেও পরীর নজর লাগিবে তার পর॥ বহুত পাইবে কষ্ট কেতাবে খবর * বিয়াবান জঙ্গলে একেলা নাহি যাবে॥ জুমার দিনেতে তার কাম ফতে হবে * জওয়ানি উম্মরে সে হইবে নামদার॥ আমানতে খেয়ানত করিবে কাহার * ছরদার হইবে সেহ আপনা কওমে॥ এজ্জত হুরমতে খুব রহিবে আরামে * দুই কিম্বা তিনবার সাদী নেকা হবে॥ লাড়কা বহুত হবে সব না বাঁচিবে * আওলাদের শোক হবে দেলেতে তাহার॥ এক লাড়কা তার মধ্যে হবে নেককার * কভু নাহি দিবে পাও ঝরনার মধ্যেতে॥ না মানিলে পড়িবে সে রঞ্জ মছিবতে * চলন হইবে তেজ দুনিয়ার পরে॥ ঠকাইতে কেহ না পারিবে তার তরে*জনম হইল তার রাহুর দশাতে॥ বার সাল তক কষ্ট হবে লাড়কাইতে * শুক্রের একুশ সাল তার বাদে পাবে॥ ধন জন ঘর আদি আবাদ হইবে * এইরূপে গোজারিবে তেত্রিশ বছর॥ রবির ছয় সাল ফের পাবে তার পর * নানামতে রোগে শোকে পড়িবে কষ্টেতে॥ চোর অগ্নির ডর কিম্বা যায় বিদেশেতে * কিম্বা জানে মারা যায় কষ্টেতে পড়িয়া॥ একুনে উনচল্লিশ সাল যাবে গোজারিয়া*চান্দের পনর সাল পাবে তারপর॥ সুখ ভোগ করিবেন পনর বচ্ছর * আওলাদ ও ধনজনে সুখেতে রহিবে॥ চুয়ান্ন বচ্ছর এয়ছা গোজারিয়া যাবে * বুধের সতের সাল পাবে তার পরে॥ নানামতে খুসিতে রহিবে বরাবরে * তাহা বাদে মঙ্গলের পাবে আট সাল॥ নানা কষ্ট ঘটিবেক বিষম জঞ্জাল * উনয়াশি সাল এয়ছা দুঃখেতে কাটিবে॥ গুরু আসিয়া ফের আমল করিবে * গুরুর আমল রবে উনিশ বচ্ছর॥ ধন জন আরবার হবে জমি ঘর * আটানব্বই সাল এয়ছা কাটিয়া যাইবে॥ তারপরে শনি এসে আমল করিবে * দশ সাল ফেরাইবে খাক ছানাইয়া॥ এতেক হায়াত তার শুন মন দিয়া * সাত ফাড়া আছে জান তার জেন্দেগীতে॥ তিন দশ এগার ও উনচল্লিশ সালেতে * চল্লিশ

পঞ্চাশ আর ছেষট্যি বচ্ছর ॥ এই সাত ফাড়া আছে তাহার উপর * মর মর হবে সেই ফাড়াতে পড়িয়া ॥ হায়াত থাকিলে বাকি উঠিবে বাঁচিয়া * আবদুল ওহাব কহে সবার কদমে ॥ যে কেহ পড়িবে দোওয়া দিবে এ অধমে *

* কুম্ভ রাশি আওরতের খাছিয়েতের বয়ান *

পয়ার * তালেনামা শোন কুম্ভ রাশী রমণীর ॥ খাছিয়েত কহি তার করিয়া জাহির * নেকরক্ত গুরু ভক্ত গম্ভির চলন ॥ সিরিনী জবানে কথা কহে সর্ব্বক্ষণ * চান্দের মতন মুখ লাল আখি তার ॥ দরাজ নাসিকা তার বাঁশীর আকার * হাসি মুখে কথা কহে খছমের সাথে ॥ সবাকার সাথে রহে পিয়ার মহব্বতে * সে আওরত রহে যদি নাপাকির হালে ॥ দেয়ের আছর হবে নাপাক পাইলে * পেটে ও ছেরেতে তার দর্দ্দ বড় হবে ॥ তাহার এলাজ এই শোন ভাই সবে * হরিণের পিত্তি লিয়া কাফুরের সাথে ॥ পিসে মিলাইয়া দিবে তিলের তেলেতে * সেই তেল সর্ব্ব অঙ্গে দিবে যে মলিয়া ॥ দেয়ের আছর যাবে সেতাবি ছুটিয়া * জওয়ানা সময় বড় সুখেতে রহিবে ॥ তিন বেটা চার বেটি পেটে তার হবে * তিরানব্বই সাল লেখে তাহার হায়াত ॥ পাঁচ ফাড়া আছে তার জানিবে নেহাত * ;বিশ ও তিরিশ আর চল্লিশ সালেতে ॥ পঞ্চাশ ষাট সাল লেখে কেতাবেতে * এই পাঁচ ফাড়া তার কেটে যদি যায় ॥ তিরানব্বই সাল তক বাঁচিবে দুনিয়ায় *

* মীন রাশি মর্দ্দের খাছিয়েতের বয়ান ও মীন রাশি হুত বোরজের নকসা এই *

পয়ার * মীন রাশি তালেনামার শুনহ মাজেরা ॥ হুত বোরজ

হয় অতারদ ছেতারা * আবি মেজাজ তার জাহের কেতাবে॥ এলেম হেলেমে পুরা নেককার হবে * কোনমতে এলেম না হয় যদি তারে॥ আলেমের সঙ্গে সে বসিবে বরাবরে * বহুত শিখিবে সে হুনর হেকমত॥ ছখি মৰ্দ্দ খয়রাত যে করিবে বহুত * জলদি না হইবে গোস্বা উপরে কাহার॥ গোস্বা হৈলে না মিশিবে সঙ্গেতে তাহার॥ এক চাল দুনিয়াতে চলিবে সৰ্ব্বদা॥ বাজে গল্প মিছে কথা না কবে জিয়াদা * জেলহজ্জের চান্দে তার কাম ফতে হবে॥ হপ্তা মধ্যে জোমেরাতে ফায়দা পাইবে * একচাল বরাবর চলিবে দুনিয়াতে॥ নেক কামে রাজি হবে নারাজ বদিতে * আন্দাম নেহানি আর পিঠেতে তাহার॥ হইবে তিলের দাগ শোন সমাচার * তিন জরু হবে তার দুনিয়া মাঝার॥ পাঁচ বেটা সাত বেটি আওলাদ তাহার॥ ফরজন্দের শোক হবে তাহার দেলেতে॥ হামেসা দুস্মন তার রহিবে পিছেতে * ছাচ্ছা হইবে যাহা দেখিবে স্বপন॥ তেজারতি কামে নাফা পাইবে চৌগুণ * জনম হইল তার শনির দশায়॥ পাইবে অনেক কষ্ট লাড়কাই সময় * নানা কষ্টে দশ সাল যাইবে কাটিয়া॥ সুখের আমল ফের পৌছিবে আসিয়া * একুশ বচ্ছর তক আরামে রহিবে॥ ধনে জনে ঘর তার আবাদ হইবে * একত্রিশ সাল গেলে তাহার পরেতে॥ রবির আমল হবে লেখে কেতাবেতে * ছয় সাল মছিবত হবে আরবার॥ এরূপে সাইত্রিশ সাল কেটে যাবে তার * চান্দের আমল ফের তার পরে হবে॥ পনর বচ্ছর ফের সুখেতে রহিবে * বায়ান্ন বচ্ছর এয়ছা কেটে যাবে তার॥ মঙ্গলের আমল হবে পরেতে তাহার * ছয় সাল মছিবতে হইবে হয়রান॥ ধন জন ঘর আদি হইবে বিরান * আঠার বচ্ছর কেটে যাবে এরূপেতে॥ গুরুর আমল হবে তাহার পরেতে * উনিশ বচ্ছর ফের সুখ হবে তার॥ আওলাদ বাড়িবে আর হবে মালদার * একুনে সাতাত্তর সাল গেলে গোজারিয়া॥ রাহুর আমল ফের পৌছিবে আসিয়া * নয় সাল তক ফের নানা দুঃখ পাবে॥ ধন জন সব খানে বিরান যাইবে * ছিয়াশী বচ্ছর এয়ছা কেটে যাবে তার॥ বুধের আমল হবে পরেতে তাহার * সতের বচ্ছর তক আরামে রহিবে॥ আওলাত দওলত ঘর ভরপুর হবে * এক শত তিন

সাল হায়াত তাহার॥ আট ফাড়া আছে জান উপরেতে তার * চার তের বিশ তিরিশ চল্লিশ সালেতে॥ পঞ্চাশ ও ষাট আর সত্তর সালেতে * এই আট ফাড়া আছে উপরে তাহার॥ মরা মরা হবে সেহ হইয়া বিমার * হায়াত থাকিলে বাকি উঠিবে বাঁচিয়া॥ নহে ফাড়া ভর করি যাবে সে মরিয়া *

——০ঃ০ঃ০——

* মীন রাশি আওরতের খাছিয়েতে বয়ান *

মীন রাশি আওরতের লিখি এবে হাল॥ নছিবর হয় সেহ ধীরে ধীরে চাল * নরম জবানে কথা কহে সবাকারে॥ খছমের তরে বড় পিয়ার সেহ করে * পুর্ণিমা ও অমাবস্যে শনি রবিবারে॥ খছমের সাথে না শুইবে একস্তরে * কেননা সে দিন লাড়কা রহিলে পেটেতে॥ জালেম বদকার হবে দুনিয়া মধ্যেতে * প্রথম বয়সে বড় দুঃখেতে পড়িবে॥ জওয়ানি ও জইফেতে সুখেতে রহিবে * তিন পতি হবে তার শুন সমাচার॥ পাঁচ বেটা সাত বেটী আওলাদ তাহার * রহিবে দুস্মন এক তাহার পিছেতে॥ ধাতু ক্ষীণ হয়ে ব্যথা হবে কোমরেতে * নাপাকি অজুদে তওবা হামেসা করিবে॥ রোজা নামাজেতে নাহি গাফেল রহিবে * তামাম আফত বালা রহিবে তফাতে॥ তিল দাগ হবে তার ছাতি ও মুখেতে * সাত ফাড়া আছে জান তার উপরেতে॥ চারি সাল হৈলে আর তেরগু সালেতে * বিশ তিরিশ চল্লিশ আর পঞ্চাশ বচ্ছরে॥ আটষট্যি সালেতে ফাড়া পাবে আরবারে * এই সাত ফাড়া আছে উপরে তাহার॥ নানামতে খেচিবেক বিমার আজার * হায়াতের জোর হৈলে বাঁচিয়া উঠিবে॥ নহেত ফাড়ায় পড়ে ওফাত পাইবে * এই তক রাশি নামা হইল তামাম॥ আবদুল ওহাব রচে কেতাব কালাম *

——০——

* বাঙ্গালায় অ, ই, উ, ণ, এ, ষ আবজদ হয় তাহার বয়ান *

চৌত্রিশ হরফ জান আছে বাঙ্গালাতে॥ যে সব হরফ আইসে হর হর নামেতে * অ, ই, উ, যে নামেতে হয়॥ আরবির মহাবেরায় সে হরফ রয় * বাঙ্গালায় ণ, আসে হৈতে অ, হরফ নিয়া॥ আনোর আবজদে তাহা লইবে ধরিয়া * আর এ, হরফ যে নামেতে চাই॥ ঞ, আবজদে তাহা ধরে লিবে ভাই * উ, হরফ লিখিবারে চাহি যে নামেতে॥ চার আবজদ ধরি লইবে তাহাতে * নাম লিখিবারে তবে ভুল নাহি হবে॥ যার খাছিয়েতে যাহা মিলিয়া যাইবে * যে যে হরফেতে ভাই যে নাম হইবে॥ মা বেটার দুই নাম লিখে ঠিক দিবে * ঠিক দিয়া যত হয় হিসাব করিয়া॥ বার বার বাদ দিয়া লইবে ধরিয়া * এই তক আবজদ হইল তামাম॥ কহে যে আবদুল ওহাব কেতাব কালাম *

* বান্দার পয়দাসের ছববে হায়াত বেশ কম হয় তাহার বয়ান *

পয়ার * মউতের হকিকত শুন সকলেতে॥ যেই মত লেখা আছে কেতাব মধ্যেতে * বচ্ছরের দুই দিনে জানা তাহা যায় তাহার বয়ান কিছু শুনহে সবায় * তেইশ তারিখ শবেকদরের হৈলে॥ অজুদের ছায়া দেখা চাই সেই কালে * সে অক্তে অজুদের ছায়া দেখিবে এমতে॥ হাত পাও ধড় আছে ছের নাহি তাতে * বে-ছের আপন ধড় যে জন দেখিবে॥ ছয় মাসের মধ্যে সেই ওফাত পাইবে * আর এক তারিখ আছে শুন ভাই সবে॥ কাত্তিক মাসের সংক্রান্তিতে চিহ্ন তার পাবে * ধিয়ান করিয়া ছায়া দেখে লিবে ভাই॥ সর্ব্বতন আছে কিন্তু ছের তাতে নাই * বে-ছের দেখিবে যেবা আপনার তন॥ পাঁচ মাসের মধ্যে তার হইবে মরণ * আর এক আলামত শুন সকলেতে॥ তুবা নামে গাছ এক আছে বেহেস্তেতে * আজিম দরক্ত এক তুবা নাম যার॥

চার ডাল আছে তার শুন সমাচার॥ বেশুমার পাতা আছে শুনহে এছলাম ❊ হর হর পাতায় লেখা বান্দাদের নাম ❊ আজরাইল বসে আছে গাছের নীচেতে॥ খাড়া আছে ফেরেস্তারা হুকুমের সাথে ❊ আজরাইল হুকুম যবে করে ফেরেস্তায়॥ সেই অক্তে করে তারা হুকুম বজায় ❊ এক বচ্ছর বাকি থাকে যাহার হায়াত॥ নাম লেখা যাতে তার পাকে সেই পাত ❊ থাকিতে এগার মাস মউতের তার॥ সেই পাতা পড়ে যায় শোন সমাচার ❊ ফেরেস্তারা সে পাতা লিয়া সেতাবি করিয়া॥ আজরাইলের হাতে পাতা দেয় যে শুঁপিয়া ❊ আজরাইল নজর করে আলামতে তার॥ বিমার আজার ভেজে উপরে তাহার ❊ তুষের আগুন যেয়ছা ধীরে ধীরে জ্বলে॥ সর্ব্বক্ষণ জ্বালাইয়া ক্ষীণ করে বলে ❊ দশ মাস থাকিতে জান ওই যে বান্দার॥ ইমান না থাকে রুজু ওজুদে তাহার ❊ নয় মাস থাকিতে জোটে ফেকের মনেতে॥ না থাকে দুনিয়ার মায়া তাহার দেলেতে ❊ আট মাস থাকিতে কমে চক্ষের রওশনি॥ কিছু নাহি ভাল লাগে দেল পেরেশানি ❊ সাত মাস থাকিতে সুখায় দরিয়া দেহের॥ মন পবন ফেরে তখন হইয়া অস্থির ❊ ছয় মাস থাকিতে জান শতদল খসে॥ ছয় তবগেতে জান মনুরায় বসে ❊ জরু কন্যা লাড়কা কিছু নাহি লাগে ভালা॥ কিছু নাহি লাগে ভাল সদত উতালা ❊ পাঁচ মাস থাকিতে মন হয় উচাটন॥ সদা মন হুহু করে না মানে বারণ ❊ মোকাম মঞ্জেল জান টোটে চারি মাসে॥ নওবত খসিয়া জান যায় তিন মাসে ❊ ওজুদ ভাঙ্গিয়া টুটে দেহের বন্ধন॥ অস্থির হইয়া ফেরে মনুরায় তখন ❊ দু'মাস থাকিতে কানে না পায় শুনিতে॥ দেহের বাতি বুজে যায় এক মাস থাকিতে ❊ তামাম ওজুদ অন্ধকার হয়ে যায়॥ ছট ফট করে মন স্থির নাহি রয় ❊ সাত দিন থাকিতে ফুরায় কানের নওবত॥ ঘরে নাহি টেকে মন পাগলের মত ❊ তিন দিন থাকিতে দেহের বাজার ভেঙ্গে যায়॥ হাট বাজার ভেঙ্গে সবে রাগারাগি হয় ❊ সকল ভাঙ্গিয়া তারা নিজ দেশে যায়॥ একেলা হইয়া তখন উঠিয়া দাঁড়ায় ❊ খোদার ফেরেস্তা তারা দু-দিন থাকিতে॥ কেরামন কাতেবিন লেখে কেতাবেতে ❊ আফছোছ করিয়া দোহে দপ্তর বান্ধিয়া॥ নিজ দেশে যায় তারা বিদায় হইয়া ❊

মউতের আড়াই প্রহর বাকি যখন রয়॥ ডরাইয়া থর থর মনুরায় * হুজুরি পিয়াদা আসে তাহার পরেতে॥ রুহু কবজ করে লিয়া যায় সেতাবিতে * দুনিয়া ধোকার জায়গা নহে চিরস্থাই॥ এই বেলা দিবানিশি নেকি কর ভাই * মাল মাত্তা জরু লাড়কা কাজে না আসিবে॥ দম নেকালিয়া গেলে পড়িয়া রহিবে * কহে হীন আবদুল ওহাব ভাবিয়া খোদায়॥ যত পার নেকি কর দিন বয়ে যায় *

——০——

* যে যে রাশির দুলার সঙ্গে যে যে রাশি দুলহীনের সাদী হইলে মিলন হয় ও মেজাজের তাছিরের বয়ান *

পয়ার * যে নওসাকে যে দুলহীন মোবারক হয়॥ খোলাসা বয়ান তার শোনাই সবায় * সিংহ রাশি দুলা কিম্বা দুলহীন হইলে॥ মোবারক হবে জান এ দোহে মিলিলে * মেষের সঙ্গে মিলন হবে বৃষ রাশির॥ ধনু ও কর্কটে মিলন কেতাবে জিকির * মকর রাশির জোড়া মিন রশি হবে॥ কুম্ভের সঙ্গেতে মিল কন্যার হইবে * কুম্ভ ও মকর রাশি না হবে মিলন॥ মিলিলে দোহাকে দোহে জানিবে দুস্মন * মেষ ও মকরে নাহি মিলন হইবে॥ এ দোহে মিলিলে বড় ফছাদ বাড়িবে * মিনের সঙ্গেতে তুলা না হবে মিলন॥ কর্কট কুম্ভেতে তেয়ছা শোন দিয়া মন * মিলন হইবে যদি বৃষ ও ধনুতে॥ আওরত হইবে বেওয়া লেখে কেতাবেতে * আতস মেজাজ যদি একজন থাকে॥ আর আর বাদি নাহি মোবারক তাকে * খাকে বাদে নাহি ভাই হইবে মিলন॥ নজ্জুমি কেতাবে লেকে শোন সর্ব্বজন * মোবারক হবে আর সব মেজাজেতে॥ গোজরান করিবে সুখে খুসি খোসালিতে॥ তাহার কলম রদ নাহি কোন কালে॥ যেই মত লিখিয়াছে যাহার কপালে* আবদুল ওহাব বলে শোন ভাই সবে॥ নছিবের লেখা কভু রদ না হইবে *

* যে যে তারিখে সাদী কাম মনহুস হয় তাহার বয়ান *

পয়ার * যে যে তারিখে সাদী মনহুস হয়॥ তাহার বয়ান এই শোনহ সবায় * পহেলা এগার আর একুশ তারিখে॥ সাদী কাম মানা জান কেতাবে লেখে * তেছরা তেরই আর রোজ তেইশায়॥ পাঁচ ও পনের আর রোজ পঁচিশায় * আট ও আঠার আর আটাশ তারিখেতে॥ মোবারক না হবে সাদী লেখে কেতাবেতে * এই বার তারিখে না কর সাদী কাম॥ মোবারক না হইবে শোনহ এছলাম * এ বার তারিখে সাদী করিবে যে জন॥ নানামতে দুঃখ পাবে কেতাবে লিখন *

* ঘর বান্ধিবার চৌবন্দি ভাগের ভালা বুরা হইবার ও বাড়ীর আঙ্গিনার বয়ান *

পয়ার * ঘর যে বান্ধিতে চাহে দুনিয়ার পরে॥ সাজগারি হয় কিনা দেখা চাই তারে * জালিনুছ নামে এক হেকিম আছিল॥ আপনা কেতাবে তিনি এয়ছাই লিখিল * রুওয়া ও সড়িক যত আছে চাল ঘরে॥ হিসাব করিয়া ধরে লিবে সবাকারে * শুমার করিয়া যাহা মবলগে হবে॥ সাত সাত বাদ দিয়া বাঁকি যাহা রবে * ভালাই বুরাই তাহে বুঝিয়া লইবে॥ তাহকিক জানিবে ভেদ রদ না হইবে * এক যদি বাঁচে বড় হইবে হয়রানি॥ ঝগড়া লড়াই ঘরে হবে পেরেশানি * দুই যদি বাঁচে ঘরে ছামান বাড়িবে॥ তিন যদি বাঁচে ঘরে আগুন লাগিবে * চারি পাঁচ বাঁচে যদি হইবে ওফাই॥ ছয় সাতে হরগেজ ভাল হবে নাই * ঘরের আঙ্গিনা মাপা চাহি ভালমতে॥ উত্তর দক্ষিণে বেশী রবে পশ্চিম পুর্ব হৈতে * যেই বাড়ী কিয়া তাহা মাপিয়া দেখিবে॥ ঘরওয়ালাব কান তক ধরিয়া লইবে * আড়ে দিকে যত বাড়ী হবে হিসাবেতে॥ তিন বাড়ী বেশী আর দিবে তার দাথে * মবলগে হইবে যত হিসাব:করিয়া:॥ ধরে দেখা চাই সাত সাত বাদ দিয়া·* এক যদি বাঁচে ঘরে সুখেতে রহিবে॥ দুই যদি বাঁচে ঘরে গমি পয়দা হবে * তিত যদি বাঁচে

ভাল হইবে তাহার ॥ চারিতে হইবে বুরা শুন সমাচার * পাঁচ যদি বাঁচে ঘরে দওলত জমিবে ॥ ছয় যদি বাঁচে সদা তঙ্গদস্ত রবে * সাত বাড়ী বাঁচে যদি হবে মহিবত ॥ লিখিয়াছে জালিনুছ এই হকিকত * সাত মিলে যদি চার আঙ্গুল বাকি রয় ॥ বহুত আরামে রবে জানিবে নিশ্চয় * আল্লার অলেম বেচ্ছাওাব মালেক ছোবহান ॥ আবদুল ওহাব রচে কেতাবে প্রমাণ *

* ১নং দোওয়া এস্ক গরদ *

بسم الله الرحمن الرحيم ۝

عرتفيل طر تفيل صفا صفا لا اله الا هو كهيعص

حم عسق يا مالك يوم الدين اياك نعبد

واياك نستعين لا اله الا انت سبحانك اني

كنت من الظالمين ۝ فلان بن فلان على الحب

فلان بنت فلانيم ۝

বিছমিল্লাহের রাহমানের রাহিম *

আরতাফ ইয়ালিন তার তোফইয়ালিন ছাফ্ফান ছাফ্ফা লা-ইলাহা ইল্লা হুওয়া কা হা ইয়া আইন ছাদ হা মিম্ আইন ছিন কাফ, ইয়া মালেকে এয়াওমেদ্দিন ইয়া কানাবোদো ওইয়া কা নাস্তাইন লা-ইলাহা ইল্লা আন্তা ছোবহানাকা ইন্নি কুন্তোমেনা-জ্জালেমিন, ফালানা বেন ফালানে আলা হোবে ফলানে বেন্তে ফালানি *

দোওয়া এস্ক এরদের খাছিয়েত *

রোজ রবিবারে জান জোহরের অক্তে ॥ চল্লিশ বার পড়ে দেওয়া কিফুবে নুনেতে * মাশুকের নাম আর মায়ের তাহার ॥ লইয়া

ডালিবে নুন আগুন মাঝার * হপ্তা রোজ করা চাহি এমনি প্রকার॥ মাশুক তাহার জান হবে তাবেদার * শত পর্দ্দার ভিতরেতে মাশুক যদি থাকে॥ মিলিবে আশকের সাথে কেতাবেতে লেখে *

* ২নং দোওায়ে তৈয়েব বোজর্গ *

بسم الله الرحمن الرحيم ○

لَا اِلٰهَ اِلَّا اللّٰهُ خَالِصًا مُخْلِصًا يَا عَلِيُّ يَا عَلِيُّ يَا عَلِيُّ يَا غَفَّارُ

يَا غَفَّارُ يَا غَفَّارُ يَا فَتَّاحُ يَا فَتَّاحُ يَا فَتَّاحُ لَا اِلٰهَ اِلَّا هُوَ

سُبُّوحٌ قُدُّوسٌ رَبُّنَا وَرَبُّ الْمَلَائِكَةِ وَالرُّوحِ

بِحَقِّ لَا اِلٰهَ اِلَّا اللّٰهُ وَاللّٰهُ اَكْبَرُ ○

লা-ইলাহা ইল্লাল্লাহো খালেছান মোখলেছান্ ইয়া আলিও ইয়া আলিও ইয়া আলিও ইয়া গাফ্ফারো ইয়া গাফ্ফারো ইয়া গাফ্ফারো ইয়া ফাত্তাহো ইয়া ফাত্তাহো ইয়া ফাত্তাহো লা-ইলাহা ইল্লা হুওয়া ছুব্বুহুন কুদ্দুছুন রাব্বানা ওয়া রাব্বেল মালায়েকাতে ওয়ার রুহো-বাহাক্কে লা-ইলাহা ইল্লাল্লাহো আল্লাহো আকবর *

* দোওয়া তৈয়েব বোজর্গের খাছিয়েত *

দোওয়া তৈয়েব বোজর্গ এই জানিবে সবায়॥ দুস্মনের হাতে যেবা পেরেশান রয় * খোদার উপরে খুব তওয়াক্কা রাখিয়া॥ পড়িবে হাজার বার এই পাক দোওয়া * তাহার উপরে খোদা হবে মেহেরবান॥ দুস্মন হইবে জের জানিবে নিদান * দুস্মনি করিয়া কেহ ফাঁসিতে চড়ায়॥ টুটিয়া ফাঁসির রশি গিরিবে ধরায় * হাকিমের দরবারে সেহ পাইবে রেহাই॥ কোন বাতে দুনিয়াতে দুক্ষ পাবে নাই *

* ৩নং দোওয়া তৈয়েব জালাল *

يَا قَهَّارُ يَا قَهَّارُ يَا قَهَّارُ اَنْتَ الَّذِيْ لَا يُطَاقُ اِنْتِقَامُهٗ

يَا قَابِضُ يَا قَابِضُ يَا قَابِضُ لَا اِلٰهَ اِلَّا اَنْتَ سُبْحَانَكَ

اِنِّيْ كُنْتُ مِنَ الظّٰلِمِيْنَ فَتْحٌ مِّنَ اللّٰهِ الْعَزِيْزِ الْحَكِيْمِ

يَا اَللّٰهُ يَا هُوَ يَا حَقُّ يَا رَبَّ الْعٰلَمِيْنَ ۝

ইয়া কাহ্হারো ইয়া কাহ্হারো ইয়া কাহ্হারো আন্তাল্লাজি লা-ইয়াতাকা ইন্তেকামুহু ইয়া কাবেজো ইয়া কাবেজো ইয়া কাবেজো লা-ইলাহা ইল্লা আন্তা ছোবহানাকা ইন্নি কুন্তো মেনাজ্জালেমিন, ফাৎহোম মেনাল্লাহেল আজিজেল হাকিমো ইয়া আল্লাহো ইয়া হুওয়া ইয়া হাক্কো ইয়া রাব্বেল আলামিন *

* দোওয়া তৈয়েব জালালির খাছিয়েত *

মোকদ্দমা পড়ে যদি উপরে কাহার ॥ এই দোওয়া পড়া চাহি কারণে তাহর * হাজার বার পড়ে দোওয়া এজলাসে যাইবে ॥ খোদার ফজলে তার ফতে হয়ে যাবে *

* 8 নং ফতে নামা *

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ۝

يَا اِلٰهَ الْعٰلَمِيْنَ يَا خَيْرَ النّٰصِرِيْنَ نَصْرٌ مِّنَ اللّٰهِ فَتْحٌ قَرِيْبٌ

وَبَشِّرِ الْمُؤْمِنِيْنَ فَاللّٰهُ خَيْرُ الْحَافِظِيْنَ ۝

ইয়া এলাহেল আলামিন ইয়া খায়রুন্নাছেরিনা নাছ্রুম মিনাল্লাহে ফাৎহুন কারিবুন্ অ-বাশ্শেরেল মো'মেনিনা ফাল্লাহো খায়রোল হাফেজিন *

ফতেনামা দোওয়া এই একিন জানিবে॥ ছেদেক দেলেতে যেবা এ দোওয়া পড়িবে॥ ফতেবন্দি হবে তার যে ক মে যাইবে * দুস্মন হইবে জের একিন জানিবে * এই দোওয়া লিখে বান্ধে পাগড়ির উপর॥ তলওয়ার ও তীর তাকে না হবে আছর * এ দোওয়ার তাবিজ লেখে কাছে যেবা রাখে॥ কোন অস্ত্রের চোট নাহি লাগিবে তাহাকে *

* ৫ নং দোওয়া হাছেল মকছুদ *

يَا بَدِيعَ الْعَجَائِبِ وَبِالْخَيْرِ يَا بَدِيعُ ؕ

(ইয়া বাদিউল আজায়েবে ওয়া বেল খায়রে ইয়া বাদিও)

* দোওয়া হাছেল মকছুদের খাছিয়েত *

মোকছেদ হাছেল যেবা চাহে করিবারে॥ সাত দিনে পঁচিশ হাজার পড়া চাহি তারে * এ দোওয়া যখন ভাই আমল করিবে॥ মাছ গোস্ত জানদার কিছু না খাইবে * ঝুট কথা না কহিবে পাক ছাফ রবে॥ সেতাব মকছুদ তার হাছেল হইবে *

* ৬ নং দোওয়া তেজ জেহেন *

بسم الله الرحمن الرحيم ؕ

اَللّٰهُمَّ اَخْرِجْنَا مِنْ ظُلُمَاتِ الْوَهْمِ وَاَكْرِمْنَا بِنُوْرِ الْفَهْمِ وَفَتِّحْ عَلَيْنَا اَبْوَابَ فَضْلِكَ وَيَسِّرْ عَلَيْنَا خَزَائِنَ عِلْمِكَ سُبْحَانَكَ لَا عِلْمَ لَنَا اِلَّا مَا عَلَّمْتَنَا اِنَّكَ اَنْتَ الْعَلِيْمُ الْحَكِيْمُ ؕ

আল্লাহুম্মা আখ্‌রেজনা মেন্‌ জোল্‌মাতেল ওয়াহ্‌মে ওয়া আক্‌রেম্‌না বেনুরোল ফাহ্‌মে ওয়া ফাতাহ্‌ আলায়না আবওয়াবা ফাজলেকা ওয়া ইয়াচ্ছের আলায়না খাজা আনে এলমেকা ছোবহানাকা লা-এলমালানা ইল্লা আল্লামতানা ইন্নাকা আন্তাল আলিমোল হাকিম *

* দোওয়া তেজ জেহেনের খাছিয়েত *

এলেম পড়িতে যার কম জেহেন হয়॥ এই দোওয়া শিখিতে হয় লাজেম তাহায় * এক শও পঁচিশ বার পড়িবে সর্ব্বদা॥ তাহার জেহেন তেজ বখশিবেন খোদা *

* ৭ নং দোওয়া সাফেওল মরজ *

اَللّٰهُمَّ اَنْتَ الشَّافِيْ وَاَنَا الْمَرِيْضُ فَمَنْ يَّدْعُوا الْمَرِيْضَ اِلَّا الشَّافِيْ يَا رَبَّهٗ ۝

আল্লাহুর্ম্মা আন্তাশ্‌শাফি ওয়া আনা লেল মারিজে ফামাই এয়াদউ আল্‌ মারিজে ইল্লাশ্‌শাফি ইয়া রাব্বাহু *

* দোওয়া শাফিওল মারাজের খাছিয়েত *

এই দোওয়া পড়ে কালো জিরার উপরে॥ এক হপ্তা পড়ে রোজ ফুকে তার পরে * ঐ জিরা এক হপ্তা রোগীকে খেলাবে॥ খোদার ফজলে রোগী আরাম পাইবে *

* ৮ নং দোওয়া চোর ধরা *

اَلسَّارِقُ وَالسَّارِقَةُ فَاقْطَعُوْٓا اَيْدِيَهُمَا جَزَآءً بِمَا كَانُوْا يَكْسِبُوْنَ مِمَّا كَسَبَ نَكَالًا مِّنَ اللّٰهِ وَاللّٰهُ عَزِيْزٌ حَكِيْمٌ ۝

আচ্ছারেকো ওয়াচ্ছারেকাতো ফাক্‌তাউ আয়দিহোমা জ্বা-জ্বা আম বেমা কানু একছেবুন, মিম্মা কাছাবা নাকালাহু মেনাল্লাহে ওয়াল্লাহো আজিজুন হাকিম *

* দোওয়া চোর ধরার খাছিয়েত *

একটি সুপারী কেটে খান খান করে॥ এই দোওয়া সাতবার সুপারীতে পড়ে * চোরের সোবা হয় উপরে যাহার॥ ঐ সুপারী খেতে দিবে কারণে তাহার * চুরি যে করিবে তার পেটে দর্দ্দ হবে॥ দরদের সেদ্দতে চোর কবুল করিবে *

* ৯ নং হামেল খালাছের দোওয়া *

وَاَلْقَتْ مَا فِيْهَا وَتَخَلَّتْ وَاَذِنَتْ لِرَبِّهَا وَحُقَّتْ اَهْيَا وَاَشْرَا هَيًّا فلاني بنت فلاني را حمل خلاص شود ٥

অ-আল্‌কাত মা ফিহা অ-তাখাল্লাত অ-আজেনাত লেরাব্বেহা অ-হোক্কাত, আহাইয়া অ-আশরা হাইয়া ফালানি বেন্তে ফালানিরা হামেল খালাছ শোধ *

* হামেল খালাছের আছনাদ *

লাড়কা জন্মিতে দুঃখ যে নারীর হয়॥ তাহার খালাছ মোহরা জানিবে ইহায় * এই দোওয়া তিনবার পানিতে ফুকিয়া॥ সেই পানি পোয়াতিকে দিবে পেলাইয়া * পানি পেটে যাওয়া মাত্র দরদ উঠিবে॥ আল্লার ফজলে লাড়কা সেই ঘড়ি হবে *

* ১০ নং জ্বেন, পরী পেত্‌নি ছাড়াইবার চেহেল কাফ দোওয়া *

بسم الله الرحمن الرحيم ٥

كَفَاكَ رَبُّكَ كَمْ يَكْفِيْكَ وَاكِفَةً كِفْكَافُهَا كَكَمِيْنٍ كَانَ مِنْ كَلَكٍ تَكَرُّ كَرًّا كَكَرِّ الْكَرِّ فِيْ كَبِدِيْ تَحْكِيْ مُشَكْشَكَةً كَلُكْلُكٍ لَكَكَاكَفَاكَ مَا بِيْ كَفَاكَ الْكَافُ كُرْبَتَهُ يَا كَوْكَبًا كَانَ يَحْكِيْ كَوْكَبَ الْفَلَكْ ٥

* বাঙ্গালা হরফে চেহেল কাফ *

কাফাকা রাব্বোকা কাম্ ইয়্যাক্‌ফিকা ওয়া-কেফাতান কেফ্‌কা ফুহা কাকমিনা কানা মিন কালাকা তাকার্‌রো কার্রান কাকার্রিল কার্কে ফি কাবাদি তাহ্‌কি মোশাক শাকাতির কালোকলাকিন লাকানা কাফাকা ম.বি কাফাকাল কাফো কুরবাতাহু ইয়া কাওকাবা কানা ইয়াহ্‌কি কাও কাবাল ফালাকা *

* চেহেল কাফের খাছিয়েত *

যদি কাহাকে জ্বেন পরী ভুত পেতনির আছর হয় এবং না ছাড়ে, তবে এই চেহেল কাফ দোওয়া পড়িয়া সরিষার তেলে তিন ফুক দেয় পরে ঐ তৈল আছর ওয়ালার সমস্ত গায়ে মলে, খোদার ফজলে আছর রোগীকে ছাড়িয়া ত্বরায় পলাইবে পরীক্ষা করা *

* রুজি কোসাদা হইবার এছম *

* ইয়া রাজ্জাকো *

উপরোক্ত এছম ফজরের বাদে রোজ দশবার যে কেহ পড়িবে, খোদায় ফজলে তার রুজিতে বরকত দিবে॥ এছম পড়িবার আগে পিছে তিনবার দরুদ পড়িবে *

* বদ খাব না দেখার এছম *

* ইয়া মোতাকাব্বেরো *

উপরোক্ত কালাম মোবারক যে ব্যক্তি বিছানায় শুইয়া একুশবার পড়ে, সে ব্যক্তি বদ খাব দেখিবে না এবং শয়তানের দাগা হইতে বাঁচিয়া যাইবে *

* মুছিবত দুর হইবার এছম *

* ইয়া ফাত্তাহো *

উপরোক্ত কালাম ফজরের নামাজ বাদে যে দীনদার সত্তরবার পড়ে, সে কোন রঞ্জ মুছিবতে পড়িবেক না *

* মাথা ধরার এছম *

* ইয়া মুজিবো *

উপরোক্ত খোদার কালাম সাতবার কি নয়বার পাঠ করতঃ মাথায় ঝাড়া ফুক দিলে মাথা ধরা ছুটিয়া যাইবে *

* মহব্বতের এছম *

* ইয়া মোকাদ্দেরো *

উপরোক্ত এছম নব্বইবার চিনি বা মিশ্রি কিম্বা কোন মিষ্টান্ন দ্রব্যে পড়িয়া ফুক দিয়া যাহাকে খাওয়াইবে, সেই তাবেদার হইবে, অওরতকে খাওয়াইলে আশক হইবে, জেনাকারী করিবে না *

* কেতাব তামাম শোধ *

—o—

* সুচীপত্র *

—o—

প্রাপ্তিস্থান
মোহাম্মদ নুরুল ইসলাম
"ওসমানিয়া লাইব্রেরী" ৩০ নং মেছুয়া বাজর ষ্ট্রীট,
কলিকাতা॥

"আনাম প্রেস" ১৪/১৫, বাবুবাজার, ঢাকা।